চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 273 Saturday, 2 September, 2023 ✱ ২৮ বর্ষ, ২৭৩ সংখ্যা ✱ ১৫ ভাদ্র, ১৪৩০, শনিবার, ২ সেপ্টেম্বর, ২০২৩ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য– ৩ টাকা

র‍্যাগিং রুখতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রাতে পূর্ণ সময়ের এক জন আধিকারিক নিয়োগ করার প্রস্তাব দিলেন অধ্যাপকরা। ...বিস্তারিত পাতা ৩

মিড ডে মিলের বকেয়া টাকা আদায়ের দাবি সহ একাধিক দাবিদাওয়া নিয়ে চোপড়ার সিপিও অফিসে তালা মেরে অবস্থান বিক্ষোভ আইসিডিএস কর্মীদের। ...বিস্তারিত পাতা ৫


আবারও 'এক দেশ এক ভোট' (ওয়ান নেশন ওয়ান ইলেকশন) নীতি কার্যকরের পক্ষে তৎপরতা শুরু করল কেন্দ্রীয় সরকার। ...বিস্তারিত পাতা ৬

উত্তরপ্রদেশ টি-২০ টুর্নামেন্টের শুরুতেই ম্যাজিক আলিগড়ের ফিনিশার কিং রিঙ্কু সিং। মিরাট মাভেরিকসের হয়ে প্রথম ম্যাচে রিঙ্কু আইপিএলের অবতারে। ...বিস্তারিত পাতা ৮

'জোট বেঁধে লড়াই'

প্রস্তাব নিল 'ইন্ডিয়া', 'দ্রুত পা চালান' পরামর্শ মমতার

মুম্বই, ১ সেপ্টেম্বরঃ ২০২৪-এর লোকসভা ভোটে মোদি সরকারের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে লড়াইয়ের পক্ষে প্রস্তাব গ্রহণ করল 'ইন্ডিয়া'। তবে মুম্বইয়ের বৈঠকে এই সক্রান্ত প্রস্তাবে রাজনৈতিক বাস্তবতা মাথায় রেখেই বলা হয়েছে, 'যতটা সম্ভব জোট বেঁধে লড়াই' করবে জোটের ২৮টি দল। বৈঠকে মমতা বন্দ্যোপাধ্যায় জোট এবং ভোটের প্রস্তুতি নিয়ে নেতাদের দ্রুত পা চালানোর পরামর্শ দেন। মুম্বই রওনা হওয়ার আগে কলকাতায় দিন তিনেক আগে মমতা বলেছিলেন, মোদি সরকার ভোট এগিয়ে আনতে পারে। বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারও একই কথা বলেন পাটনায়। দুই নেতার বক্তব্য প্রাসঙ্গিক হয়ে উঠেছে বৃহস্পতিবার ইন্ডিয়া জোটের বৈঠক শুরুর দিনে কেন্দ্রীয় সরকার সংসদের বিশেষ অধিবেশন ডাকার সিদ্ধান্ত ঘোষণা করায়। আর শুক্রবার মোদি সরকার 'এক দেশ এক ভোট' ভাবনা বাস্তবায়নে প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বে কমিটি গড়েছে। এই ঘোষণার পর পরই বিজেপি সভাপতি জেপি নাড্ডা দেখা করেন প্রাক্তন রাষ্ট্রপতির সঙ্গে। সূত্রের খবর, মমতা বৈঠকে বলেন, ''আমাদের আরও দ্রুত লড়াইয়ে ঝাঁপাতে হবে। সরকারপক্ষ নামার আগে আমাদের নামতে হবে।'' তৃণমূল নেত্রী প্রস্তাব করেন, ২ অক্টোবর গান্ধী জয়ন্তীর দিন ইন্ডিয়া জোটের ইস্তাহার প্রকাশ করে দেওয়া হোক। এদিন বৈঠকে রাজনৈতিক নেতাদের ঠিক মাঝখানে প্রথমসারিতে দেখা গিয়েছে মমতাকে। তাঁর পাশেই দাঁড়িয়েছিলেন সোনিয়া গান্ধি। ইতিমধ্যেই কলেবরে বেড়েছে ইন্ডিয়া জোট। এখন জোটের রাজনৈতিক দলের সদস্য সংখ্যা ২৬ থেকে বেড়ে হয়েছে ২৮। আরও তিনটি দল এই জোটের শরিক হওয়ার ইচ্ছাপ্রকাশ করেছে। তাদের মধ্যে একটি শিরোমণি অকালি দল। তাদের ধীরে ধীরে ইন্ডিয়ার অন্তর্ভুক্ত করা হবে বলে সূত্রের খবর। বৈঠকে ঠিক হয়েছে যত তাড়াতাড়ি সম্ভব যৌথ কর্মসূচি ঘোষণা করা হবে। দেশের বড় শহরগুলিতে হবে জনসভা। রাহুল গান্ধির চালু করা স্লোগান, 'ভারত জুড়েগা, ইন্ডিয়া জিতেগা'কে জোটের থিম করা হবে। মুম্বইয়ের বৈঠকে শুক্রবার একটি কো-অর্ডিনেশন কমিটি গঠন করা হয়। এই কমিটিই আপাতত জোটের সর্বোচ্চ নীতি নির্ধারকের ভূমিকা পালন করবে, মুম্বইয়ে চলা 'ইন্ডিয়া' বৈঠকে এই মর্মেই সিদ্ধান্ত হয়েছে। তৃণমূলের তরফে এই কমিটিতে আছেন দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এই কমিটি ৩০ সেপ্টেম্বরের মধ্যে আসন বোঝাপড়ার কাজ শেষ করবে। এছাড়া চারটি সাব কমিটি গড়া হচ্ছে। সাব কমিটি ইস্তাহার, প্রচার, নির্বাচন সংক্রান্ত গবেষণা ইত্যাদি বিষয়ে জোটকে দিশা দেবে।

'সিবিআই-এর আগে সিআইডি নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছাতে পারবে'

দুরন্ত বার্তা, কলকাতা, ১ সেপ্টেম্বরঃ মুর্শিদাবাদের গোথা স্কুল মামলায় সিআইডির প্রাথমিক তদন্তে সন্তুষ্ট আদালত। শুক্রবারের একটি শুনানিতে কলকাতা হাইকোর্টের বিচারপতি বিশ্বজিৎ বসু বলেন, এবার ঠিক পথে তদন্ত এগোচ্ছে। তাঁর তাৎপর্যপূর্ণ মন্তব্য, ''মনে হচ্ছে সিবিআই-এর আগে সিআইডি নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছাতে পারবে।'' এদিনের শুনানিতে বিচারপতি সিআইডি-র আইনজীবীর কাছে জানতে পান, ''নথি জালিয়াতি করে যাঁরা চাকরি পেয়েছিলেন, তাঁদের চিহ্নিত করা গিয়েছে?'' সিআইডি-র আইনজীবী উত্তরে জানান, ''হ্যাঁ''। তখন বিচারপতি প্রশ্ন করেন, ''তাঁদের ডেকেছেন?'' সিআইডি-র আইনজীবী উত্তরে জানান, ''না, আমরা এখন নথি পরীক্ষা করে দেখছি।'' বিচারপতি নির্দেশ দেন, ''জেলা স্কুল পরিদর্শকদের বলুন এই শিক্ষকদের ওপর নজর রাখতে।'' প্রসঙ্গত, বাবার স্কুলেই নথি জালিয়াতি করে চাকরি পান অনিমেশ তিওয়ারি। তিনি মুর্শিদাবাদের সুতির গোঠা এ আর রহমন হাইস্কুলে শিক্ষকতা করতেন। অভিযোগ, নথি জাল করে স্কুলে চাকরি পেয়েছিলেন অনিমেশ। বিষয়টি আদালতের নজরে আসে। সিআইডি তদন্তের নির্দেশ দেন বিচারপতি বিশ্বজিৎ বসু। তদন্ত করতে একাধিকবার ওই স্কুলে যান সিআইডি আধিকারিকরা। স্কুলের নথিপত্র খতিয়ে দেখেন তাঁরা। উল্লেখ্য, অনিমেশের বাবা আবার ওই স্কুলেরই প্রধান শিক্ষক। অভিযোগ ওঠে, তিনিই প্রভাব খাটিয়ে ছেলেকে স্কুলে চাকরি করিয়ে দিয়েছেন। সেই মামলায় বিচারপতির তাৎপর্যপূর্ণ নির্দেশ ছিল, রাজ্যের অধীনস্থ সংস্থাগুলি পরস্পরকে সহযোগিতা করে কাজ করুন। সকলকে সহযোগিতা করতে হবে। সিটকে যাতে সাহায্য করে, তার জন্য কমিশনকে নির্দেশ দেন তিনি। আগামী ১৮ সেপ্টেম্বর পরবর্তী শুনানি।

'এটা কোনও জীবন সঙ্কট নয়'

দুরন্ত বার্তা, কলকাতা, ১ সেপ্টেম্বরঃ কুণাল ঘোষ সারদা মামলার অন্যতম অভিযুক্ত। জামিনে ছাড়া পেলেও বিদেশ যাত্রার ক্ষেত্রে কিছি বিধি-নিষেধ আছে তাঁর। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সফরসঙ্গী হয়ে স্পেনে যাওয়ার আবেদন নিয়েই কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন তিনি। বৃহস্পতিবার সেই মামলার শুনানি হলেও অনুমতি দেওয়া হবে কি না, তা নিয়ে কোনও নির্দেশ দেয়নি আদালত। সিবিআই বিষয়টা বিবেচনা করার জন্য সময় চেয়ে নেয় আদালতের কাছে। কিন্তু দেরী করতে রাজি নন কুণাল। দ্রুত শুনানির আবেদন জানিয়ে ফের আদালতের দ্বারস্থ হন তিনি। তবে সেই আর্জি মানতে নারাজ হাইকোর্ট। বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি গৌরাঙ্গ কান্তের ডিভিশন বেঞ্চে মামলাটি উঠেছিল বৃহস্পতিবার। কুণাল ঘোষ জানিয়েছেন, মুখ্যমন্ত্রী বাণিজ্য সম্মেলন উপলক্ষে যখন স্পেনে যাবেন, তখন তিনিও যেতে চান সঙ্গে। জামিনের শর্ত মেনেই আদালতের অনুমতি নিতে যান তিনি। কিন্তু কুণালের বিদেশ যাত্রায় আপত্তি জানায় কেন্দ্রীয় সংস্থা সিবিআই। কেন আপত্তি? জানতে চায় আদালত। এরপরই সময় চেয়ে নেয় কেন্দ্রীয় সংস্থা। আগামী ৬ সেপ্টেম্বর পরবর্তী শুনানির দিন ধার্য করা হয়। এরপরই কুণাল দাবি করেন, শুনানি এগিয়ে আনা হোক। নাহলে দেরী হয়ে যাবে। আজ, শুক্রবার মামলাটি উঠলে কুণাল ঘোষের আইনজীবী জানান ৫ সেপ্টেম্বরের শুনানি হলে ভাল হয়, নাহলে ভিসা পেতে সমস্যা হবে। বিচারপতি জয়মাল্য বাগচি বলেন, ''এটা কোনও জীবন সঙ্কটের বিষয় নয়।'' ৫ সেপ্টেম্বরেই শুনানির দিন ধার্য করা হয়েছে। সুতরাং কুণাল ঘোষের বিদেশ যাত্রা নিয়ে অনিশ্চয়তা কাটল না আপাতত। উল্লেখ্য, বৃহস্পতিবার মামলাটি উঠলে বিচারপতি প্রশ্ন তুলেছিলেন, কেন একজন অভিযুক্তকেই মুখ্যমন্ত্রীর টিমে রাখা হল? আর কি কেউ ছিলেন না? পরে অবশ্য বিচারপতি সিবিআই-এর কাছে জানতে চান, ৪-৫ দিনের জন্য যেতে দিতে অসুবিধা কোথায়।

আচার্যই কীভাবে উপাচার্য? বোসের বিরুদ্ধে 'সুপ্রিম' পদক্ষেপের পথে ব্রাত্য

দুরন্ত বার্তা, কলকাতা, ১ সেপ্টেম্বরঃ রাজ্য রাজ্যপাল সংঘাত এবার তুঙ্গে। রাজ্যপাল সিভি আনন্দ বোসের বিরুদ্ধে আইনি পদক্ষেপের পথে রাজ্য। কোন আইনের বলে আচার্য উপাচার্যের পদ সামলাতে পারেন? সেই প্রশ্ন তুললেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। আইনি পথে যাওয়ার হুঁশিয়ারি তিনি আগেই দিয়ে রেখেছিলেন। এবার রাজ্য যে সেই পথেই হাঁটছে, তা তিনি শুক্রবার স্পষ্ট করে দিলেন। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেন, ''আমি সুপ্রিম কোর্টের দৃষ্টি আকর্ষণ করতে চাই। যিনি আচার্য, তিনিই আবার উপাচার্য। কোন আইনের বলে এটা করলেন, আমার মাথায় ঢুকছে না। আমরা আইনি পদক্ষেপ করব বলে ভাবছি।'' রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির প্রশাসনিক স্তরে যে টানাপোড়েন চলছে, তার প্রত্যক্ষ প্রভাব পড়ছে শিক্ষাঙ্গনে। বৃহস্পতিবার রাত ১০টার সময়ে রাজভবন থেকে একটি প্রেস বিজ্ঞপ্তি জারি করা হয়। সেখানে বলা হয়, রাজ্যে বর্তমানে ১৪টি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নেই। রাজ্যের যে সকল বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নেই, সেখানে আচার্য তথা রাজ্যপাল তাঁর নিজ ক্ষমতাবলে অন্তবর্তীকালীন উপাচার্যের দায়িত্ব পালন করবেন। যাতে বিভিন্ন শংসাপত্র, নথি ও অন্যান্য সুবিধা পেতে ছাত্রছাত্রীদের কোনও সমস্যা না হয়। সেই বিজ্ঞপ্তিতে এটাও স্পষ্ট করে দেওয়া হয়, ছাত্রছাত্রীরা চাইলে রাজভবনে গিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করতে পারেন। বিশ্লেষকদের একাংশের মতে, এই বিজ্ঞপ্তি একেবারে সরাসরিই রাজ্য শিক্ষা দফতরকে চ্যালেঞ্জ করছে। তারপরই শিক্ষা দফতরের তরফে আইনি পদক্ষেপ করার কথা ভাবে। শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন, রাজ্য সুপ্রিম কোর্টের দ্বারস্থ হতে চলেছে।

ইন্ডিয়া জোটের ১৩ জনের সমন্বয় কমিটি, রাহুলের সঙ্গে ঠাঁই পেলেন অভিষেক

মুম্বই, ১ সেপ্টেম্বরঃ মুম্বইয়ের সান্তাক্রুজ এলাকার হোটেলে বসে ইন্ডিয়া জোটের আসর। সেখানে দেশের বিভিন্ন প্রান্ত থেকে নেতারা এসে হাজির। তবে সূত্রের খবর, সেখানে ১৩জনের একটি সমণ্বয় কমিটি তৈরি হয়েছে। অর্থাৎ ২৮টি দলের শীর্ষ নেতা নেত্রীদের সঙ্গে সমণ্বয় রক্ষা করবে এই কমিটি। কোথাও কোনও জট পাকিয়ে উঠছে কি না সেটা দেখবে এই কমিটি। আর তাৎপর্যপূর্ণভাবে সেই কমিটিতে থাকছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এবারও ইন্ডিয়া জোটের বৈঠকে তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গেই অভিষেক বন্দ্যোপাধ্যায়ও মুম্বইতে গিয়েছিলেন। তিনি আগের দিন কাকভোরে রাহুল গান্ধির বাড়িতে গিয়েও তাঁর সঙ্গে দেখা করেছিলেন বলে খবর। তবে অবশেষে জাতীয় রাজনীতিতে গুরুত্বপূর্ণ কমিটিতে নাম উঠল অভিষেকের। তৃণমূলের প্রতিনিধি হিসাবে তাঁর নাম দেওয়া হয়েছে। সব মিলিয়ে ১৩জনের কমিটি তৈরি হয়েছে। সেখানে তৃণমূলের পক্ষ থেকে থাকছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। এনসিপির পক্ষ থেকে রয়েছে শরদ পাওয়ার, কংগ্রেস দলের পক্ষ থেকে

রয়েছেন কেসি বেনুগোপাল, পিডিপির পক্ষ থেকে রয়েছে মেহেবুবা মুফতি, শিবসেনা উদ্ধব ঠাকরে গোষ্ঠীর পক্ষ থেকে রয়েছেন সঞ্জয় রাউত, ডিএমকের পক্ষ থেকে রয়েছেন এমকে স্ট্যালিন। ন্যাশানাল কনফারেন্সের পক্ষ থেকে রয়েছেন ওমর আবদুল্লাহ, আপের পক্ষ থেকে রাঘব চাড্ডা, আরজেডির পক্ষ থেকে এই কমিটিতে রয়েছেন লালু প্রসাদ যাদবের পুত্র তেজস্বী যাদব, জেএমএমের পক্ষ থেকে এই কমিটিতে রয়েছেন হেমন্ত সোরেন, সিপিআইয়ের পক্ষ থেকে এই কমিটিতে রয়েছেন ডি রাজ্য, সমাজবাদী পার্টির জাভেড আলি খান, জেডিইউর পক্ষ থেকে এই কমিটিতে রয়েছেন লালন সিংহ। ইন্ডিয়া জোটের জোরদার বৈঠক মুম্বইতে। মোদিকে পরাস্ত করতে একেবারে আদা-জল খেয়ে ময়দানে নেমেছে বিরোধী রাজনৈতিক দলের সদস্যরা। নানা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। রণকৌশল তৈরির প্রক্রিয়া চলছে পুরোদমে। বৈঠক শেষে বিরোধী নেতৃত্বরাও মুখ খুলতে শুরু করেছেন। তবে গোটা দেশ থেকে তাবড় বিরোধী নেতৃত্বকে নিয়ে তৈরি করা হয়েছে এই সমণ্বয় কমিটি।

লিপস অ্যান্ড বাউন্ডসের ১৬টি ফাইল আদালতে জমা দিন

অভিষেকের মামলায় নির্দেশ হাইকোর্টের

দুরন্ত বার্তা, কলকাতা, ১ সেপ্টেম্বরঃ লিপস অ্যান্ড বাউন্ডস কোম্পানির কম্পিউটারে ১৬টা ফাইল ডাউনলোড করে দিয়েছে ইডি! এমন অভিযোগে সরগরম রাজ্য রাজনীতি। এই নিয়ে লালবাজারেও অভিযোগ দায়ের হয়েছে। এবার সেই ১৬টি ফাইল দেখতে চাইল হাইকোর্ট। শুক্রবার নিয়োগ দুর্নীতি সংক্রান্ত অভিষেক বন্দ্যোপাধ্যায়ের করা মামলায় বিচারপতি তীর্থঙ্কর ঘোষ জানতে চান, ওই ১৬টি ফাইলে কী আছে? গত ২১ আগস্ট নিয়োগ দুর্নীতির তদন্তে লিপস অ্যান্ড বাউন্ডস সংস্থার অফিসে ম্যারাথন তল্লাশি অভিযান চালায় ইডি। তল্লাশি শেষে কোম্পানির বেশকিছু নথি নিয়ে যান ইডি আধিকারিক। তারপর ইডি এই তল্লাশি অভিযান নিয়ে একটি বিবৃতি জারি করে। তাতে সরাসরি নাম জড়িয়ে যায় অভিষেক বন্দ্যোপাধ্যায়ের। তারপরই অন্য একটি মামলায় বিচারপতি অমৃতা সিনহা ইডির থেকে জানতে চায়, অভিষেকের বিরুদ্ধে নিয়োগ দুর্নীতির তদন্তের অগ্রগতি কেমন। বৃহস্পতিবারই অভিষেক হাইকোর্টে মামলা করেন। তাঁর আইনজীবীর বক্তব্য ছিল, ইডির আবেদন খারিজের দাবিতে করা মামলা এখনও বিচারাধীন। শুনানি শেষে ওই মামলার রায়দান স্থগিত রয়েছে। তারমধ্যে একই মামলায় ফের কীভাবে ইডি তৎপর হতে পারে? পর্যবেক্ষকদের একাংশের মতে, লিপস অ্যান্ড বাউন্ডস মামলায় অভিষেককে ডাকতে পারে ইডি। তাই আগেভাগেই হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন তিনি। শুক্রবার এই মামলার শুনানিতে বিচারপতি বলেন, ''শনিবারের মধ্যে ওই ১৬টি ফাউল আদালতে জমা দিতে হবে।'' তিনি আরও বলেন, ''এই মামলায় আগেই ইসিআর বাতিলের আবেদন করা হয়েছিল। তারপর ফের নতুন করে কেন আবেদন করা হল? একই মামলা দু'টি কোর্টে চলবে তা কী করে হয়?'' তারপরই ১৬টি ফাইল চেয়ে পাঠান বিচারপতি। তিনি মন্তব্য করেন, ''এই ইস্যু শেষ করতে চাই।'' আগামীকাল অর্থাৎ শনিবার ফের এই মামলার শুনানি রয়েছে।

বেতনের পুরোটাই দিতে হবে রাজ্যকে!

আইসিডিএস নিয়ে কেন্দ্রকে দুষছেন শশী পাঁজা

দুরন্ত বার্তা, কলকাতা, ১ সেপ্টেম্বরঃ জেলায় জেলায় অঙ্গনওয়াড়ি কর্মীদের বিক্ষোভ ও অসন্তোষের ছবি ধরা পড়ছে। সবজি, ডিম কিংবা জ্বালানির জন্য বরাদ্দ টাকা গত তিন মাস ধরে থমকে রয়েছে বলে ক্ষোভ উগরে দিচ্ছেন অঙ্গনওয়াড়ি কর্মীরা। আন্দোলনের হুঁশিয়ারি উঠছে। আর এসবের মধ্যেই আইসিডিএস ইস্যুতে মুখ খুললেন রাজ্যের নারী ও শিশু কল্যাণ মন্ত্রী শশী পাঁজা। কেন্দ্রের বিরুদ্ধেই একপ্রকার সুর চড়ালেন তিনি। মন্ত্রী বলছেন, অঙ্গনওয়াড়ি সহায়িকাদের উপরে যে সরকারি অফিসাররা থাকেন, অর্থাৎ সুপারভাইজার বা সিডিপিও কিংবা জেলাস্তরের ডিপিও তাঁদের বেতন এতদিন কেন্দ্র ও রাজ্যের যৌথ উদ্যোগে দেওয়া হত। আনুপাতিক হিসেব ছিল, রাজ্য দেবে ৭৫ শতাংশ ও কেন্দ্র দেবে ২৫ শতাংশ। কিন্তু মন্ত্রীর দাবি, ১ আগস্ট কেন্দ্রের তরফে একটি বিজ্ঞপ্তি রাজ্যগুলিকে পাঠিয়ে জানিয়ে দেওয়া হয়েছে, বেতনের ২৫ শতাংশ টাকা কেন্দ্র বহন করবে না। অর্থাৎ পুরোটাই বহন করতে হবে রাজ্যকে। মন্ত্রীর দাবি, বেতনের ২৫ শতাংশের হিসেবে কেন্দ্র যে পরিমাণ অর্থ বহন করছিল, সেটা প্রায় ৮১ কোটি ৬৮ লাখ টাকা। যা এখন পুরোটাই রাজ্যকে বহন করতে হবে। বলছেন, ''এই অতিরিক্ত বোঝা চাপিয়ে দেওয়া হল রাজ্যের উপর।'' কেন এমন সিদ্ধান্ত নেওয়া হল, সেই বিষয়ে কোনও কারণ কেন্দ্রের তরফে জানানো হয়নি বলেই দাবি নারী ও শিশু কল্যাণ মন্ত্রীর। যদিও শশী পাঁজা এও জানাচ্ছেন যে কেন্দ্র ভাষা-ভাষা করে বোঝাতে চাইছে, যে পরিমাণ টাকা বেঁচে থাকছে, সেটা পরবর্তীতে আইসিডিএস-এর প্রশিক্ষণের জন্য ব্যবহার করা হবে। কোন পথে প্রশিক্ষণ চলবে, সেটাও স্পষ্ট করে কিছু বলা হয়নি বলেই দাবি মন্ত্রীর। কেন্দ্রকে কটাক্ষ করে রাজ্যের নারী ও শিশু কল্যাণ মন্ত্রী বলছেন, ''এতদিন প্রশিক্ষণের থেকে সরে দাঁড়িয়েছিল (কেন্দ্র)। উদ্দেশ্যটা খুব একটা ভাল মনে হচ্ছে না।'' তবে টাকা আটকে থাকার যে অভিযোগ উঠে আসছে জেলায় জেলায়, সেটিও দ্রুত সামাল দেওয়া যাবে বলেই জানিয়েছেন তিনি। মন্ত্রী বলছেন, ''কেন্দ্র থেকে টাকা আটকে ছিল। ১৮ আগস্ট সেই টাকা এসেছে কেন্দ্র থেকে। তারপর দ্রুত কাজ শুরু হয়েছে এবং শীঘ্রই পরিস্থিতি সামাল দেওয়া যাবে।''

এই অতিরিক্ত বোঝা চাপিয়ে দেওয়া হল রাজ্যের উপর।

যাদবপুর কাণ্ডের খুব শিগগিরই সমাধান হবে পুলিশ কমিশনার

দুরন্ত বার্তা, কলকাতা, ১ সেপ্টেম্বরঃ 'পুলিশ ডে' উপলক্ষে শুক্রবার লালবাজারে ফ্ল্যাগ অফ করলেন কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েল ও জয়েন্ট সিপি ক্রাইম শঙ্খশুভ্র চক্রবর্তী। আর সেখানেই সংবাদমাধ্যমের সামনে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ঘটে যাওয়া র‍্যাগিংকাণ্ড ও ছাত্রমৃত্যুর ঘটনা নিয়ে মুখ খুললেন কমিশনার। বললেন, ''ঘটনার তদন্ত চলছে। খুব শীঘ্রই সমাধান হবে।'' বিনীত গোয়েল বলেন, ''যাদবপুর কাণ্ডে খুব ভালভাবে তদন্ত এগোচ্ছে। এটাতে আমাদের হোমিসাইড, লোকাল পুলিশ স্টেশন যুক্ত আছে। যারা র‍্যাগিংয়ের ঘটনায় যুক্ত ছিলেন, তাঁদের অনেকেই গ্রেফতার হয়েছেন। প্রমাণ জোগাড়ের কাজ চলছে। আমার মনে হচ্ছে খুব তাড়াতাড়ি তদন্ত শেষ করে আমরা কেসটির সমাধান করতে পারব।'' সিপিকে জিজ্ঞাসা করা হয়, যাদবপুর কাণ্ডে কি আরও কেউ গ্রেফতার হতে পারেন? জবাবে তিনি বলেন, ''এখনও তো তদন্ত চলছে। এভাবে কিছু বলা যাবে না যে আরও কেউ গ্রেফতার হতে পারে কিনা। যারা ইতিমধ্যে পুলিশি হেফাজতে আছে, তাদেরকে জিজ্ঞাসাবাদ করে আরও কেউ জড়িত কিনা, তা জানার চেষ্টা চলছে। যদি আরও কেউ যুক্ত থাকে, তাহলে গ্রেফতার হবেই।'' উল্লেখ্য, যাদবপুর কাণ্ডের পর রাজ্যের একাধিক বিশ্ববিদ্যালয় থেকে র‍্যাগিংয়ের অভিযোগ আসছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের একাধিক ক্যাম্পাসে র‍্যাগিং করার অভিযোগ উঠছে সিনিয়রদের বিরুদ্ধে। সেই নিয়ে কি কোনওরকম বৈঠক হবে? সিপি জানান, ''এখনও সেরকম কিছু সিদ্ধান্ত হয়নি। তবে এমন কোনও ঘটনা ঘটলে আমাদের র‍্যাগিং বিরোধী হেল্পলাইন নম্বরে অভিযোগ জানাতে পারেন।''

আরও চারটি মেডিক্যাল কলেজ চালু করতে চায় রাজ্য, কেন্দ্রের কাছে আবেদন

দুরন্ত বার্তা, কলকাতা, ১ সেপ্টেম্বরঃ স্বাস্থ্য সচিব কেন্দ্রীয় মন্ত্রীর কাছে উল্লেখ করেছেন, রাজ্যের হাসপাতালগুলিতে রোগীদের অনুপাতে চিকিৎসকদের সংখ্যা অনেক কম রয়েছে। এই কারণে নতুন মেডিক্যাল কলেজ তৈরির প্রয়োজন হয়েছে। রাজ্যে আরও ৪টি মেডিক্যাল কলেজ খোলা যায় সে বিষয়ে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে আবেদন জানিয়েছেন স্বাস্থ্য সচিব। বর্তমানে রাজ্যে ২৩টি মেডিক্যাল কলেজ রয়েছে। কিন্তু, সেখানে প্রতিনিয়ত রোগীদের চাপ বাড়ছে। তাছাড়া প্রতিবছর রাজ্যের মেডিক্যাল কলেজ থেকে যে সমস্ত ছাত্র ছাত্রী ডাক্তারি পাশ করছে তাদের দিয়ে হাসপাতালে ডাক্তারের চাহিদা মিটছে না। এই অবস্থায় রাজ্যের আরও মেডিক্যাল কলেজ খুলতে চাইছে রাজ্য সরকার। কিছুদিন আগে একটি সরকারি অনুষ্ঠানে যোগ দিতে কলকাতা এসেছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুক মাণ্ডব্য। তাঁর সঙ্গে দেখা করে রাজ্যে নতুন মেডিক্যাল কলেজ খোলার বিষয়ে আবেদন জানিয়েছেন রাজ্যের স্বাস্থ্য সচিব নারায়ণস্বরূপ নিগম। স্বাস্থ্য সচিব কেন্দ্রীয় মন্ত্রীর কাছে উল্লেখ করেছেন, রাজ্যের হাসপাতালগুলিতে রোগীদের অনুপাতে চিকিৎসকদের সংখ্যা অনেক কম রয়েছে। এই সমস্ত কারণে নতুন মেডিক্যাল কলেজ তৈরির প্রয়োজন হয়েছে। রাজ্যে যাতে আরও ৪টি মেডিক্যাল কলেজ খোলা যায় সে বিষয়ে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে আবেদন জানিয়েছেন স্বাস্থ্য সচিব। সেই আবেদনের পরিপ্রেক্ষিতে মৌখিকভাবে সায় দিয়েছেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী। প্রসঙ্গত, রাজ্যে মানুষের চিকিৎসার সুবিধার্থে জেলায় জেলায় মাল্টি সুপারস্পেশালিটি হাসপাতাল গড়ে উঠেছে। এর পাশাপাশি জেলা ও মহকুমা হাসপাতালেও বেডের সংখ্যা বাড়ানো হয়েছে। শুধু তাই নয়, চিকিৎসার সুবিধার্থে কেন্দ্রীয় প্রকল্প ন্যাশনাল হারবাল হেলথ মিশনে ব্লকে ব্লকে সুস্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলা হচ্ছে। মানুষের চিকিৎসার সুবিধার্থে এত হাসপাতাল এবং সুস্বাস্থ্য কেন্দ্র করা হলেও তাতে প্রয়োজনের তুলনায় চিকিৎসক, নার্স এবং স্বাস্থ্যকর্মীদের সংখ্যা অনেক কম। এ জন্য প্রচুর ডাক্তার ও নার্স প্রয়োজন। প্রতি বছর মেডিক্যাল কলেজ থেকে যত ছাত্রছাত্রী ডাক্তারি পাশ করেন, তা দিয়ে সেই চাহিদা মিটছে না। সে জন্যই রাজ্যে আরও নতুন মেডিক্যাল কলেজ চালু করার দরকার আছে বলে মনে করছে স্বাস্থ্য দফতর। এবিষয়ে এক আধিকারিকদের দাবি, রাজ্যের আবেদনে সাড়া দিয়ে নতুন মেডিক্যাল কলেজ খোলায় মৌখিক সম্মতি জানিয়েছেন মাণ্ডব্য। রাজ্যের এক স্বাস্থ্যকর্তা জানিয়েছেন প্রতিটি জেলায় একটি করে মেডিক্যাল কলেজ খোলার পরিকল্পনা রয়েছে। সে লক্ষ্যে আরও নতুন মেডিক্যাল কলেজ তৈরির জন্য কেন্দ্রের কাছে আবেদন জানা হয়েছে। প্রসঙ্গত, গত জুন মাসে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক গোটা দেশে ৫০টি নতুন মেডিক্যাল কলেজ খোলার অনুমতি দিয়েছে। যার মধ্যে পশ্চিমবাংলায় দুটি নতুন মেডিক্যাল কলেজ খোলার সবুজ সংকেত দিয়েছে। সব মিলিয়ে রাজ্যে বর্তমানে সরকারি মেডিক্যাল কলেজে ৫১০০ এর বেশি মেডিক্যাল পড়ুয়াদের পড়ার ব্যবস্থা রয়েছে। সেক্ষেত্রে আরও ৪টো মেডিক্যাল কলেজ চালু হলে সাড়ে পাঁচ হাজারের বেশি মেডিক্যাল পড়ুয়াদের পড়ার ব্যবস্থা করা যাবে।

স্বর্ন প্রতিষ্ঠানে ডাকাতির ঘটনার পর, তৎপর পুলিশ প্রশাসন

গোপাল বিশ্বাস,-নদীয়াঃ সম্প্রতি নদীয়ার রানাঘাট সহ পুরুলিয়ায় প্রকাশ্য দিবালোকে এক স্বর্ন ব্যাবসায়ীক প্রতিষ্ঠানের ডাকাতির ঘটনায় সোরগোল পরে রাজ্য জুড়ে, যদিও ঘটনার কয়েক ঘন্টার মধ্যেই রানাঘাটের পুলিশ প্রশাসনের তপরতায় ডাকাত দলের মোট পাঁচ জন ধরা পরে ও উদ্ধার হয় ডাকাতি হয়ে যাওয়া নগদ অর্থ, গহনা সহ অন্যান্য সামগ্রী। আর এই ঘটনার পর যথেষ্ট তপর হয়ে ওঠে জেলা জুড়ে পুলিশ প্রশাসন।আর এই তপরতা শুধু ব্যাবসায়ীক প্রতিষ্টানকে নিয়ে নয়, সাথে রয়েছে ব্যাংক, ঋন প্রদানকারী সংস্থা সহ আর্থিক প্রতিষ্ঠানও।আর শুক্রবার সকালে নবদ্বীপ শহর, ও ব্লকের বিভিন্ন সরকারি, বেসরকরি ব্যাংক, ঋন প্রদানকারী সংস্থা সহ আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নিয়ে নবদ্বীপ থানা প্রাঙ্গনে আয়োজিত হলো এক সচেতনতা ও বিশেষ আলোচনা সভা।মূলত এদিনের সকালের এই সভাটি আয়োজিত হয় নবদ্বীপ শহর ও ব্লকের বিভিন্ন সরকারি, বেসরকারি ব্যাংক,আর্থিক প্রতিষ্ঠান,সহ ঋন প্রদানকারী সংস্থা,র দায়িত্বে থাকা আধিকারিকদের নিয়েই, এ ছা।ও স্বর্ণ ব্যাবসীদের নিয়েও এধরনের সভার আয়োজন করা হবে বলেও জানা যায় নবদ্বীপ থানা সুত্রে।এদিনের এই সভার মাধ্যমে পুলিশ প্রশাসন ও আগত আধিকারিক দের মতো বিনিময়ের মাধ্যমে উঠে আসে তাদের কিছু দাবী ও তার সমাধান, জানা যায় নবদ্বীপ থানার তরফে প্রতিদিন ব্যাংক সহ সকল আর্থিক প্রতিষ্ঠানে প্রতিদিন নিয়ম করে টহল দেবে পুলিশ প্রশাসনের তরফে, আর কারো কোন অভিযোগ বা কেন বিষয়ে জানানোর জন্য খোলা হবে একটি WhatsApp গ্রুপ, নবদ্বীপ থানার এহেন উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে আগত সকলেই।

সৌর মিশন 'আদিত্য এল-১' লঞ্চের কাউন্টডাউন শুরু

শ্রীহরিকোটা, ১ সেপ্টেম্বর ঃ দেশের মধ্যে প্রথম সৌর মিশন 'আদিত্য এল-১' উৎক্ষেপণের কাউন্ট ডাউন শুরু হয়েছে। এটি পোলার স্যাটেলাইট লঞ্চ ভেহিকেল (পিএসএলভি) থেকে উৎক্ষেপণ করা হবে।ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো) এক্স (ট্যুইটার) সূত্রে এই সুখবরটি শেয়ার করা হয়েছে। এই সংক্রান্ত পোস্টে জানানো হয়েছে, ২৩ ঘন্টা ৪০ মিনিটের 'আদিত্য এল-১' উৎক্ষেপণের কাউন্টডাউন শুক্রবার ১২টা ১০ মিনিট নাগাদ শুরু হয়েছে। আদিত্য মিশন শনিবার সকাল ১১টা ৫০ মিনিট নাগাদ চালু হবে।এই মিশনটি এমন একটা সময়ে বাস্তবায়িত হচ্ছে যখন ভারতের চন্দ্রযান-৩ মিশন ককেদিন আগে সফলভাবে তার লক্ষ্যে পৌঁছেছে। ইসরো ট্যুইটারে পোস্ট করেছে - পিএসএলভি-সি৫৭ আদিত্য এল-১ মিশন, ২০২৩ সালের ২ সেপ্টেম্বর আইএসটি সকাল ১১টা ৫০ মিনিট নাগাদ লঞ্চের জন্য কাউন্টডাউন শুরু হয় । এর আগে, ইসরোর প্রধান এস সোমনাথ সাংবাদিকদের বলেন, রকেট এবং স্যাটেলাইট প্রস্তুত। আমরা উৎক্ষেপণের জন্য মহড়া সম্পন্ন করেছি। গন্তব্যে পৌঁছাতে ১২৫ দিন সময় লাগবে।ইসরো-এর ওয়েবসাইট অনুসারে জানা গিয়েছে, আদিত্য এল-১ মহাকাশযানটি সৌর বায়ু অধ্যয়ন করার জন্য এবং সূর্যকে অন্বেষণ করতে ডিজাইন করা হয়েছে। এটি পৃথিবী থেকে প্রায় ১৫ লক্ষ কিলোমিটার দূরে। সূর্যকে অন্বেষণ করার জন্য এটি ভারতের প্রথম মিশন।ভারতের এই মিশনে সারা বিশ্বের বিজ্ঞানীরা আশা করছেন, সৌর মিশন আদিত্য এল-১-এর মাধ্যমে সংগৃহীত তথ্য বিশ্লেষণ করে তারা সূর্যের অতীত, বর্তমান এবং ভবিষ্য সম্পর্কে নতুন তথ্য পেতে পারবেন। এই তথ্য আগামী দশক এবং শতাব্দীতে পৃথিবীতে সম্ভাব্য জলবায়ু.পরিবর্তন বোঝার জন্য গুরুত্বপূর্ণ প্রমাণিত হতে পারে। শুধু তাই নয়, এই মিশন সফল হলে সূর্যের গতিশীলতা এবং

প্রজ্ঞানন্দনকে সংবর্ধনা ও অভিবাদন অনুরাগ ঠাকুরের, কেন্দ্রীয় মন্ত্রী বললেন সে দেশকে গর্বিত করেছে

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর ঃ একটুর জন্য হাতছাড়া হয়েছে সোনা। রূপোর পদক নিয়েই ঘরে ফিরেছেন ভারতীয় দাবাড়ু রমেশবাবু প্রজ্ঞানন্দ। দেশকে গর্বিত করেছেন তিনি। শুক্রবার সকালে দিল্লিতে ভারতীয় দাবা গ্র্যান্ডমাস্টার এবং ২০২৩ ফিডে বিশ্বকাপের রানার আপ আর প্রজ্ঞানন্দ এবং তাঁর বাবা-মাকে সংবর্ধনা জানিয়েছেন কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। প্রজ্ঞানন্দকে অভিবাদন জানিয়ে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, আমি তাঁকে অভিনন্দন জানিয়েছি। তিনি ভারতকে গর্বিত করেছেন। ১৬ বছর বয়সে তিনি যা করতে পেরেছেন, তা অন্যরা পারেননি। তাঁর কাছ থেকে দাবা খেলার অনুপ্রেরণা পায় অনেক তরুণ। দাবার উপত্তি ভারতে কিন্তু দেশে একটি দাবা অলিম্পিয়াড আযজেন করতে শত শত বছর লেগেছিল, যাইহোক সফলভাবে তা সংগঠিত হয়েছে।দাবাড়ু রমেশবাবু প্রজ্ঞানন্দ বলেছেন, আমরা অত্যন্ত খুশি এই সমর্থন পেয়ে। এই সমর্থন আমাদের কঠোর পরিশ্রম করতে ও টুর্নামেন্টে ভাল পারফর্ম করতে এবং দেশের জন্য খ্যাতি আনতে অনুপ্রাণিত করছে। উল্লেখ্য, গত বৃহস্পতিবার, দাবা বিশ্বকাপের ফাইনালে বিশ্বের এক নম্বর ম্যাগনাস কার্লসেনের কাছে হেরে যান ভারতের দ্বিতীয় সর্বকনিষ্ঠ গ্র্যান্ডমাস্টার। এ বারে হার মানলেও আশা হারাননি, পাখির চোখ সামনে কলকাতায় অনুষ্ঠিত হতে চলা ' ইন্ডিয়া' প্রতিযোগিতা ও এশিয়ান গেমসে।

রেশন নিয়ে অভিযোগ!জ্যোস্না মাণ্ডিকে ঘেরাও স্থানীয়দের

দুরন্ত বার্তা ,১সেপ্টেম্বরঃ রেশনে আসা খাদ্য সামগ্রীর অপ্রতুলতা, তার মান সম্পর্কে অভিযোগ নিয়ে ধূপগুড়ি উপনির্বাচনে প্রার্থীর হয়ে চা বাগানে প্রচারে এসে কার্যত ঘেরাও হলেন রাজ্যের খাদ্য দপ্তরের প্রতিমন্ত্রী জ্যোস্না মাণ্ডি। চা বলয়ের বাসিন্দাদের আরও অভিযোগ, স্থানীয় নেতৃত্বের কাছে রেশনের মান নিয়ে অভিযোগ জানালেও তাঁরা কেউ এই বিষয়ে কোনও উদ্যোগ নেন না। এইসব শুনে মন্ত্রী উদ্বেগ প্রকাশ করে মন্ত্রী জ্যোস্না মাণ্ডি জানান, চা বাগান এলাকায় রেশনের সমস্যার কথা তাঁর জানা নেই। তিনি বিষয়টি লিখে নেন। জানান, আমি বিষয়টি খতিয়ে দেখব। ধূপগুড়ি বিধানসভা উপনির্বাচনে তৃণমূল প্রার্থী নির্মলচন্দ্র রায়ের প্রচারে বৃহস্পতিবার মোগলকাটা চা বাগানে গিয়েছিলেন রাজ্যের খাদ্য প্রতিমন্ত্রী জোস্না মান্ডি। বাগানে কর্মরত শ্রমিকদের সঙ্গে কথা বলেন। সেসময়ই তাঁর কাছে সমস্ত অভিযোগ জানান। তাঁর সঙ্গে ছিলেন বানারহাট ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি সাগর গুরুং, জেলা পরিষদের সদস্য বিমল মাহালি-সহ ব্লক নেতৃত্ব। এদিন মন্ত্রী চা বাগান এলাকায় ঘুরে ভোট প্রচার করেন।অন্য দিকে শুক্রবারই ধূপগুড়ি উপনির্বাচনে বাম-কংগ্রেস জোট প্রার্থী ঈশ্বরচন্দ্র রায়ের হয়ে বড়সড় প্রচারে নামবেন অধীর চৌধুরী, মহম্মদ সেলিমরা। আর শনিবার শেষবেলার প্রচারে ঝাঁপাবেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। উল্লেখ্য, আগামী ৫ সেপ্টেম্বর ধূপগুড়িতে অনুষ্ঠিত হতে চলেছে উপনির্বাচন।

কোবিন্দ সকাশে জে পি নাড্ডা, প্রাক্তন রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ নিয়ে রাজনৈতিক মহলে গুঞ্জন

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর ঃ প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের সঙ্গে সাক্ষা করলেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগ প্রকাশ নাড্ডা। শুক্রবার দিল্লিতে কোবিন্দের বাসভবনে গিয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ করেছেন নাড্ডা। উভয়ের মধ্যে বেশ কিছু সময় কথাও হয়েছে, তবে কী কী বিষয়ে কথা হয়েছে, তা অজানা। প্রাক্তন রাষ্ট্রপতির সঙ্গে বিজেপির সর্বভারতীয় সভাপতির সাক্ষাৎ নিয়ে রাজনৈতিক মহলে শুরু হয়েছে গুঞ্জন।প্রসঙ্গত, লোকসভা নির্বাচনের মাস সাতেক আগে আবারও ' দেশ এক ভোট' (ওয়ান নেশন ওয়ান ইলেকশন) নীতি কার্যকরের পক্ষে তৎপরতা শুরু করেছে কেন্দ্র। ওই নীতি কার্যকরের দিকগুলি খতিয়ে দেখার জন্য আইন কমিশনের সঙ্গে ইতিমধ্যেই কেন্দ্রের কয়েক দফা আলোচনা হয়েছে বলে সরকারি একটি সূত্রের খবর। সেই আলোচনার ভিত্তিতে ' এক দেশ এক ভোট' নীতি কার্যকরের দিশা খুঁজতে একটি কমিটি গঠন করেছে মোদী সরকার। সেই কমিটির নেতৃত্বে রয়েছেন দেশের প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। এই খবর প্রকাশ্যে আসতেই রামনাথ কোবিন্দের সঙ্গে সাক্ষা করলেন নাড্ডা।এদিকে, 'এক দেশ এক ভোট' (ওয়ান নেশন ওয়ান ইলেকশন) নীতি প্রসঙ্গে সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ যোশী বলেছেন, এই মুহূর্তে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির রিপোর্ট আসবে যা নিয়ে আলোচনা হবে। সংসদ পরিপক্ক এবং আলোচনা হবে, ঘাবড়ে যায়ার দরকার নেই...ভারতকে গণতন্ত্রের জননী বলা হয়, সেখানে বিবত´ন আছে...আমি সংসদের বিশেষ অধিবেশনের এজেন্ডা নিয়ে আলোচনা করব।

বিশ্বব্যাপী মেয়েদের ফুটবল খেলার আত্মবিশ্বাস বাড়াতে ফিফার সাথে 'ব্রেকিং লিমিটস গার্লস ক্যান' - সিরিজ শুরু করেছে রেক্সোনা

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর ঃ রেক্সোনা ইন্ডিয়া, একটি শক্তিশালী আর্ট ইনস্টলেশন সমন্বিত ডিজিটাল এবং সামাজিক প্রচারাভিযান দ্বারা হাইলাইট করেছে যে ভারতে ১ এরও কম মেয়েরা ফুটবলে অংশগ্রহণ করেKolkata, কত্মঞ্জত্মন্ত ৩১ত, ২০২৩ঃবিশ্বের শীর্ষস্থানীয় ডিওড্রেন্ট ব্র্যান্ড রেক্সোনা (নিলসেন আইকিউ দ্বারা ভেরিফাইড), ফিফার (FIFA)-এর মহিলা ফুটবল উদ্দেশ্যগুলির সমর্থনে আরও মেয়েদের ফুটবল খেলতে উসাহিত করার জন্য, ভারতে ব্রেকিং লিমিটসঃগার্লস ক্যান সিরিজ লঞ্চ করেছে। রেক্সোনা জানে যে সমাজে প্রত্যেকের তাদের ইচ্ছামতো চলাফেরা করার আত্মবিশ্বাস নেই, তবে তারা এখনও বিশ্বাস করে যে আন্দোলন জীবনকে উন্নত করার ক্ষমতা রাখে। রেক্সোনার মিশন শুধু ডিওড্রেন্ট দিয়ে মানুষকে সতেজ রাখাই নয় বরং এটি আত্মবিশ্বাসকে পুনরায় সংজ্ঞায়িত করার লক্ষ্য নিয়ে অন্তর্ভুক্তি এবং পরিবর্তনের প্রচার করে।এই উদ্দেশ্যটিকে আরও এগিয়ে নিতে, রেক্সোনা, ব্রেকিং লিমিটস' প্রোগ্রাম শুরু করেছে, এটি একটি বিনামূল্যে ডিজিটাল প্রশিক্ষণ সিরিজ যার লক্ষ্য হল প্রশিক্ষক, কমিউনিটি লিডার এবং পরামর্শদাতাদের কে আন্দোলন-ভিত্তিক প্রোগ্রামের মাধ্যমে কিশোর-কিশোরীদের মধ্যে আত্মবিশ্বাস এবং সুযোগ তৈরি করার জন্য প্রস্তুত করা। এই নতুন গার্লস ক্যান সিরিজটি মেয়েদের নিরাপদ পরিবেশ প্রতিষ্ঠা, আত্ম-সম্মান বৃদ্ধি এবং সমস্ত জাতিসত্তার জন্য অন্তর্ভুক্তি নিশ্চিত করার উপর ও ফোকাস করেছে।রেক্সোনার নতুন ক্যাম্পেইন শুরু হচ্ছে এই সপ্তাহে। আশ্চর্যজনকভাবে, ভারতীয় মেয়েদের মধ্যে ১ এরও কম ফুটবল খেলে। এই ব্যবধানটি কলকাতার একটি শিল্পকর্মে মর্মস্পর্শীভাবে চিত্রিত করা হয়েছে যেখানে একশত সাদা জার্সির মধ্যে একটি গোলাপী শার্ট রয়েছে, যা শীর্ষ ১ প্রতিনিধিত্ব করে। জাতীয় ভারতীয় মহিলা দলের গোলকীপার অদিতি চৌহান, এবং ইনফ্লুয়েন্সাররা ইনস্টলেশনের সাথে ইন্টারঅ্যাক্ট করেছেন এবং বার্তাটিকে আরও ছড়িয়ে দিয়েছেন। প্রচারাভিযানের ভিডিওটি সন্ধ্যা ডেইজি সুন্দরম দ্বারা পরিচালিত হয়েছিল, যেখানে অল্পবয়সী মেয়েদের সত্যিকারের বিবরণ দেখানো হয়েছে যারা পুরুষদের ফুটবল খেলতে দেখে এবং এমন একটি সংস্কৃতি ও ক্ষেত্রে সমান সুযোগ পাওয়ার ক্ষেত্রে তারা যে অসুবিধার সম্মুখীন হয় তা তুলে ধরে যেখানে খুব কম মহিলাই সফল হয়েছেন। সম্প্রতি প্রদর্শিত আর্ট পিস চরিত্র গুলিকে তাদের কৃতিত্ব, স্মৃতি এবং অনুভূতির মাধ্যমে পরিবহন করে, একটি আকর্ষণীয় অভিজ্ঞতা তৈরি করেছে।জাতীয় ভারতীয় মহিলা দলের গোলকিপার অদিতি চৌহান বলেছেন, আমি রেক্সোনা ইন্ডিয়ার সাথে কাজ করতে পেরে আনন্দিত, যা তরুণীদের আত্মবিশ্বাসের সাথে ফুটবল মাঠে প্রবেশ করতে উৎসাহিত করে। এই পার্টনারশিপ আমার নিষ্ঠার সাথে সম্পূর্ণভাবে সারিবদ্ধ, যা বিভিন্ন বাধাগুলি ভাঙতে এবং মেয়েদের ফুটবল খেলা কে উৎসাহিত করার এবং অন্যান্য সামাজিক নিয়মগুলি প্রত্যাখ্যান করতে পথ তৈরি করে। একসাথে, আমরা এমন একটি ভবিষ্যত তৈরি করতে পারি যেখানে প্রতিটি মেয়ের খেলাধুলার প্রতি ভালবাসাকে সমর্থন, অনুপ্রেরণা, দিকনির্দেশনা এবং সুযোগ থাকবে।হেড ইন্ডিয়া ওরাল কেয়ার অ্যান্ড ডিও, অশ্বথ স্বামীনাথন বলেছেন, রেক্সোনা এমন একটি কোম্পানি যা খেলাধুলার রূপান্তরকারী শক্তিতে বিশ্বাস করে, যা তরুণ নারীর ক্ষমতায়ন এবং স্টেরিওটাইপ গুলো ভেঙে ফেলার জন্য একটি ফুটবলের দুর্দান্ত প্ল্যাটফর্ম প্রদান করে। আমরা মহিলাদের ফুটবল খেলতে উৎসাহিত করতে প্রতিশ্রুতিবদ্ধ কারণ আমরা বিশ্বাস করি যে তাদের অন্য সবার মতো একই সুযোগ এবং সম্মান দেওয়া উচিত। আমাদের প্রোগ্রাম গুলোর মাধ্যমে, আমরা সামাজিক কলঙ্ক দূর করতে এবং এই তরুণ মহিলা ক্রীড়াবিদদের অনুপ্রাণিত করার আশা করি, তাদের বোঝাতে চাই যে তারা কখনই একা নয়। রেক্সোনা মেয়েদের জন্য অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করে, যা মেয়েদেরকে স্বপ্ন দেখতে এবং সমস্ত বাধা সত্ত্বেও মহানতা অর্জন করতে অনুপ্রাণিত করে।রেক্সোনা গ্লোবাল ব্র্যান্ডের ভিপি, ক্যাথরিন সোয়ালো বলেছেন, বিশ্বের শীর্ষস্থানীয় অ্যান্টি পারস্পিরে এবং ডিওডোরেন্ট ব্র্যান্ড হিসাবে আমরা আন্দোলনের অন্তর্ভুক্তি প্রচার করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা এমন একটি সমাজ প্রতিষ্ঠা করতে চাই যেখানে প্রতিটি মেয়ের ফুটবল খেলার ক্ষমতা এবং আত্ম নিশ্চযতা থাকবে। ফুটবলে মানুষকে একত্রিত করার এবং সহযোগিতাকে উসাহিত করার জন্য অসাধারণ সম্ভাবনা রয়েছে। এই কারণেই আমরা এই উচ্চাকাঙ্ক্ষার দিকে একটি সাহসী পদক্ষেপ হিসাবে ভারতে ব্রেকিং লিমিটস প্রোগ্রাম শুরু করতে পেরে উত্তেজিত।দ্য ব্রেকিং লিমিটসঃগার্লস ক্যান সিরিজটির মাধ্যমে রেক্সোনা বিশ্ব জুড়ে ভালো পরিবর্তন নিয়ে আসতে সাহায্য করবে এবং কোম্পানিটি নিশ্চিত করবে যে তরুণরা সমস্ত বাধা অতিক্রম করে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুপ্রাণিত করে তাদের কল্পনা করা ভবিষ্যত গড়ে তুলতে পারে।

ভারত মনে করে বাংলাদেশের ক্রমবর্ধমান সক্ষমতা জি-২০ সম্মেলনে অবদান রাখবেঃভার্মা

শ্যামল সান্যাল, ঢাকা,ঃভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা বলেছেন, নয়াদিল্লি মনে করে যে, বাংলাদেশের উন্নয়ন অভিজ্ঞতাএবং ক্রমবর্ধমান সক্ষমতা জি-২০ আলোচনায় মূল্যবান অবদান রাখবে।আগামী ৯-১০ সেপ্টেম্বর ভারতের সভাপতিত্বে নয়াদিল্লিতে অনুষ্ঠেয় জি-২০ সম্মেলনে ঢাকার অংশগ্রহণ উপলক্ষে আজ রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত ' সামিটঃঢাকা থেকে নয়াদিল্লি'শীর্ষক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন।হাইকমিশনার বলেন, এই বছর ভারতের সভাপতিত্বে জি-২০ সম্মলনে অতিথি দেশ হিসেবে বাংলাদেশের অংশগ্রহণের জন্য ভারতের আমন্ত্রণ শুধুমাত্র ঘনিষ্ঠ বন্ধু ও অংশীদার হিসেবে বাংলাদেশের প্রতি ভারত যে গুরুত্ব দেয় শুধু সেটিই প্রতিফলিত করে তা নয়,বরং বাংলাদেশের উল্লেখযোগ্য উন্নয়ন অগ্রযাত্রাকেও তুলে ধরে।সারা বছর ধরে বিভিন্ন প্লাটফর্মে সক্রিয়ভাবে যোগ দিয়ে জি-২০ আলোচনা সমৃদ্ধ করতে এবং ভারতের জি-২০'তে সভাপতিত্বকে সাফল্যমন্ডিত করার জন্য ভার্মা ভারতের নিকটতম প্রতিবেশী ও সবচেয়ে ঘনিষ্ঠ বন্ধু হিসাবে বাংলাদেশকে ধন্যবাদ জানান।হাইকমিশনার বলেন, ভারতের সভাপতিত্বে এমন এক সময়ে জি-২০সম্মেলন হচ্ছে যখন বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারীর ধকল পুনরুদ্ধারের চেষ্টা চলছে এবং অর্থনৈতিক মন্দা ও বৈশ্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে অনিশ্চয়তাসহ অনেক চ্যালেঞ্জ মোকাবেলা করতে হচ্ছে।তিনি সরবরাহ ব্যবস্থায় বিঘ্ন,জলবায়ু পরিবর্তন,খাদ্য ও জ্বালানি নিরাপত্তা ঝুঁকি,ভূ রাজনৈতিক অনিশ্চয়তা, মূল্যস্ফীতি এবংঋণ সংকটকে বর্তমান বৈশ্বিক চ্যালেঞ্জ হিসেবে চিহ্নিত করেন।এই কঠিন সময়ে জি-২০সম্মেলনের এজেন্ডা নির্ধারণ সার্বিক কল্যাণে বৈশ্বিক প্রচেষ্টায় নেতৃত্ব দেওয়ার জন্য ভারতের সক্ষমতার একটি গুরুত্বপূর্ণস্বীকৃতি হচ্ছে জি-২০ প্রেসিডেন্সি।ভার্মা বলেন,ভারত গ্লোবাল সাউথের আকাঙ্খা ও দৃষ্টিভঙ্গিসমূহকে জি-২০-এর অগ্রাধিকার ও আলোচনায় নিয়ে আসার জন্য বিশেষ প্রচেষ্টা চালিয়েছে।তিনিএ লক্ষ্যে চলতি বছর জি-২০ সম্মেলনে বাংলাদেশের অংশগ্রহণকে একটি মূল্যবান অবদান বলে বর্ণনা করেন।আজকের অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী ড.এ কে আব্দুল মোমেন, অ্যাম্বেসেডর-অ্যাট-লার্জ ও বাংলাদেশের জি-২০ শেরপা মোহাম্মদ জিয়াউদ্দিনের পাশাপাশি কূটনৈতিক কোরের সদস্যরা এবং বাংলাদেশের পররাষ্ট্র ও অন্যান্য মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।ভারতের জি-২০ প্রেসিডেন্সির তিনটি প্রধান অগ্রাধিকার বিষয় নিয়ে অনুষ্ঠানে কূটনীতিক,কর্মকর্তা এবং বিশেষজ্ঞরা প্যানেল আলোচনায় অংশ নেন। এগুলো হলো-নারী নেতৃত্বের উন্নয়ন,ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার এবং লাইফস্টাইল ফর এনভায়রনমেন্ট (লাইফ) এবং সবুজ উন্নয়ন

দেশের ভালোর জন্য আমরা লড়াই করছিঃমমতা বন্দ্যোপাধ্যায়

মুম্বই, ১ সেপ্টেম্বর ঃ দেশের ভালোর জন্য আমরা লড়াই করছি, শুক্রবার 'ইন্ডিয়া' জোটের দ্বিতীয় দিনের বৈঠকের প্রাক্কালে বললেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার সকালে মুম্বইয়ের গ্র্যান্ড হায়াত হোটেলে সাংবাদিকদের নানা ধরনের প্রশ্নের মধ্যেই, মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, দেশের ভালোর জন্য আমরা লড়াই করছি।'ইন্ডিয়া' জোটের দ্বিতীয় দিনের বৈঠকে যোগ দিতে এদিন এসেছেন কংগ্রেসের সোনিয়া গান্ধী, মল্লিকার্জুন খাড়গে, রাহুল গান্ধী, পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান, সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব, ন্যাশনাল কনফারেন্সের ফারুক আব্দুল্লাহ, ওমর আবদুল্লাহ প্রমুখ। দ্বিতীয় দিনের বৈঠকে যোগ দিতে এসেছেন আরজেডির লালুপ্রসাদ যাদব, তেজস্বী যাদবও।

বিজেপি ক্ষমতায় আসার পর থেকে সংসদ ক্রমশ অনাবশ্যক হয়ে উঠছে ঃডি রাজা

মুম্বই, ১ সেপ্টেম্বর ঃ সংসদের বিশেষ অধিবেশন ডাকা নিয়ে বিজেপির বিরুদ্ধে তোপ দাগলেন সিপিআই-এর সাধারণ সম্পাদক ডি রাজা। তিনি বলেছেন, বিজেপি ক্ষমতায় আসার পর থেকে সংসদ ক্রমশ অনাবশ্যক হয়ে উঠছে। শুক্রবার সকালে মুম্বইয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে ডি রাজা বলেছেন, নানা ধরনের জল্পনা-কল্পনা রয়েছে। সংসদের বিশেষ অধিবেশন আহ্বান করেছে সরকার। বিষয়গুলো কি? এজেন্ডা কি হতে চলেছে? কেউ জানে না, কিন্তু জল্পনা আছে। কিন্তু আমরা সেই জল্পনা-কল্পনার মুখোমুখি হব। কারণ যখন থেকে বিজেপি ক্ষমতায় এসেছে, সংসদ ক্রমশ অনাবশ্যক হয়ে উঠছে... একটা বিষয় খুবই স্পষ্ট, বিজেপি এবং প্রধানমন্ত্রী মোদী মরিয়া এবং তাঁরা নির্বাচনের মুখোমুখি হতে আত্মবিশ্বাসী নন। ইন্ডিয়া জোট দেখার পর তাঁরা ভয় পেয়েছে।জাতীয় রাজনীতিতে কান পাতলে শোনা যাচ্ছে, 'এক দেশ এক নির্বাচন'-এর সম্ভাবনা খতিয়ে দেখতে একটি কমিটি গঠন করতে চলেছে কেন্দ্রীয় সরকার। এ প্রসঙ্গে সিপিআই সাধারণ সম্পাদক ডি রাজা বলেছেন, রাজনৈতিক দল ও সংসদের সঙ্গে আলোচনা ছাড়া সরকার কীভাবে একতরফা সিদ্ধান্ত নিতে পারে? এদিন বিজেপিকে আক্রমণ করেছেন সিপিআই নেতা বিনয় বিশ্বমও। তিনি দাবি করে বলেছেন, মানুষ পরিবর্তন চায় এবং সেই পরিবর্তন নিশ্চিত। ইন্ডিয়া জোট সেই পরিবর্তনের হাতিয়ার।

কমনওয়েলথ গেমস ফেডারেশনের নির্বাচনে লড়বেন পিটি উষা

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর ঃআগামী নভেম্বরে সিঙ্গাপুরে কমনওয়েলথ গেমস ফেডারেশনের নির্বাচন। সেই নির্বাচনে ভারতের হয়ে লড়াই করবেন ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশনের প্রধান পিটি উষা। তিনি লড়াই করবেন কমনওয়েলথ গেমস ফেডারেশনের ভাইস প্রেসিডেন্ট পদে। কমনওয়েলথ গেমস ফেডারেশনের পক্ষ থেকে শর্ট লিস্টেড প্রার্থীদের নাম ঘোষণা করা হয়েছে। আগামী ১৪ ও ১৫ ই নভেম্বর সিঙ্গাপুরে কমনওয়েলথ গেমস ফেডারেশনের সভায় প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট, রিজিওনাল ভাইস প্রেসিডেন্ট এবং স্পোর্টস কমিটি মেম্বার্সের পদে নির্বাচন হবে। পি টি উষা ভাইস প্রেসিডেন্ট পদে লড়াই করবেন আইল্যান্ডের হিউ গ্রাহাম, দক্ষিণ আফ্রিকার বেরি হেনড্রিকস, বার্বাডোজের স্যান্ড্রা ওসবর্ন, কানাডার রিচার্ড পাওয়ার্স, স্কটল্যান্ডের ইয়ান রেইড এবং উগান্ডার ড. ডোনাল্ড রুকারের সঙ্গে। উল্লেখ্য গতবছর ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশনের প্রধান হন পিটি উষা।

১৯৯৫-এর জোড়া খুনের মামলাঃপ্রভুনাথ সিংকে যাবজ্জীবন কারাদণ্ড দিল সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর ঃ জোড়া খুনের মামলায় বিহারের রাজনীতিবিদ তথা প্রাক্তন আরজেডি নেতা প্রভুনাথ সিংকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করল সুপ্রিম কোর্ট। ১৯৯৫ সালের এই জোড়া খুন মামলায় শুক্রবার সাজা ঘোষণা করেছে সুপ্রিম কোর্ট। সুপ্রিম কোর্ট প্রভুনাথ সিং এবং বিহার সরকারকে ক্ষতিগ্রস্তদের ১০ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ারও নির্দেশ দিয়েছে। ১৯৯৫ সালের জোড়া খুনের মামলায় চারবারের বিহারের সাংসদ প্রভুনাথ সিংকে গত ১৮ আগস্ট সুপ্রিম কোর্ট দোষী সাব্যস্ত করেছিল।পয়লা সেপ্টেম্বর সুপ্রিম কোর্ট প্রভুনাথ সিংকে হাজিরার নির্দেশ দিয়েছিল। যদিও, প্রভুনাথ সিং এদিন ভার্চুয়ালি হাজিরা দেন। প্রভুনাথ সিং ইতিমধ্যেই অন্য একটি খুনের মামলায় যাবজ্জীবন কারাদণ্ডে হাজারীবাগ কারাগারে বন্দি রয়েছে। উল্লেখ্য, প্রভুনাথের বিরুদ্ধে ১৯৯৫ সালের ২৩ আগস্ট বিধানসভা ভোট চলাকালীন ৪৭ বছরের দারোগা রায় এবং ১৮ বছরের রাজেন্দ্র রায়কে খুনের অভিযোগ ছিল। অভিযোগ, প্রভুনাথের ঠিক করে দেওয়া প্রার্থীকে ভোট না দেওয়ায় তাঁদের খুন হতে হয়। নিম্ন আদালত হয়ে সেই মামলা পৌঁছয় পটনা হাইকোর্টে। ২০০৮ সালে প্রমাণের অভাবে হাইকোর্ট প্রভুনাথকে বেকসুর খালাস করে দেয়। সেই মামলাতেই ১৮ আগস্ট দোষী সাব্যস্ত হন প্রাক্তন আরজেডি নেতা। শুক্রবার সুপ্রিম কোর্ট প্রভুনাথকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিয়েছে।

ভারতের প্রবৃদ্ধির উচ্চ হার, বিরোধী জোটের বৈঠককে একহাত শুভেন্দুর

কলকাতা, ১ সেপ্টেম্বরঃ ভারতকে বিশ্বের সবচেয়ে দ্রুত বর্ধনশীল প্রধান অর্থনীতির দেশ বলে চিহ্নিত করে মুম্বাইয়ের পাঁচতারা হোটেলে বিরোধী জোটের বৈঠককে একহাত নিলেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।শুক্রবার তিনি টুইটারে লিখেছেন, চিত্তাকর্ষক জিডিপি বৃদ্ধি আমাদের দেশকে বিশ্বের সবচেয়ে দ্রুত বর্ধনশীল প্রধান অর্থনীতিতে পরিণত করছে। এটি মাননীয. প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীজি-র সাহসী ও দূরদর্শী নেতৃত্বের প্রতিফলন।তিন মাসের (এপ্রিল-জুন, ২০২৩) গ্রস ডোমেস্টিক প্রোডাক্টে মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া ও ইন্দোনেশিয়ার প্রবৃদ্ধির হার যথাক্রমে ২.৪, ৪.৯ ও ৫.২। জাপান, চিন ও ভারতের হার যথাক্রমে ৬.০, ৬.৩ ও ৭.২। এই লেখচিত্র যুক্ত করে শুভেন্দুবাবু লিখেছেন, মুম্বাইয়ের গ্র্যান্ড হায়াত হোটেলে প্রচার করা হতাশাবাদীরা অবশ্যই হতাশায় তাঁদের মাথা খোঁচাচ্ছে। কারণ উচ্চ জিডিপি প্রবৃদ্ধি অর্থনীতি সম্পর্কে তাদের জাল আখ্যানকে ভেঙ্গে ফেলে এবং বিকল্প হিসাবে নিজেদের উপস্থাপন করার তাদের প্রচেষ্টাকে বাতিল করছে।

২ সেপ্টেম্বর দুল্লভছড়ায় সিএম কাপ টি ট্রাইবস ও আদিবাসী ফুটবল টুর্নামেন্ট

করিমগঞ্জ (অসম), ১সেপ্টেম্বরঃ ২ সেপ্টেম্বর করিমগঞ্জ জেলার অন্তর্গত দুল্লভছড়া চা বাগানের খেলার মাঠে ১৯ অনূর্ধ্ব সিএম কাপ টি ট্রাইবস ও আদিবাসী ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে।করিমগঞ্জ জেলা ক্রীড়া আধিকারিক কার্যালয়ের উদ্যোগে ২ সেপ্টেম্বর গত শনিবার সকাল ৯-টা থেকে বেলা ২-টা পর্যন্ত ওই ফুটবল টুর্নামেন্ট চলবে। এতে চন্দ্রকান্ত সিনহাকে টুর্নামেন্টের ভেনু ইনচার্জ হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে বলে জেলা ক্রীড়া আধিকারিক জানিয়েছেন। তাঁর মোবাইল ফোনের নম্বর ৯৪৩৫৩৭৭৩৮৪।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২সেপ্টেম্বর ঃশুক্রবার, ১৫ভাদ্র মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২সেপ্টেম্বর ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ১৫ ভাদ্র মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১৫ ভাদ্র মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ ১৫ ভাদ্র মাস ১৯৪৪, মৈতৈঃ ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০.৫ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৪.০৫ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯১শতকরা এবং ৬৬শতকরা। বৃষ্টি হয়েছে শুক্রবার । জোয়ার-সকাল ৭টা ২০ মিনিট এবং রাত৭টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৭টা ২০মিনিট। রাত-৭টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৫ টা ১৯মনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ১২ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃকোন আধ্যাত্মিক ব্যক্তি আশীর্বাদ করবেন এবং মানসিক শান্তি আনবেন।সংসারে শান্তি।

বৃষভ রাশিঃআধ্যাত্মিকের পাশাপাশি শারীরিক উন্নতির জন্য ধ্যান এবং যোগ চর্চা করা লাভজনক প্রমাণিত হবে।

মিথুন রাশিঃআপনি আপনার শারীরিক মনোবল বজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময়

কর্কট রাশিঃস্বাস্থ্য সু ন্দর থাকবে। আপনার নিষ্ঠা ও কঠোর পরিশ্রম দৃষ্টি গোচর হবে এবং আজ আপনার জন্য কিছু আর্থিক পুরস্কার নিয়ে আস্তে পারে।।

সিংহ রাশিঃআপনার মন ভাল জিনিষের প্রতি আগ্রহী হবে। ব্যবসায়িক কৃতিত্বের জন্য যাঁরা আপনার কাছে আসে তাঁদেরকে শুধু উপেক্ষা করুন।শুভদিন।

কন্যা রাশিঃআজ আপনার উচ্চ প্রত্যয় সদ্ব্যবহারে লাগানোর চেষ্টা করুন। এক ধকলসাধ্য দিন হওয়া সত্ত্বেও আপনি আপনার প্রাণশক্তি সঞ্চয় সমর্থ হবেন।শুভদিন।

তুলা রাশিঃআপনার জন্য নিছকই আনঃদ এবং মজা-যেহেতু আপনি পূর্ণমাত্রায় জীবন উপভোগ করতে নেমে পড়েছেন।

বৃশ্চিক রাশিঃআপনার ঈর্ষাপরায়ণ ব্যবহার আপনাকে দু ঃখিত এবং অবসাদগ্রস্থ করতে পারে।

ধনু রাশিঃআজ আপনার প্রত্যয় বাড়বে এবং উন্নতি নিশ্চিত। আজ কোনও নিকট আত্মীয়ের

মকর রাশিঃকফি ছাড়ুন বিশেষ করে হার্টের রোগীরা। উপরি টাকা জমিবাড়িতে বিনিয়োগ করা উচিত। আপনার বাবা মায়ের সাথে খুশি ভাগ করে নিন।

কুম্ভ রাশিঃ আপনার ব্যক্তিত্ব আজ একটি সুগন্ধি মত কাজ করবে। যারা ক্ষুদ্রতর ব্যবসায় পরিচালনা

মীন রাশিঃসামঞ্জস্যপূর্ণ ব্যাক্তিত্ব তৈরী করুন যাতে ঘৃণা ভাবকে দমন করা যায় কারণ ঘৃণা হলো ভালোবাসার চেয়েও শক্তিশালী আর তাতে শরীরের অসীম ক্ষতি হয়। মনে রাখবেন ভালোর চেয়ে মঃদের প্রভাব বেশী। বিনিয়োগের পরামর্শ দেওয়া হচ্ছে কিন্তু সঠিক উপদেশের খোঁজ করুন। যদি

দুয়ারে সরকার'-এর কাজে শিক্ষকেরা, পঠনপাঠনে ছেদ পরতে পারে পুরস্কুল গুলিতে

দুরন্ত বার্তা ,কলকাতা, ১ সেপ্টেম্বর ঃ ১লা সেপ্টেম্বর থেকে দুয়ারে সরকার' শুরু হতে চলেছে কলকাতা পুরসভা এলাকা গুলিতে। এই প্রকল্পের জন্য এ বারও কাজে নিযুক্ত হবেন পুরকর্মীরা, এ কথা আগেই জানিয়েছিলেন পুরসভার চিফ ম্যানেজার (পার্সোনেল)। পুরসভার পার্সোনেল বিভাগ সূত্রের খবর, এই কাজে এ বার মোট ৮০৯ জন পুরকর্মীকে নেওয়া হচ্ছে। কিন্তু এক দিকে যেখানে পুরসভায় প্রবল কর্মী-সঙ্কট, সেখানে দুয়ারে সরকারের জন্য বিপুল সংখ্যক কর্মীকে তুলে নেওয়ায় একাধিক বিভাগের কাজে সমস্যা হবে বলে অভিযোগ। বিশেষত, পুরসভা পরিচালিত প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষকের সংখ্যা এমনিতেই নগণ্য। তার উপরে প্রায় ১৫০ জন শিক্ষককে দুয়ারে সরকারের কাজে লাগানো হলে ওই সব স্কুলে পঠনপাঠন বিঘ্নিত হওয়ার আশঙ্কা রয়েছে।উল্লেখ্য, এর জন্য কাজে নেওয়া মোট ৮০৯ জন পুরকর্মীর অধিকাংশকেই নেওয়া হয়েছে শিক্ষা বিভাগ থেকে। পুরসভা পরিচালিত প্রাথমিক বিদ্যালয়গুলির শিক্ষকেরা জানাচ্ছেন, এখনও স্কুলে পরীক্ষা চলছে। কোথাও কোথাও মাত্র দু'-চার জন শিক্ষক মিলেই আস্ত স্কুল চালান। এমতাবস্থায় ওই সব স্কুল থেকে এক জন শিক্ষক শিবিরের কাজে চলে গেলে স্কুল চালানোই কঠিন হয়ে পড়বে বলে আশঙ্কা করছেন তাঁরা।পুরসভার মেয়র পারিষদ (শিক্ষা) সন্দীপন সাহার অবশ্য দাবি, স্কুলের পঠনপাঠন যাতে বিঘ্নিত না হয়, সেই ভাবেই শিক্ষকদের দুয়ারে সরকারের জন্য নেওয়া হয়েছে। এই শিবিরেরও প্রয়োজনীয়তা রয়েছে। এখানে পুর শিক্ষকদের কাজে লাগানোয় কোনও সমস্যা হবে না।''

যাদবপুরে র‍্যাগিং রুখতে একাধিক পদক্ষেপ করার প্রস্তাব

দুরন্ত বার্তা, কলকাতা, ১ সেপ্টেম্বর ঃ র‍্যাগিং রুখতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রাতে পূর্ণ সময়ের এক জন আধিকারিক নিয়োগ করার প্রস্তাব দিলেন অধ্যাপকরা। পাশাপাশি, বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তার ভার প্রাক্তন সেনাকর্মীদের হাতে তুলে দেওয়ার বিষয়ে তাঁরা যে রাজি নন, সে কথাও জানাল অধ্যাপকদের সংগঠন জুটা'। শুক্রবার বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষের প্রতিনিধির সঙ্গে বৈঠকে বসেন অস্থায়ী উপাচার্য ডঃ বুদ্ধদেব সাউ। সেই বৈঠক থেকে বেরিয়ে এ কথাই জানিয়েছে অধ্যাপকদের সংগঠন। র‍্যাগিং মোকাবিলায় একাধিক প্রস্তাব দিয়েছেন অধ্যাপকরা। বিশ্ববিদ্যালয়ে সিসিটিভি বসানো নিয়ে আপত্তি' রয়েছে পড়ুয়াদের একাংশের। এই প্রসঙ্গে সংগঠনের সাধারণ সম্পাদক পার্থপ্রতিম রায় বলেন, নিরাপত্তার স্বার্থে সিসিটিভি বসানো উচিত। এতে কোনও সমস্যা নেই।''
প্রসঙ্গত, গত ৯ অগস্ট যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মেন হস্টেলের তিন তলার বারাঃদা থেকে এক ছাত্র নীচে পড়ে যান বলে অভিযোগ। পরের দিন ভোরে বাংলা বিভাগের প্রথম বর্ষের ওই ছাত্রের মৃত্যু হয়। র‍্যাগিংয়ের জেরে ওই ছাত্রের মৃত্যু হয়েছে বলে অভিযোগ করেছে তাঁর পরিবার। থানায় এফআইআর দায়ের করা হয়। তদন্তে নেমে ছাত্রমৃত্যুর

ঘটনায় প্রাক্তনী এবং পড়ুয়া মিলিয়ে ১৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। দেশের প্রথম সারির শিক্ষা প্রতিষ্ঠানে র‍্যাগিংয়ের অভিযোগ ঘিরে তোলপাড় পড়ে গিয়েছে। র‍্যাগিং রুখতে পদক্ষেপ করার জন্য উপাচার্যকে একাধিক প্রস্তাব দিয়েছে অধ্যাপকদের সংগঠন।নযাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ছাত্র স্বপ্নদীপ কুণ্ডুর রক্তমাখা টি-শার্ট উদ্ধার করেছে পুলিশ। পুলিশ রক্তমাখা টি-শার্টটি ফরেনসিক তদন্তের জন্য পাঠিয়েছে। ১০ আগস্ট মূল হোস্টেলে র‍্যাগিংয়ের পর স্বপ্নদীপ কুন্ডুর মৃত্যু হয়। পুলিশ জানিয়েছে, রক্তমাখা টি-শার্টটি তদন্তের জন্য গুরুত্বপূর্ণ প্রমাণ হতে পারে। অভিযুক্তরা দাবি করেছেন, টি-শার্টটি রক্তপাত বন্ধ করতে ব্যবহার করা য়ই বিষয়ে আদালতে পুলিশ জানিয়েছে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রধান হোস্টেলের মোট ২৫ জন ছাত্র ৯ আগস্ট রাতে কী ঘটেছিল, পুলিশের কাছে তাদের বক্তব্য রেকর্ড করেছে।
যাদবপুরের তিন ছাত্র কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং-এর চতুর্থ বর্ষের ছাত্র সত্যব্রত রায়, গণিতে স্নাতকোত্তর হিমাংশু কর্মকার এবং রসায়নে স্নাতকোত্তর এসকে নাসিম আখতারকে ইতিমধ্যেই গ্রেফতার করা হয়েছে।

অস্বস্তিকর গরমে নাস্তানাবুদ অবস্থা দক্ষিণবঙ্গে, ২৪ ঘন্টার মধ্যেই বদলাতে পারে আবহাওয়া

দুরন্ত বার্তা, কলকাতা, ১ সেপ্টেম্বর ঃ আর্দ্রতাজনিত অস্বস্তি ও ঘর্মাক্ত গরমে নাস্তানাবুদ অবস্থা কলকাতা-সহ গোটা দক্ষিণবঙ্গে। মহানগরীতে গরমের অস্বস্তি যেন একটু বেশিই। শুক্রবার সকাল থেকেই আংশিক মেঘলা ছিল কলকাতা ও লাগোয়া জেলাগুলি। আর তাতে গুমোটভাবে যেন আরও বেড়েছে। এদিন সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি বেশি। তবে, আগামী ২৪ ঘন্টার মধ্যেই দক্ষিণবঙ্গে বদলাতে পারে আবহাওয়া, এমনই পূর্বাভাস আলিপুর আবহাওয়া দফতরের। দক্ষিণবঙ্গের উপকূল ও ওড়িশা সংলগ্ন জেলাগুলিতে আগামী ৪৮ ঘণ্টায় বজ্রবিদ্যু-সহ হতে পারে বৃষ্টি। অন্যদিকে, শনিবার থেকে মঙ্গলবার পর্যন্ত গাঙ্গেয় পশ্চিমবঙ্গের প্রায় সব জেলাতেই বজ্রবিদ্যু-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। আবহাওয়া দফতর জানিয়েছে, মৌসুমী অক্ষরেখা হিমালযের পাদদেশ এলাকায় অবস্থান করছে। শনিবার তা সক্রিয় হয়ে দক্ষিণবঙ্গের দিকে এগোবে। আর তাতেই বৃষ্টির পূর্বাভাস। আগামী কয়েক দিন ক্রমশ বৃষ্টি কমবে উত্তরবঙ্গে। উপরের দিকের জেলা দার্জিলিং কালিম্পং জলপাইগুড়ি আলিপুরদুয়ার এবং কোচবিহারে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। মালদহ, উত্তর ও দক্ষিণ দিনাজপুর-সহ নিচের দিকের জেলাগুলিতে তাপমাত্রার সঙ্গেই বাড়বে আর্দ্রতাজনিত অস্বস্তি।

নদী বাঁধে ফাটল, জল ঢুকছে এলাকায়

দুরন্ত বার্তা, পাথরপ্রতিমা, ১ সেপ্টেম্বর ঃ দক্ষিণ চব্বিশ পরগনা জেলার পাথরপ্রতিমা ব্লকের সুন্দরবনের প্রত্যন্ত এলাকা ইংদ্রপ্রস্থ দুর্গাখালি এলাকায় নদীর জল ঢুকতে শুরু করায় আতঙ্কিত হয়ে প।ছেন এলাকাবাসী। ইতিমধ্যে বেশ কিছু মাছের পুকুর, ভেড়ি প্লাবিত হয়েছে। বাঁধে ব।স। ফাটল দেখা দেওয়ার কারনে এই অবস্থা। অবিলম্বে বাঁধ সারাই না হলে এলাকার বাড়ি ঘর জলমগ্ন হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। এলাকাবাসীর ড়ি কোটাল চলছে, এই পরিস্থিতিতে নদীতে জল অনেক খানিবেড়েছে। আর এই বাড়তি জলের চাপেই হঠাৎ করে দেখা যায় দুর্গাখালি এলাকার নদী বাঁধে গর্ত হয়ে এলাকায় জল ঢুকতে শুরু করেছে। খবর দেওয়া হয়েছে সেচ দফতরকে। বৃহস্পতিবার সেচ দফতরের কর্মীরা এলাকায় এলেও সেভাবে বাঁধের ফাটল না সারাই করার কারনে শুক্রবার সকাল থেকে পুনরায় বাঁধের ফাটল দিয়ে জল ঢুকতে শুরু করেছে। এই পরিস্থিতিতে এলাকার মানুষ যথেষ্ট আতঙ্কিত। সেচ দফতরের কর্মীদের উপর ক্ষোভ প্রকাশও করেন তাঁরা। রামগঙ্গা গ্রাম পঞ্চায়েতের নবনির্বাচিত প্রধান প্রভাত কুমার সেনাপতি ঘটনার খবর পেয়ে এলাকায় পৌঁছান। দ্রুত বাঁধ মেরামতির ব্যবস্থা করা হবে বলে আশ্বাস দিয়েছেন তিনি।

দুয়ারে সরকার শিবির শুরু, চলবে আগামী ১৬ সেপ্টেম্বর পর্যন্ত

দুরন্ত বার্তা, কলকাতা, ১ সেপ্টেম্বর ঃ রাজ্যে সপ্তম দফার দুয়ারে সরকার শিবির শুরু হয়েছে শুক্রবার। বিভিন্ন সরকারি পরিষেবার সুযোগ-সুবিধা সহজে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে রাজ্য জুড়ে প্রথম দফায় শিবির চলবে আগামী ১৬ সেপ্টেম্বর পর্যন্ত। এবার এখানে পরিযায়ী শ্রমিকরা রাজ্য সরকারের পোর্টালে নিজেদের নাম নথিভুক্ত করতে পারবেন। ৩৫ রকমের সুবিধা পাওয়ার জন্য শিবিরে আবেদন করা যাবে। জমা পড়া আবেদনগুলি পরীক্ষা করে ১৮ থেকে তিরিশে সেপ্টেম্বরের মধ্যে পরিষেবা সাধারণ মানুষের হাতে তুলে দেওয়া হবে। উল্লেখ্য, ষষ্ঠ দফা পর্যন্ত রাজ্যে চার লক্ষ ৬০ হাজার দুয়ারে সরকার শিবিরের আয়োজন করা হয়েছিল।

আরামবাগে জল সঙ্কটে বন্ধ হয়ে যেতে পারে একটি প্রাথমিক বিদ্যালয়

বনস্পতি দে, আরামবাগ, ১ সেপ্টেম্বর ঃ পানীয় জলের চরম সমস্যা দেখা দিয়েছে প্রাথমিক বিদ্যালয়ে। ঘটনাটি আরামবাগের বরুন বেড়া প্রাথমিক বিদ্যালয়ে। জল সঙ্কট এমন পর্যায়ে গিয়ে পৌঁছেছে যে বন্ধ হয়ে যেতে পারে এই প্রাথমিক বিদ্যালয়টি। স্কুলের প্রধান শিক্ষক এই কথা জানিয়েছেন। জানা গিয়েছে, ওই প্রাথমিক স্কুলে একটি টিউওয়েল থাকলেও তা থেকে জল পড়ে না। কারণ জলস্তর অনেক নিচে নেমে গেছে। এর ফলে বিদ্যালয়ের নিত্যদিনের কাজের ব্যাঘাত ঘটছে। মূল সমস্যা হচ্ছে প্রতিদিনের মিড ডে মিল তৈরি করতে গিয়ে। ভাত,ডাল, তরকারি রান্নার জন্য যথেষ্ট জল প্রয়োজন। কিন্তু স্কুলের টিউবওয়েল থেকে জল না পড়ায় বাইরের টিউবয়েল থেকে জল নিয়ে আসতে হচ্ছে মিড ডে মিলের রাঁধুনীদের। ছোট ছোট খুদে পড়াদের খাওয়া-দাওয়ার পর স্কুলের বাইরে গিয়ে থালা-বাসন ধুতে হয়। বর্তমানে পরিস্থিতি এমন পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে যে খাবারের জল পর্যন্ত বাড়ি থেকে বোতলে করে আনতে হচ্ছে বাচ্চা বাচ্চা ছেলেমেয়েদের।

রাস্তা অবরোধ করে বিক্ষোভ অটোচালকদের

সৌরভ দাশ,হাসনাবাদ, ১ সেপ্টেম্বর ঃ নতুন অটো বন্ধের দাবিতে হাসনাবাদ - সিথলিয়া রোডে অটো চালকদের বিক্ষোভ উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার হিঙ্গলগঞ্জ ব্লকের মাইতির মোড়ে অটো চালক দের বিক্ষোভ। হাসনাবাদের বাইলানি, বিশপুর , রূপমারি, চকপাটলি, দীর্ঘদিন ধরে এই রুটেই অটো চালাতেন পুরানো অটো ইউনিয়ন এর চালকরা। নতুন রুট চালু হওয়ার পর সমস্যা দেখা দেয়, রুটি রুজিতে টান পরে পুরানো অটোচালকদের।

অবৈধভাবে প্রবেশ,দুই বাংলাদেশি আটক

সৌরভ দাশ, বসিরহাট, ১ সেপ্টেম্বর ঃ পুলিশ সূত্রে জানা যায় গতকাল রাতে ভারত বাংলাদেশের বিথারি সীমান্ত দিয়ে দুই বাংলাদেশী নাগরিক অবৈধভাবে সীমান্ত পার হয়ে ভারতে ঢোকে সেই সময় সেখানে কর্তব্যরত বিএসএফ জওয়ানরা তাদেরকে দেখতে পেয়ে আটক করে এবং জিজ্ঞাসাবাদের পর স্বরূপনগর থানার পুলিশের হাতে তুলে দেয় । পুলিশ তাদেরকে গ্রেফতার করে আজ বসিরহাট মহকুমা আদালতে পাঠায়।

ভারতের প্রবৃদ্ধির উচ্চ হার, বিরোধী জোটের বৈঠককে একহাত শুভেন্দুর

দুরন্ত বার্তা, কলকাতা, ১ সেপ্টেম্বর ঃ ভারতকে বিশ্বের সবচেয়ে দ্রুত বর্ধনশীল প্রধান অর্থনীতির দেশ বলে চিহ্নিত করে মুম্বাইয়ের পাঁচতারা হোটেলে বিরোধী জোটের বৈঠককে একহাত নিলেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শুক্রবার তিনি টুইটারে লিখেছেন, চিত্তাকর্ষক জিডিপি বৃদ্ধি আমাদের দেশকে বিশ্বের সবচেয়ে দ্রুত বর্ধনশীল প্রধান অর্থনীতিতে পরিণত করছে। এটি মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীজি-র সাহসী ও দূরদর্শী নেতৃত্বের প্রতিফলন। তিন মাসের (এপ্রিল-জুন, ২০২৩) গ্রস ডোমেস্টিক প্রোডাক্টে মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া ও ইন্দোনেশিয়ার প্রবৃদ্ধির হার যথাক্রমে ২.৪, ৪.৯ ও ৫.২। জাপান, চিন ও ভারতের হার যথাক্রমে ৬.০, ৬.৩ ও ৭.২। এই লেখচিত্র যুক্ত করে শুভেন্দুবাবু লিখেছেন, মুম্বাইয়ের গ্র্যান্ড হায়াত হোটেলে প্রচার করা হতাশাবাদীরা অবশ্যই হতাশায় তাঁদের মাথা খোঁচাচ্ছে। কারণ উচ্চ জিডিপি প্রবৃদ্ধি অর্থনীতি সম্পর্কে তাদের জাল আখ্যানকে ভেঙ্গে ফে এবং বিকল্প হিসাবে নিজেদের উপস্থাপন করার তাদের প্রচেষ্টাকে বাতিল করছে।

বেআইনি বাজি তৈরি রুখতে ড্রোনে নজরদারি বারুইপুরে

দুরন্ত বার্তা, বারুইপুর, ১ সেপ্টেম্বর ঃ দত্তপুকুর থেকে শিক্ষা নিয়ে বাজি বন্ধে যথেষ্ট তপর বারুইপুর থানার পুলিশ। দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর থানার অন্তর্গত চম্পাহাটির হাড়াল বাজি তৈরির অন্যতম স্থান। কিন্তু বিগত বেশ কিছুদিন ধরেই প্রশাসনের নির্দেশে এই এলাকায় বাজি তৈরি বন্ধ রয়েছে। প্রশাসন বন্ধ করার নির্দেশ দিলেও প্রশাসনের নজর এড়িয়ে এখনও এলাকায় বাজি তৈরি হচ্ছে বলে সূত্রের খবর। আর সেই কারনেই এবার ড্রোন ক্যামেরা উ।য়ে সেই বাজির খোঁজ চালালো বারুইপুর থানার পুলিশ। শুক্রবার দুপুরে এই তল্লাশি অভিযানে উপস্থিত ছিলেন বারুইপুর পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার পার্থ ঘোষ, এসডিপিও বারুইপুর অতিশ বিশ্বাস ও আইসি বারুইপুর সৌম্যজি রায়। গত মঙ্গলবারও এই হা।ালে তল্লাশি অভিযান চালিয়েছিল পুলিশ। উদ্ধার হয়েছিল প্রচুর বেআইনি শব্দবাজি। সেই ঘটনার পর শুক্রবার আবারও তল্লাশি অভিযান চালানো হল পুলিশের তরফে। এদিনও বেশ কিছু নিষিদ্ধ শব্দবাজি উদ্ধার করেছে পুলিশ। পুলিশের তরফে এদিন ড্রোন ক্যামেরা উড়িয়ে তল্লাশির পাশাপাশি এলাকার সাধারণ মানুষকে সচেতন করা হয়। যাতে কোন ভাবেই কেউ বেআইনি বাজি তৈরির কাজ না করেন সেই বার্তা দেওয়া হয়। খালি চোখে যেখানে পুলিশের পক্ষে তল্লাশি করা সম্ভব নয়, সেখানে এই ড্রোনে ক্যামেরা উড়িয়ে তল্লাশি চালানো হয়। পার্থ ঘোষ, অতিরিক্ত পুলিশ সুপার, বারুইপুর পুলিশ জেলা বলেন, আমরা চেষ্টা চালাচ্ছি যাতে এলাকায় কোন নিষিদ্ধ বাজি তৈরি না হয়। মানুষকে সচেতনও করেছি। ড্রোন উ।য়ে একটু বেশি এলাকায় নজরদারি চালানো হয়, কোথাও কোন বেআইনি বাজি তৈরি হচ্ছে কিনা সেটা দেখার জন্য।

উত্তর মেসিডোনিয়া-ভারত দ্বিপাক্ষিক সম্পর্ক আরও গভীর করবে বলেছেন বিদেশমন্ত্রী বুজার ওসমানী।

ট্রেন লেট হওয়া থেকে মুক্তি দিতে শিয়ালদহ স্টেশন আনল নতুন প্রযুক্তি

, কলকাতা, ১ সেপ্টেম্বর ডিজিটাল ডেস্কঃ প্রতিদিন লক্ষ লক্ষ মানুষ যাতায়াতের জন্য ব্যবহার করেন শিয়ালদহ স্টেশন। একাধিক শাখায় একগুচ্ছ ট্রেন রওনা হয় শিয়ালদহের বিভিন্ন প্লাটফর্ম থেকে। যাত্রীদের যাতায়াত কে আরো সুগম ও সহজ করতে এবার শিয়ালদহেই বসল এক আধুনিক প্রযুক্তিসম্পন্ন ব্যবস্থা। যে বিপুল সংখ্যক ট্রেন এই স্টেশন থেকে রাজ্যের বিভিন্ন প্রান্তে পৌঁছে যায় প্রতিনিয়ত, সেগুলির ওপর নজর রাখার জন্য এল নয়া প্রযুক্তি। শুক্রবারই সেই ট্রেন ম্যানেজমেন্ট সিস্টেম চালু হয় শিয়ালদহে। এই ব্যবস্থা কার্যকর হওয়ার ফলে ট্রেন দেরিতে চলার সম্ভাবনা কমবে, দুর্ঘটনার প্রবণতাও অনেক কমবে বলে দাবি করেছেন রেলে আধিকারিকরা।সিগন্যাল ও ট্র্যাকের অবস্থা ঠিক কী রকম, তা প্রতি মুহূর্তে দেখা সম্ভব এই প্রযুক্তির মাধ্যমে। ট্রেন কোথায় অবস্থান করছে, কোনও অসুবিধায় পড়েছে কি না, তাও সহজেই বুঝতে পারবেন আধিকারিকরা। ফলে যে কোনও গুরুত্বপূর্ণ সময়ে সিদ্ধান্ত নিতেও সুবিধা হবে। কোনও কারণে ট্রেন অন্যপথে ঘুরিয়ে দিতে হবে কি না, সেই নির্দেশও যাবে অপেক্ষাকৃত দ্রুত। ফলে হয়রানি কমবে যাত্রীদের।উল্লেখ্য, শিয়ালদহের কন্ট্রোল অফিসে বসানো হয়েছে ট্রেন ম্যানেজমেন্ট সিস্টেম।

KOLKATA MUNICIPAL CORPORATION – e-TENDER

ABRIDGED NIT

The **D.G. (Roads), KMC** invites tender online percentage rate two bid system for following works :
(1) NIT No.: KMC/ROADS/NORTH/064/2023-2024 (1st Call) Name of the Work: **Raising, lowering and supplying of Manhole cover at EM Bypass under Br.-III.** Estimate Amount (Incl. GST & CESS): ₹ **1,37,625.50.** Earnest Money: ₹ **2,800.00.** Period of Completion: **30 days.**
(2) NIT No.: KMC/ROADS/NORTH/089/2023-2024 (1st Call) Name of the Work: **Repairing of road surface disturbed by water supply at C. R. Avenue and A.J.C. Bose Road under Br.-V.** Estimate Amount (Incl. GST & CESS): ₹ **4,85,706.34.** Earnest Money: ₹ **9,750.00.** Period of Completion: **120 days.**
(3) NIT No.: KMC/ROADS/NORTH/091/2023-2024 (1st Call) Name of the Work: **Repairing of damaged road surface at different places of Bidhan Sarani, CR Avenue, Jadulal Mullick Road and surrounding roads surface under Br.-IV.** Estimate Amount (Incl. GST & CESS): ₹ **4,97,484.19.** Earnest Money: ₹ **9,950.00.** Period of Completion: **240 days.** Last Date and Time of submission of Bid: **16.09.2023 – 12 Noon** (For Sl. No. 1 to 3). The bid forms and other details are available on and from **05.09.2023 (12 Noon)** from the website **https://etender.wb.nic.in** (For Sl. No. 1 to 3).

The **Special Officer (Roads), KMC** invites tender online percentage rate two bid system for following work :
NIT No.: KMC/ROADS/SOUTH/2023-2024/161 (1st Call) Name of the Work: **Repairing of potholes and undulated road surfaces at different places of roads in Rajapur & Rifle Club Road in Ward No.-103 & 113 by laying hotmix under Br.-XI.** Estimate Amount (Incl. GST & CESS): ₹ **4,98,781.27** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **90 days.** Last Date and Time of submission of Bid: **12.09.2023 – 12 Noon.** The bid forms and other details are available on and from **04.09.2023 (12 Noon)** from the website **https://etender.wb.nic.in**

The D.G. (Mech.)/Roads, KMC invites tender online percentage rate two bid system for following works :
(1) NIT No.: KMC/ASPH/GG/MG-006/2023-2024 (1st Call) Name of the Work: **Restoration of road surface by lowering from 923 Ho-Chi-Min Sarani to 308 BB Sengupta Road (Sanjib Pally) in Ward No.-128, Br.-XIV under Roads(M) Deptt.** Estimate Amount (Incl. GST & CESS): ₹ **2,78,104.84.** Earnest Money: ₹ **6,000.00.** Period of Completion: **15 days.** Last Date and Time of submission of Bid: **09.09.2023 at 3 p.m.** Bid opening date for Technical Proposal (online): **11.09.2023 at 3 p.m.** The bid forms and other details are available on and from **01.09.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in**
(2) NIT No.: KMC/ASPH/GG/E-04/2023-24 Name of the Work: **Supply, delivery and commissioning of squirrel cage induction motors, contractors, relays etc. at Batch Mix Plant and allied electrical works at Asphaltum Goragacha.** Estimate cost: **Quotation.** Earnest Money: ₹ **9,300.00.** Period of Completion: **07 days.** Last Date and Time of submission of Bid: **16.09.2023 – 1 p.m.** Bid opening date for Technical Proposal: **18.09.2023 – 2 p.m.** The bid forms and other details are available on and from **07.09.2023 (4 p.m.)** from the website **https://wbtenders.gov.in**
(3) NIT No.: KMC/ASPH/PB/TD-03/2023-24 Name of the Work: **Repairing and running maintenance of Departmental Tipper trucks (Eicher) i.e. WB03C-3024, WB03C-3026 etc. of Asphaltum Deptt., P.B.** Estimate cost: ₹ **4,98,664.22.** Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **15 days.** Last Date and Time of submission of Bid: **16.09.2023 – 1 p.m.** Bid opening date for Technical Proposal: **19.09.2023 – 1 p.m.** The bid forms and other details are available on and from **05.09.2023 (5 p.m.)** from the website **https://wbtenders.gov.in**

The **E.E. (C)/Br.-XVI, KMC** invites tender online percentage rate two bid system for following works :
(1) NIT No.: KMC/E.E(C)/BR-XVI/142/011/23-24/BUSTEE Name of Work: **Maintenance of C.C. road at Natun Bagan Pally (slum area) near Premises No.-113/3 in Ward No.-142.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **2,90,475.92.** Earnest Money: ₹ **6,000.00.** Period of Completion: **30 Days.** Last Date and Time of submission of Bid: **11.09.2023 – 12 Noon.** The Tender will be opened on: **13.09.2023 – 12 Noon.**
(2) NIT No.: KMC/EE(C)/BR-XVI/123/011/23-24 Name of Work: **Maintenance of Abahan Community Hall at James Long Sarani in Ward No.-123 under Br.-XVI.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **4,69,900.00.** Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **45 Days.**
(3) NIT No.: KMC/EE(C)/BR-XVI/123/015/23-24 Name of Work: **Maintenance of C.C. road at Ishan Ghosh Road near Premises No.-34/5 in Ward No.-123.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **4,71,029.48.** Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **30 Days.** Last Date and Time of submission of Bid: **13.09.2023 – 12 Noon** (For Sl. No. 2 & 3). The Tender will be opened on: **15.09.2023 – 12 Noon** (For Sl. No. 2 & 3).
(4) NIT No.: KMC/EE(C)/BR-XVI/126/025/23-24 (2nd Call) Name of Work: **Maintenance of road by laying hot mix at Jadav Ghosh Road Bye Lanes near Premises No.-80/6 in Ward No.-126.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **4,52,214.22.** Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **45 Days.** Last Date and Time of submission of Bid: **14.09.2023 – 12 Noon.** The Tender will be opened on: **16.09.2023 – 12 Noon.** The bid forms and other details are available on and from **02.09.2023 (5 p.m.)** (For Sl. No. 1) & **05.09.2023 (5 p.m.)** (For Sl. No. 2 to 4) from the website **https://etender.wb.nic.in** (For Sl. No. 1 to 4).

The **D.G. (Bustee), KMC** invites tender online percentage rate two bid system for following work :
NIT No.: KMC/EEBS/HQ/XIV/127/01/23-24/093 Name of the Work: **Construction of Baby Care Room adjacent to existing Pay and Use Toilet at Sakuntala Bus Stand in Ward No.-127.** Estimated Amount (Incl. GST & LWC): ₹ **4,99,173.98.** Earnest Money: ₹ **10,000.00.** Period of completion: **180 days.** Last Date and Time of submission of Bid: **11.09.2023 upto 11 a.m..** Bid opening date and time for technical proposals: **13.09.2023 at 11 a.m.** The bid forms and other details are available on and from **01.09.2023 (5 p.m.)** from the website **http://wbtenders.gov.in & https://www.kmcgov.in** (669/23-24)

সাধারণ গ্রাহকদের টাকা প্রতারণা করছিল এটিএম প্রতারণা চক্র

শ্রেয়া আদক, ১ সেপ্টেম্বর ঃ বিশেষ ধরণের ডিভাইস ব্যবহার করে সাধারণ গ্রাহকদের টাকা প্রতারণা করছিল এটিএম প্রতারণা চক্র। বালিতে ধৃত প্রতারক। ধৃতের বিরুদ্ধে ১০ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিল আদালত। বালিতে এটিএম প্রতারণা চক্রের অন্যতম মূল পান্ডা ধৃত। গত ২৫ আগস্ট একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের বালি শাখার ম্যানেজার পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন যে কিছু দুষ্কৃতকারী এটিএমের নগদ তোলার অংশে কোনও এক বিশেষ ধরণের ডিভাইস ব্যবহার করে সাধারণ গ্রাহকদের টাকা প্রতারণা করছে। অভিযোগ, গ্রাহকের অজান্তে অর্থ ডিভাইসের পিছনে আটকে যেত এবং পরে সেই টাকা এরা হাতিয়ে নিত। তদন্ত চলাকালীন বৃহস্পতিবার হাওড়ার বালি থানার পুলিশ বালির বিভিন্ন অঞ্চলে এটিএমগুলোর উপর নজর রেখেছিল। এই প্রতারণা কেসের তদন্তে নেমে বালি থানার পুলিশ এদিন তিলজলা থানার বাসিন্দা মহঃ সাহিল (৩৪) নামের এক যুবককে হাতেনাতে ধরে ফেলে। ওই ধৃত ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ তিনি এটিএম ব্যবহারকারীকে প্রতারণা করার জন্য একই ডিভাইস ইনস্টল করেছিলেন। বালি থানার পুলিশ অন্যান্যদের গ্রেফতার, টাকা ও অন্যান্য ডিভাইস উদ্ধারে অভিযান চালাচ্ছে। পুলিশ সূত্রে জানা গেছে, এখনও পর্যন্ত একজনই গ্রেফতার হয়েছেন এই ঘটনায়। যে সমস্ত গ্রাহক ওই রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের এটিএম কাউন্টার থেকে টাকা তুলবেন তাঁদের প্রতারিত করতে একটি অত্যাধুনিক লোহার তৈরি ডিভাইস ইনস্টল করেছিলেন ধৃত ব্যক্তি। ধৃতের বিরুদ্ধে ৪২০ (প্রতারণা), ৪৬৭ (মুল্যবান নিরাপত্তা ও উইল জাল করা) ৪৭১ (জাল তথ্য ও ইলেক্ট্রনিক রেকর্ড আসল বলে ব্যবহার করা), ১২০বি (অপরাধমূলক ষড়যন্ত্র) ধারায় মামলা রুজু করেছে পুলিশ।

উত্তর পূর্ব রেলওয়ে
ই-নিলাম নোটিস

ভারতের রাষ্ট্রপতির পক্ষে সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, লক্ষ্ণৌ www.ireps.gov.in (ই-নিলাম মডিউল) এ ই-টেন্ডারিং সিস্টেমে আমন্ত্রণ জানিয়েছেন এসএলআর / ভিপিইউ মেল এক্সপ্রেস ট্রেনের লিজিংয়ের জন্য লক্ষ্ণৌ ডিভিশন থেকে চলাচলকারী ট্রেনের নিলামের জন্য ০২ বছরের সময়ের মেয়াদে। নিলাম বিজ্ঞপ্তির বিশদ বিবরণ, ট্রেন নম্বর, বিশদ বিবরণ নিম্নরূপ ঃ

ক্র. নং.	ই-নিলাম লট	ট্রেন নং.	থেকে	পর্যন্ত	ট্রেন চলাচল (সপ্তাহে)	নিলাম বন্ধ হওয়ার তারিখ ও সময়
১	১৯০৯২-এসএলআর-এফ১-জিকেপি-বিডিটিএস-২২-১ (পার্সেল এসএলআর)	১৯০৯২	গোরক্ষপুর	বান্দ্রা টার্মিনাল	০১ দিন (মঙ্গলবার)	১৮.০৯.২০২৩ ১৩.৩০ ঘটিকা
২	২০৯২২-এসএলআর-এফ১-এলজেএন-বিডিটিএস-২৩-১ (পার্সেল এসএলআর)	২০৯২২	লক্ষ্ণৌ	বান্দ্রা টার্মিনাল	০১ দিন (রবিবার)	১৮.০৯.২০২৩ ১৩.৪০ ঘটিকা
৩	২২২০০-এসএলআর-এফ১-বিএলপি-জিডব্লুএল-২৩-১ (পার্সেল এসএলআর)	২২২০০	বলরামপুর	গোয়ালিওর	০১ দিন (বৃহস্পতিবার)	১৮.০৯.২০২৩ ১৩.৫০ ঘটিকা
৪	১৫০৭৮-১৫০৭৭-ভিপি-১-জিটিএনআর-কেওয়াইকিউ-২২-২ (পার্সেল -পার্সেল ভ্যান)	১৫০৭৮-১৫০৭৭	গোমতিনগর	কামাখ্যা	০১ দিন (সোমবার)	১৮.০৯.২০২৩ ১৪.০০ ঘটিকা
৫	১৫০৪৮-১৫০৪৭-ভিপি-১-জিকেপি-কেওএএ-২৩-১ (পার্সেল -পার্সেল ভ্যান)	১৫০৪৮-১৫০৪৭	গোরক্ষপুর	কলকাতা	০১ দিন (সোমবার)	১৮.০৯.২০২৩ ১৪.১০ ঘটিকা
৬	১৫০০৯-১৫০১০-ভিপি-১-জিকেপি-এমএলএন-২২-১ (পার্সেল -পার্সেল ভ্যান)	১৫০০৯-১৫০১০	গোরক্ষপুর	মিলানি	প্রতিদিন	১৮.০৯.২০২৩ ১৪.২০ ঘটিকা
৭	১৫০৪৮-১৫০৪৭-ভিপি-১-জিকেপি-কেওএএ-২৩-৩ (পার্সেল -পার্সেল ভ্যান)	১৫০৪৮-১৫০৪৭	গোরক্ষপুর	কলকাতা	০১ দিন (শুক্রবার)	১৮.০৯.২০২৩ ১৪.৩০ ঘটিকা
৮	১৫০৫২-১৫০৫১-ভিপি-১-জিকেপি-কেওএএ-২২-২ (পার্সেল -পার্সেল ভ্যান)	১৫০৫২-১৫০৫১	গোরক্ষপুর	কলকাতা	০১ দিন (বৃহস্পতিবার)	১৮.০৯.২০২৩ ১৪.৪০ ঘটিকা
৯	১২৫৩৩-১২৫৩৪-ভিপি-১-এলজেএন-সিএসএমটি-২৩-৩ (পার্সেল -পার্সেল ভ্যান)	১২৫৩৩-১২৫৩৪	লক্ষ্ণৌ	ছত্রপতি শিবাজি (টি)	০১ দিন (শনিবার)	১৮.০৯.২০২৩ ১৪.৫০ ঘটিকা
১০	১২৫৩৩-১২৫৩৪-ভিপি-১-এলজেএন-সিএসএমটি-২৩-২ (পার্সেল -পার্সেল ভ্যান)	১২৫৩৩-১২৫৩৪	লক্ষ্ণৌ	ছত্রপতি শিবাজি (টি)	০১ দিন (বৃহস্পতিবার)	১৮.০৯.২০২৩ ১৫.০০ ঘটিকা
১১	১৫০৫০-১৫০৪৯-ভিপি-১-জিকেপি-কেওএএ-২২-৪ (পার্সেল -পার্সেল ভ্যান)	১৫০৫০-১৫০৪৯	গোরক্ষপুর	কলকাতা	০১ দিন (শনিবার)	১৮.০৯.২০২৩ ১৫.১০ ঘটিকা
১২	১২৫৩৩-১২৫৩৪-ভিপি-১-এলজেএন-সিএসএমটি-২৩-১ (পার্সেল -পার্সেল ভ্যান)	১২৫৩৩-১২৫৩৪	লক্ষ্ণৌ	ছত্রপতি শিবাজি (টি)	০১ দিন (সোমবার)	১৮.০৯.২০২৩ ১৫.২০ ঘটিকা
১৩	১২৫৮৯-১২৫৯০-ভিপি-১-জিকেপি-এসসি-২৩-১ (পার্সেল -পার্সেল ভ্যান)	১২৫৮৯-১২৫৯০	গোরক্ষপুর	সেকেন্দ্রাবাদ	০১ দিন (বুধবার)	১৮.০৯.২০২৩ ১৫.৩০ ঘটিকা
১৪	১৫০৪৮-১৫০৪৭-ভিপি-১-জিকেপি-কেওএএ-২৩-২ (পার্সেল -পার্সেল ভ্যান)	১৫০৪৮-১৫০৪৭	গোরক্ষপুর	কলকাতা	০১ দিন (মঙ্গলবার)	১৮.০৯.২০২৩ ১৫.৪০ ঘটিকা

চুক্তির মেয়াদ ঃ	০২ বছর
নিলাম শুরুর তারিখ ও সময় (সমস্ত লট) ঃ	তারিখ-১৮.০৯.২০২৩ সময় ১৩.০০ ঘটিকা
ওয়েবসাইট ঠিকানা ঃ	www.ireps.gov.in (ই-নিলাম মডিউল)
CPRO/C-111	ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (কমার্শিয়াল) / লক্ষ্ণৌ

যাত্রী সুবিধা সংক্রান্ত যে কোন অভিযোগ এসএমএস জানানোর মোবাইল নং. ০৯৭৯৪৮৪৫৯৫৫
''দাহ্য পদার্থ নিয়ে ট্রেনে যাতায়াত করবেন না''

রবীন্দ্র ভারতীতে র‍্যাগিং নিয়ে বিক্ষোভ

দুরন্ত বার্তা, কলকাতা, ১ সেপ্টেম্বর ঃ রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে শুক্রবার র‍্যাগিংয়ের অভিযোগ নিয়ে একদল ছাত্রী প্রশাসনিক ভবনের সামনে বিক্ষোভ দেখায়। তাঁদের প্রশ্ন, দুদিন ধরে প্রতিষ্ঠানে র‍্যাগিংয়ের অভিযোগ উঠেছে, তাও কেন উপাচার্য এখানে নেই? বৃহস্পতিবারই ওই প্রতিষ্ঠানের হিন্দি বিভাগের পাঁচ ছাত্রী তাঁদের সঙ্গে র‍্যাগিং এর ঘটনা ঘটেছে, বলে অভিযোগ করেন। অভিযুক্ত তাঁদেরই এক বিভাগীয় অধ্যাপক। এদিকে, বিশ্ববিদ্যালয়ের তৃণমূল সমর্থিত কর্মী সংগঠনের অসহযোগিতা ও বিক্ষোভের জেরে ভীত' উপাচার্য সোমবার থেকে বিশ্ববিদ্যালয়ে আসা বন্ধ করে দিয়েছেন।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
২৮ বর্ষ, দৈনিক ২৭৩ সংখ্যা, শনিবার, ১৫ ভাদ্র, ১৪৩০

সংসদে বিশেষ অধিবেশন

সম্পাদকীয়

সংসদে বিশেষ অধিবেশনের ডাক দিলেন কেন্দ্রীয় সংসদীয় মন্ত্রী প্রহ্লাদ জোশী। তিনি জানালেন আগামি ১৮ সেপ্টেম্বর বিশেষ অধিবেশন বসছে সংসদে। ১৮-২২ পর্যন্ত বিশেষ অধিবেশন শুরু হবে নয়া সংসদে। তার জন্য সমস্ত সাংসদদের উপস্থিত থাকতে বলা হয়েছে। কিসের জন্য বিশেষ অধিবেশন হচ্ছে তা নিয়ে মন্ত্রী মুখ খোলেননি। তবে সবাই অনুমান করতে শুরু করে দিয়েছে যে জি-২০ বৈঠক নিয়ে এবং দেশের বিভিন্ন ওঠে আসা সমস্যা নিয়ে আলোচনা করা হবে। তিন সপ্তাহ আগেই বাদল অধিবেলন শেষ হয়েছে। তারপরে বিরোধী সাংসদেরা বিজেপি বিরোধী জোট করতে প্রস্তুতি গ্রহণ করতে শুরু করে দিয়েছে তখনই দেখতে পাওয়া গেল হঠাৎ করে বিশেষ অধিবেশন ডেকে ফেললেন কেন্দ্রীয় সংসদীয় মন্ত্রী প্রহ্লাদ জোশী। এদিকে জানতে পারা গিয়েছে যে ভারতের জি-২০ সম্মেলনে উপস্থিত হতে পারছে না চিনের প্রেসিডেন্ট শি জিনপিং। এজিকে রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন আসার সম্ভাবনা নেই বলতে গেলে চলে। বিশ্বের দুই শক্তিশালী দেশের রাষ্ট্র নেতারা যদি জি-২০ সম্মেলনে অনুপস্থিত থাকেন তাহলে জি-২০ সম্মেলন কতখানি সফল হবে তা বলা খুবই মুশকিল। আমেরিকার প্রেসিডেন্ট বাইডেন আসার সম্ভাবনা প্রবল। তবে তিনি একা এলে তো হবে না, পাশে চিন এবং রাশিয়ার প্রেসিডেন্ট আসলে ভারতের জি-২০ সম্মেলন শক্তিশালী হতো। এদিকে আদানি কেলেঙ্কারী আবার মাথা চাড়া দিয়ে উঠতে শুরু করে দিয়েছে। গ্রীস সফরে প্রধানমন্ত্রী মোদির সঙ্গে আদানি না গেলেও তাঁর ব্যবসায়িক প্রতিনিধিরা গিয়েছিল। তাঁরা গ্রীস সরকারের ব্যবসাকি প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ করে গ্রীস দেশের বন্দর নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে। সমানে এগিয়ে আসতে শুরু করে দিয়েছে জি-২০ সম্মেলন। তার জন্য দিল্লি প্রস্তুত হতে শুরু করে দিয়েছে। সংসদের বিশেষ অধিবেশন কী ধরনের আলোনচা করা হতে পারে তা নিয়ে সাংসদের কোনও ধারনা নেই বলে জানতে পারা গিয়েছে। এদিকে বিরোধী দলের জোট ইণ্ডিয়া গোষ্ঠীর সাংসদেরা ভাবতে শুরু করে দিয়েছে সরকার এখন মহিলা বিল, কাশ্মীরে নির্বাচন এবং দেশের আর্থিক অবস্থা নিয়ে আলোচনা করতে পারে। সংসদের নতুন ভবনে এই অধিবেশন বসার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আগামি ৯ জুন থেকে ১০ জুন শীর্ষ বৈঠকে অংশ গ্রহণ করবেন চিনের প্রধান মন্ত্রী লি খচিয়াং। চিনের প্রধানমন্ত্রী হিসাবে এটিই হবে তাঁর প্রথম ভারত সফর। এদিকে বিদেশ মন্ত্রক সব রাষ্ট্র নেতাদের আগাম আমন্ত্রণপত্র পাঠিয়েছিল। কিন্তু সেখানে জানতে পারা গিয়েছে রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন স্বদেশ ছেড়ে কোথাও যাচ্ছেন না। তিনি ইউক্রেন নিয়ে খুবই ব্যস্ত। রাশিয়ার বিদেশ মন্ত্রী ভারতের জি-২০ সম্মেলনে যোগদান করতে পারেন বলে জানতে পারা গিয়েছে। রাশিয়ার প্রতিরক্ষামন্ত্রীর সঙ্গে চিনের প্রতিরক্ষামন্ত্রীর কথা হয়েছে রুশ ইউক্রেন যুদ্ধ নিয়ে বলে জানতে পারা গিয়েছে। ব্রিকস সম্মেলনে বুঝতে পারা গিয়েছিল যে ভারতের সঙ্গে চিনের বৈর্য্যতা বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে। চিন এখন আর সীমান্ত থেকে তাদের সেনা সরাতে ইচ্ছা প্রকাশ করছে না। এদিকে ব্রিটেনের প্রধানমন্ত্রী ঋশি সনুক আসার ইঙ্গিত দিয়েছেন। তিনি পরিস্কার করে বলেছেন ভারতের সঙ্গে ব্রিটিশ সরকার সব সময়ে ব্যবসায়িক সম্পর্ক তৈরি করতে চায়। এমনকী ভারতের সঙ্গে মহকাশ গবেষণায় ব্রিটেন অংশীদার হতে ইচ্ছুক বলে জানতে পারা গিয়েছে। এদিকে বিশ্ব সমীক্ষা বলতে শুরু করে দিয়েছে যে ভারতের প্রধানমন্ত্রী বিশ্ব গুরুর ভাবমূর্তিতে ধাক্কা লাগতে শুরু করে দিয়েছে।

বিপদে পাকিস্তান

রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে পাশ হওয়া প্রস্তাব অনুযায়ী হাফিজকে জঙ্গি তকমা দেওয়া হয়েছিল। এক সময়ে আমেরিকা ঘোষণা করেছিল যে হাফিজের বিরুদ্ধে তথ্য দিলে এক কোটি ডলার দেওয়া হবে। এদিকে কূটনৈতিকদের মতে, মূলত সন্ত্রাসে আর্থিক মদতের কারণে আন্তর্জাতিক নজরদারি সংস্থা এএফটিএফ এর চাপেই জঙ্গিদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করতে শুরু করে দিয়েছে পাকিস্তান। ভারত বিশ্বের বহু রাষ্ট্রের কাছে অনুরোধ করতে শুরু করে দিয়েছিল যে জঙ্গিদের রাষ্ট্রীয় মদত দিতে শুরু করে দিয়েছে পাকিস্তান। পাকিস্তান যদি রাষ্ট্রীয় মদত দেওয়া বন্ধ করে এবং জঙ্গিদের বিরুদ্ধে কঠোর সিদ্ধান্ত গ্রহণ করে তাহলে জঙ্গিরা পাকিস্তানের মাটি ব্যবহার করতে দ্বিধাগ্রস্ত হবে। পাকিস্তানের মাটিতে বসে জঙ্গিরা তাদের কার্যকলাপ বৃদ্ধি করতে শুরু করে দিয়েছে। ভারতের বিদেশ মন্ত্রক বছর দুই আগে একটি রিপোর্ট দিয়েছিল এএফটিএফকে। তাতে বলা হয়েছিল যে জামাত উদ দাওয়া তথা লস্কর ই তইবার মূল শাখা সংগঠন ফালাহ ই ইনসানিয়তের ষাটটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট বন্ধ করে দিলেও তাদের কোনও অসুবিধা হয়নি। তারা সন্ত্রাসবাদীদের আর্থিক সহায়তা বজায় রাখতে পেরেছিল এবং জঙ্গিদের আর্থিক সাহায্য করতে সক্ষম ছিল। ফলে জঙ্গি কার্যকলাপে কোনও সময়ে ভাটা পড়েনি পাকিস্তানে। যতদিন গিয়েছে ততই জঙ্গি কার্যকলাপ আরও বৃদ্ধি পেয়েছে। হাফিজের কতগুলি ব্যাঙ্ক অ্যাকাউন্ট রয়েছে তার কোনও পরিস্কার রিপোর্ট নেই পাক প্রশাসনের কাছে। ফলে বহু ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা এসেছে। সেখান থেকে আর্থিক সাহায্য অব্যাহত ছিল। বিশ্বের চোখে ধুলো দিতে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল বলে জানতে পারা গিয়েছে। কাশ্মীরের জঙ্গি প্রবেশের সঙ্গে হাফিজ যুক্ত থাকছে বলে প্রমাণ পেয়েছে ভারত। যদিও হাফিজ কারাগারে রয়েছে। সেখান থেকেই তার নির্দেশে জঙ্গি সংস্থাগুলো কাজ করে চলেছে বলে মনে করে অনেকেই। গত বছর পুলওয়ামায় সিআরপি-র কনভয়ে গাড়ি বোমা বিস্ফোরণে জড়িত জইশ-ই-মহম্মদকে পাক গুপ্তচর সংস্থা আইএসআই কীভাবে সাহায্য করেছিল তার প্রমাণ এএফটিআইকে দিয়েছিল দিল্লি। তারপর থেকে পাকিস্তান একন ভয় পেতে শুরু করে দিয়েছে। এদিকে এএফটিএফ থেকে জানতে পারা গিয়েছে যে আগামি দিনে পাকিস্তান যদি এইভাবে জঙ্গি সংস্থাগুলোকে উৎসাহ এবং আর্থিক সহায়তা করতে থাকে তাহলে পাকিস্তানকে কালো তালিকাভূক্ত করতে বেশি সময় নেওয়া হবে না। পাকিস্তান যদি একবার এএফটিএফ এর কালো তালিকাভুক্ত দেশ হিসাবে চিহ্নিত হয়ে যায় তাহলে আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার, বিশ্ব ব্যাঙ্ক, এশীয় উন্নয়ন ব্যাঙ্ক থেকে আর্থিক সাহায্য পাওয়া খুবই কঠিন হবে। এদিকে আমেরিকার প্রেসিডেন্ট ট্রাম্পও পাকিস্তানকে আর্থিক সাহায্য করার পক্ষে নন। তিনিও পাকিস্তানকে জঙ্গি রাষ্ট্র বলে ঘোষণা দিতে ইচ্ছুক।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী

শ্রেষ্ঠজনে করলে প্রাণাম নিয়ত
মাথা ঠেকিয়ে পায়
নিজের ভাল হলেও কিন্তু তাঁর
আয়ুটি ক্ষয়েই যায়।
শরীরটা তোর লম্বা যত ততখানি
ভুঁই বাদ, করলে প্রণাম পাবি
প্রাণে আনন্দ-প্রাসাদ।

কালী সাধক বামাক্ষ্যাপা

সাধক রামপ্রসাদ বলেন, শ্যামা মা সবাইকে শক্তি দিয়ে থাকেন। মানুষ শক্তিকে গ্রহণ করে মানব সভ্যতার বিকাশে জন্য কাজ করে চলে। শক্তিব দাত্রী হচ্ছেন মা। তিনি শক্তি দেওয়ার মূল সূত্র। তিনি শক্তি না দিলে কেউই শক্তি পেতে পারেন না। মা হচ্ছেন সর্ব শক্তির আধার। তিনি সবশক্তিদায়িনী। তাঁর দেয় শক্তি দিয়ে জগতে যে কোনও ব্যক্তিকে পরাস্ত করা সম্ভব। মা'ই মনের শক্তি বৃদ্ধি করে থাকে। তিনি হচ্ছেন শক্তি রূপিনী জগৎ ধাত্রী। জগত ধারিনী জগদ্ধাত্রী। তিনি জগতকে ধারন করে থাকেন। ধর্ম হচ্ছে মানুষের বাহ্যিক রূপ। তাকে সত্যে পরিণত করতে হয়। ধর্মকে সত্যপথে পরিচালিত করতে হয়।

ভারতীয় ফুটবলের জনক নগেন্দ্র প্রসাদ সর্বাধিকারী

রবীন্দ্র কুমার শীল

(কলকাতায় আবার ডুরাণ্ড কাপ নিয়ে উত্তেজনা বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে। নর্থ ইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে ০-২ গোলে পিছিয়ে থেকেও ট্রাইব্রেকারে ইস্টবেঙ্গল ক্লাব নাটকীয় জয়ের মধ্যে দিয়ে ফাইনালে ফিরে এলো। ১৯ বছর বাদে ডুরাণ্ড কাপের ফাইনাল হচ্ছে ইস্টবেঙ্গল বনাম মোহনবাগানের। যুব ভারতী ক্রীড়াঙ্গণ আবার ফুটবলে মুখোরিত হবে। ফুটবল উত্তেজনা ক্রমশ আবার কলকাতাকে ঘিরে উঠতে শুরু করে দিয়েছে। আজকের প্রতিবেদন কলকাতার ফুটবল প্রাণপুরুষকে কেন্দ্র করে যিনি ফুটবলকে সকলের কাছে প্রিয় করেছিলেন। তাঁর নাম আজকে সকলের কাছে অজানা। তাঁকে পরিচয় করিয়ে দেওয়ার জন্যই আজকে বিশেষ প্রতিবেদন)

কলকাতার রাস্তা তখন ভালো হয়নি। বলতে গেলে প্রায় সব রাস্তাই কাচা। মাটির রাস্তা। তবে হাঁটা যায়। বহু রাস্তা সাহেবদের চলার জন্য ইট পেতে দেওয়া হয়েছে। রাস্তা তখনও পাকা হয়নি। বলতে গেলে কলকাতার প্রায় আশি শতাংশ রাস্তা ছিল কাচা। পাকা রাস্তা দেখাই যেত না। জব চার্নক কলকাতা শহর পত্তন করে চলে গিয়েছেন। কলকাতা, গোবিন্দপুর এবং সুতানুটির জায়গীরদারী পেয়ে কলকাতা শহর তৈরি হয়ে গিয়েছে। ইস্ট ইণ্ডিয়া কোম্পানির শাসন চলে গিয়েছে। রানি ভিক্টোরিয়ার শাসন কাল চলছে। কলকাতায় গোরা সেনাদের ওপরে নির্ভর করে থাকে গোটা ব্রিটিশ সাম্রাজ্য। তখন কলকাতার নাগরিকেরা ফুটবল খেলা কাকে বলে জানতো না। ফুটবল কি খেলা সেটা তখন তাদের জানা ছিল না। কিন্তু ব্রিটিশ সেনারা তখন কলকাতার এফ সি গ্রাউন্ডে ফুটবল খেলতো। তারা সকাল বেলায় এবং বিকেল বেলায় ফুটবল খেলতো। সেই খেলা দেখতে প্রচুর ভিড় হতো। নেটিভরা ভিড় করে সেই খেলা দেখতে হাঁ করে। আসলে ফুটবল খেলাটা একেবারে ইংরেজদের। তারা নিজেদের মধ্যে এই খেলাকে সীমাবদ্ধ করে রাখতে চেয়েছিল। কিন্তু খেলা কোনও সময়ে একটি স্থানে সামীবদ্ধ থাকে না। সেটা চারদিকে ছড়িয়ে পড়তে বেশি সময় নেয় না। ক্রিকেট খেলা যেমন এক সময়ে ভারতের রাজা মহারাজের দরবারে সম্মান পেতে শুরু করেছিল। ঠিক তেমনি ফুটবল খেলা হয়তো রাজা মহারাজের দরবারে স্থান পায়নি। কিন্তু গোরা পল্টনদের শিবিরে এই খেলাটি জনপ্রিয় ছিল। তারা স্বাস্থ্য এবং দ্রুতগামীতাকে সঠিক রাখার জন্য কয়েক ঘন্টা ধরে সকালবেলায় এবং বিকেলে ফুটবল খেলা খেলতো। তাদের নিজেদের মধ্যে প্রাকটিস করতো এবং ফুটবল প্রতিযোগিতার আয়োজন করতো। কিন্তু ইংরেজদের এই জনপ্রিয় খেলাতে ভারতের নেটিভরা অতি সহজেই গ্রহণ করে নেয় এবং সবার শীর্ষে তাকে স্থান দিকে কোনও কুণ্ঠাবোধ করেনি। ভারতের রাজা মহারাজা যেমন ক্রিকেটকে সাদরে গ্রহণ করে নিয়ে রাজদরবারে স্থান দিতে কোনও কুণ্ঠাবোধ করেনি। ঠিক তেমনি ফুটবলকে সাদরে গ্রহণ করে নিয়েছিল মধ্যবিত্ত পরিবার এবং নিম্নবিত্ত পরিবারের সদস্য। এই সব মধ্যবিত্ত এবং নিম্নবিত্ত পরিবারের সদস্যরা কলকাতা ময়দানে ঘুরে বেড়াতো হাতে কাজ না থাকলে। তারাই ফুটবলকে সাদরে গ্রহণ করে কলকাতা ময়দানে প্রতিষ্ঠা করে।

১৮৭৭ সালের একটি দিনের কথা। সেই সময়ে কলকাতার এফসি গ্রাউন্ডের পাশ দিয়ে চলেছে একটি ছেলে। তার পিঠে রয়েছে মায়ের দেওয়া একটি বোঝা। মা তার সঙ্গে সঙ্গে চলেছে। মায়ের হাত ধরে ছেলেটি রাস্তায় দিয়ে হেঁটে যাচ্ছে। ঠিক সেই সময়ে একদল গোরা সেনা এফসি মাঠে ফুটবল খেলছিল। ছেলেটি সেনাদের খেলা দেখে একেবারে থমকে গেল। মা'য়ের হাত ছেড়ে দিয়ে একেবারে বড় বড় গোল গোল চোখ করে খেলাটা দেখতে লাগলো। মা তাকে যতই হাত ধরে টানতে থাকে সে মায়ের হাত ছাড়িয়ে দিয়ে এক মনে খেলা দেখতে থাকে। তখন পাঁচিল দিয়ে ঘেরা ছিল না এফসি গ্রাউণ্ড। একেবারে খোলা মাঠ। সেই মাঠের মাঝখানে খেলেছে চলেছে গোরা সেনারা। তাদের গায়ের রং একেবারে টকটকে ফর্সা। একটু খেললে গা দিয়ে ঘাম ঝরতে থাকে। সেনাদের গালগুলো লাল হয়ে ফুলতে শুরু করে। তবুও কিন্তু একভাবে তারা ফুটবল খেলে যায়। ছোট ছেলেটি এই ধরনের খেলা আগে কখন দেখেনি। অবাক দৃষ্টি মেলে খেলা দেখতে থাকে। মা তো ভয়ে একেবারে কোনঠাসা হয়ে গিয়েছে। গোড়া সেনাদের কথা তিনি শুনেছেন। জেনেছেন গোরা সেনারা নাকি হয় ভয়ঙ্কর। তারা একটুতেই খেপে ওঠে। রেগে গেলে একেবারে চাবুক নিয়ে পিঠেতে মারতে থাকে। কারোর কোনও তোয়াক্কা করে না এই সব সেনারা। তারা ফুটল খেলছে তা দেখে একেবারে অবাক ছেলেটি। একবার বলটা লাইনের বাইরে এসে গেল। তখন একজন সেনা চেঁচিয়ে বলল, এই বাচ্চা বলটা একটি সট করতো। ছেলেটি মায়ের হাত ছেড়ে দিয়ে পা দিয়ে বলটা সট করলো সেনাদের দিকে তাক করে। বলটাতে প্রথম সট দিয়ে সে আনন্দ উপভোগ করলো। মা তাকে যত হাত দিয়ে টানতে থাকে ততই সে মায়ের হাত ছাড়িয়ে দিয়ে সেনাদের খেলা দেখতে থাকে। মা ছোট ছেলেটাকে আর বিরক্ত না করে ছেলের পাশে দাঁড়িয়ে সেনাদের খেলা দেখতে থাকে। প্রায় আধ ঘন্টা ধরে খেলাতে ভালো করে পরখ করে তারপর সে মায়ের হাত ধরে বাড়ি ফিরে আসে। রাতে বিছানায় শুয়ে ফুটবল খেলার স্বপ্ন দেখতে থাকে সে। দেখছে, সে সেনাদের মতো ফুটবল খেলছে সারা মাঠ জুড়ে। তার বন্ধুরা তার সঙ্গে মাঠে ফুটবল খেলছে। তার স্কুল ছিল হেয়ার স্কুল। হেয়ার স্কুলে ছেলেরা তখন ফুটবল খেলা কাকে বলে জানতো না। সেই বালকটি তার বন্ধুদের নিয়ে টিফিনের সময়ে ফুটবল খেলার সিদ্ধান্ত গ্রহণ করলো।



ফুটবল কিনতে হবে। সিদ্ধান্ত নিল, সবার কাছ থেকে চাঁদা তুলতে হবে। স্কুলে একটি ফুটবল দল তৈরি করলো। তার নাম দেওয়া হল বয়েস ক্লাব। যারা ফুটবল খেলতে আগ্রহী তাদের সঙ্গে নিয়ে এল বহুবাজার এলাকায়। সেখানে ছিল মেসার্স মার্টিন অ্যাণ্ড কোম্পানি। ছেলেরা ফুটবল না কিনে সেখান থেকে রাগবি বল কিনে নিয়ে এসে ফুবল খেলা শুরু করলো হেরা স্কুলের মাঠে। ফুটবলের আকার কী রকম, কী রকম দেখতে ফুটবল তা তারা জানতো না। টিফিনের সময় ছেলেরা রাগবি বল নিয়ে হেয়ার স্কুলের মাঠে ফুটবল খেলতে গেলে সেই খেলার দিকে অবাক হয়ে তাকিয়ে থাকেন প্রেসিডেন্সি কলেজে অধ্যাপক জি এ স্টক। তিনি ছাত্রদের ডেকে জিজ্ঞাসা করলেন তারা কী রকম দেখতে ফুটবল সেটা জানে কিনা। ফুটবল খেলা রকম এবং কীভাবে ফুটবল খেতে হয় তাও জানে না। তারা শুধু জানে যে বলটাকে শুধু লাথি দিয়ে মারতে হয়। তখন অধ্যাপক সিদ্ধান্ত গ্রহণ করলেন ছাত্রদের একটি ফুটবল উপহার দেবেন এবং ফুটবল খেলার প্রাথমিক নিয়মকানুন শিখিয়ে দেবেন।

অধ্যাপক ছাত্রদের নিয়ে টিফিনের সময় হেয়ার স্কুলের মাঠে টিফিনের সময়ে প্রশিক্ষণ দিতে থাকেন। এই শুরু হল ভারতীয় ফুটবল খেলার শুভ সূচনা। নগেন্দ্র প্রসাদ সর্বাধিকারী স্কুল থেকে জীবন থেকে আর ফুটবলের মায়াকে ত্যাগ করতে পারেননি। তিনি সারা জীবনটাকে ফুটবলের কাছে উৎসর্গ করে দিয়েছিলেন। বয়েস ক্লাবই ছিল ভারতীয় প্রথম ফুটবল ক্লাব। যদিও এই ফুটবল ক্লাবের কোনও স্থায়িত্ব লাভ করেনি। তারপরে ফ্রেন্ডস ক্লাব প্রতিষ্ঠা লাভ করে নগেন্দ্র মল্লিকের তত্ত্বাবধানে। এই ক্লাব গঠন হয়েছিল মল্লিক রয়্যাল ফ্যামিলির সহযোগিতায়। তারপরে ওয়েলিংটন ক্লাব গঠন করেন। এই ক্লাবটি গঠন করা হয়েছিল ১৮৮০ সালে। এই ক্লাবে খেলতে নাম লিখিয়ে ছিলেন মণি দাস। কিন্তু সে নিম্ন শ্রেনির সম্প্রদায়ভুক্ত লোক ছিল বলে তাকে ফুটবল খেলায় অংশ গ্রহণ করতে বাধা দিতে থাকে রক্ষণশীল পরিবারের সদস্যরা। রাগে এবং ক্ষোভে তখন নগেন্দ্র প্রসাদ সর্বাধিকারী ওয়েলিংটন ক্লাব ভেঙে তৈরি করলেন শোভাবাজার ক্লাব। সালটি তখন ১৮৮৭। সেখানে মণি দাসকে খেলায় অংশ গ্রহণ করার অধিকার দেওয়া হয়। এর পরে আগ ঘুরে দাঁড়াতে হয়নি মণি দাসকে। তিনি পরে মোহনবাগান ক্লাবের অধিনায়ক হয়েছিলেন। শোভাবাজার ক্লাব সর্বভারতীয় ক্লাব হিসাবে সুনাম অর্জন করতে থাকে। তিন বছর বাদে ব্রিটিশ ইন্সটিটিউট ট্রেডার্স কাপ খেলায় অংশ গ্রহণ করে এই ক্লাবটি। এই খেলায় ভারতীয় ক্লাব দল হিসাবে শোভাবাজার ক্লাব বিরোধী দলকে পরাজিত করে ২-১ গোলে। বিপক্ষ শিবিরে ক্লাবটির নাম ছিল ইস্ট সার্ভে রেজিমেন্ট। সেনাদের ক্লাব। পরবর্তীকালে আমরা দেখতে পাই যে নগেন্দ্র প্রসাদ সর্বাধিকারী ফুটবল খেলাটিকে দেশের সর্বত্র ছড়িয়ে দিতে সক্ষম হন। জেলা স্তরে ফুটবলের উন্নতি করার জন্য তিনি এগিয়ে এসেছিলেন।

নগেন্দ্র প্রসাদ সর্বাধিকারী ভারতীয় ফুটবলের জনক ছিলেন। প্রায় দশ বছর বয়স থেকে তিনি ফুটল খেলতে শুরু করেন। শুধু ফুটবল তিনি খেলেননি। খেলাটিকে সর্বস্তরে ছড়িয়ে দেওয়ার উদ্যোগ গ্রহণ করেন। তিনি কলকাতা ফুটবলের প্রাণ পুরুষ ছিলেন বলা যেতে পারে। ফুটবল খেলাটি জাত এবং শ্রেণি বিভেদ ভেঙে দিতে সমর্থ হয়। ফুটবল খেলাকে সেই সময়ে রক্ষণশীল হিন্দু সমাজ ক্ষিপ্ত হয়ে উঠে। কিন্তু তারা কিছুই করতে পারে না। স্বয়ং ব্রিটিশ প্রশাসন ফুটবল খেলাকে সর্বস্তরে ছড়িয়ে দিতে আগ্রহী ছিলেন বলেই এই খেলাতে সব শ্রেণির মানুষেরা অংশ গ্রহণ করতে সমর্থ হয়। রক্ষণশীল হিন্দু সমাজ একেবারে ধীরে ধীরে ভাঙতে থাকে। হিন্দুরা সবাই হাতে হাত মিলিয়ে জাতিবর্ণ নির্বিশেষে ফুটবল খেলায় অংশ গ্রহণ করে এই খেলাকে জনপ্রিয় করতে সমর্থ হয়। ১৮৯০ সালে দেখতে পাওয়া গেল ভারতের ছোট ছোট ফুটবল খেলার ক্লাবগুলো সর্ব ভারতীয় ফুটবল খেলায় অংশ গ্রহণ করছে। কলকাতার বহু স্বদেশি ফুটবল ক্লাব ব্রিটিশ ক্লাবের সঙ্গে লড়াই করে চলেছে মাঠে ময়দানে ফুটবলকে নিয়ে।

কলকাতা ময়দান এক সময়ে ফুটবলের পীঠস্থান হিসাবে নাম করে ছিল। তখন কলকাতায় শক্তিশালী স্বদেশি ক্লাবগুলো রীতিমতো ব্রিটিশ সেনাদের সঙ্গে ফুটল নিয়ে লড়াই করার দক্ষতা অর্জন করে ফেলেছে। তার উজ্জ্বল দৃষ্টান্ত দেখতে পাই মোহনবাগান ক্লাব ১৯১১ সালে আইএফএস শিল্ড লাভ করলো ব্রিটিশ সেনাদের পরাজিত করে। এর আগে আইএফএ শিল্ড জিতে নেওয়ার অধিকার অর্জন করতে পারেনি কোনও ভারতীয় ক্লাব। মোহনবাগান সর্বপ্রথম স্বদেশি ক্লাব যে ক্লাবটি আইএফএ শিল্ড জয় করে ভারতীয় ফুটবল ইতিহাসে নিজের নামকে স্বর্ণাক্ষরে লিখে রাখতে পারলো। আজও সেই দিনের কথা কেউ ভুলে যায়নি। সবাই মনে রেখে দিয়েছে। কলকাতা ময়দানের অন্যতম প্রাণ পুরুষ ছিলেন নগেন্দ্র প্রসাদ সর্বাধিকারী। তিনি এগিয়ে এসেছিলেন বলেই কলকাতা ময়দান ফুটবলে সুনাম অর্জন করতে সক্ষম হন।

নগেন্দ্র প্রসাদ সর্বাধিকারী ১৮৯৬ সালে ৬ আগস্ট জন্মগ্রহণ করেন। তিনি পরলোকগমন করেন ১৯৪০ সালে ১৭ জানুয়ারি। ফুটবল জগত তাঁর নাম স্মরণ করতে ব্যস্ত। কিন্তু তাঁর মতো কোনও ফুটবল ব্যক্তিত্ব না থাকার ফলে আজকে কলকাতা ময়দান একেবারে শ্মশানে পরিণত হতো। আজকে কলকাতা ফুটবলের মান একেবারে হারিয়ে যেতে শুরু করেছে। তার একটি মাত্র কারণ হচ্ছে ফুটবলকে নিয়ে আর সাড়া জাগানো কোনও ব্যক্তিত্ব ময়দানে নেই। কলকাতা ময়দানের ফুটবলের প্রাণ আনতে গেলে আর একজন নগেন্দ্রনাথ সর্বাধিকারী প্রয়োজন। তার মতো ফুটবলপ্রেমী থাকলে তবেই আবার কলকাতা ময়দানে ফুটবলে প্রাণ ফিরে আসবে।

গান্ধিজির জন্মদিনে কী ইণ্ডিয়ার ইস্তাহার প্রকাশ ?

জোট ইণ্ডিয়ার রাজ ফেলে রাখা চলবে না। মুম্বই সম্মেলন সিদ্ধান্ত গ্রহণ করার কথা বলা হয়েছে। অরবিন্দ কেজরিওয়াল বলেছেন যে ৩০সেপ্টেম্বরের মধ্যে আসন বন্টনের সূত্র ঠিক করে ফেলা হোক। বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার বলেছেন আলোচনা এখনও বাকি রয়েছে। সব আলোচনা সমাপ্ত করে ফেলতে হবে। বেশি দেরি করা চলবে না। নভেম্বর ডিসেম্বর মাসেই পাঁচটি রাজ্যে বিধানসভার নির্বাচন। কেন্দ্রীয় স্তরে জোট হলেও রাজ্য স্তরে কিন্তু জোট হয়নি। তার ফলে সব বিজেপি বিরোধী দলের নেতারা রাজ্যস্তরের বিধানসভার নির্বাচনে ব্যস্ত থাকবেন। তৃতীয় বৈঠক হওয়ার দিন পর্যন্ত ঠিক হয়ে গিয়েছিল। কিন্তু হঠাৎ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ১৮ সেপ্টেম্বর সংসদে বিশেষ অধিবেশনের ডাক দিয়েছেন। তবে বিরোধী দলের নেতারা বলতে শুরু করে দিয়েছেন যে বিজেপি দল যা ইচ্ছা তাই করতে পারে। সব কিছুর জন্য তৈরি থাকতে হবে। আগামি ২ অক্টোবর গান্ধিজির জন্মদিনে ইণ্ডিয়া জোট বিশেষ অনুষ্ঠান করতে প্রস্তুত। গান্ধিজির সমাধিক্ষেত্র রাজঘাট থেকে ইণ্ডিয়ার পাঁচ ছয়টি কর্মসূচির কথা ঘোষণা করে দেওয়া হোক। এইদিন এই পাঁচ ছয়টি কথাকে ইস্তাহারে প্রকাশ করতে ইচ্ছুক ইণ্ডিয়া জোট বলে জানতে পারা গিয়েছে। এদিকে মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশেই রাহুল গান্ধি বসে ছিলেন। রাহুলের অন্য পাশে ছিলেন সিপিএম দলের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি। দিল্লিতে রাহুল গান্ধির সঙ্গে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের যে গোপন বৈঠক হয়েছে তাতে অনুমান করা হচ্ছে আগামি দিনে তৃণমূল এবং কংগ্রেসের রাজনৈতিক পথ কী ধরনের গড়ে উঠবে। দুটো দলই তো কংগ্রেসের নীতিকে সমানে রেখে রাজনীতি করে থাকে। এদিকে রাহুলের সঙ্গে দিল্লিতে কথা বলার আগে অভিষেক আম আদমি দলের নেতা অরবিন্দ কেজরিওয়ালের সঙ্গে কথা বলেছিলেন বলে জানতে পারা

গিয়েছে। রাজ্যস্তরের আসন বন্টন কীভাবে হবে তা নিয়ে ৩০ সেপ্টেম্বর ইণ্ডিয়া জোটের আলোচনা হবে বলে জানতে পারা গিয়েছে। এদিকে মুম্বই কংগ্রেসের সভাপতির পদ থেকে অনিল চৌধুরীকে সরিয়ে সেখানে অরবিন্দর সিংহ লাভলিকে নয়া সভাপতি হিসাবে বরণ করে নেওয়া হয়েছে। এদিকে আম আদমি দলের নেতা অরবিন্দ কেজরিওয়াল বলেছেন শুধু মাত্র লোকসভার নির্বাচনে আসন বন্টন হবে তা নয়, বিধানসভার নির্বাচনেও যাতে আসন বন্টন হয় তার দিকে লক্ষ্য রাখতে হবে। এদিকে সিপিএম দলের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি বলেছেন যে কৃষক সমস্যার কথাকে মাথায় রেখে ইস্তহারে তা প্রকাশ করতে হবে। শ্রমিকদের কথা ভাবতে হবে। এদিকে লালু প্রসাদ যাদব বলেছেন যে ইণ্ডিয়ার পদযাত্রা শুরু করা হোক পাটনা থেকে। আরএসএসের সদর দফতর নাগপুর, চেন্নাই, গুয়াহাটি থেকেও ইণ্ডিয়ার পদযাত্রা শুরু করা হবে। তবে এদিনের বৈঠকে রাহুল সনিয়া কেউ বেশি মুখ খোলেননি। তাঁরা চুপ করে ছিলেন। এদিকে কংগ্রেসের সভাপতি মল্লিকার্জুন খড়্গে আলোচনা সূচিতে কী কী থাকা উচিত তা প্রকাস করেননি। এদিকে এনডিএ জোট মুম্বইতে বৈঠক করেছে। এনডিএ বৈঠকে একনাথ শিণ্ডে ছাড়াও অজিত পাওয়ার রয়েছেন। এনডিএ জোট থেকে বলা হয়েছে ইণ্ডিয়া জোটের লক্ষ্য হচ্ছে পরিবারতন্ত্র। আর তাতে প্রতিষ্ঠিত করতে পরিবারতন্ত্রে বিশ্বাসী রাজনৈতিক দলের নেতারা ইণ্ডিয়া জোটে সামিল হয়েছে। এদিকে পশ্চিমবঙ্গের প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী বলেছেন যে বাংলায় কংগ্রেস তৃণমূলের বিরুদ্ধে লড়াই করবে। সিপিএম কংগ্রেস এক হবে। সেই কারণে তৃণমূল ভয় পেতে শুরু করে দিয়েছে। গ্রাম বাংলার মানুষ এখন আর তৃণমূল কংগ্রেসের পাশে নেই। বিপদ বুঝত পেরে নেত্রী এখন কংগ্রেসকে ধরে বাঁচার চেষ্টা করছেন। গায়ের জোরে গ্রাম বাংলায় তৃণমূল কংগ্রেস অধিকার করতে শুরু করে দিয়েছে। কিন্তু আগামি দিনে গ্রাম বাংলা থেকে তৃণমূল কংগ্রেস মুছে যাবে। আর তাকে রক্ষা করতে এখন বাধ্য হয়ে নেত্রী ইণ্ডিয়াতে যোগদান করেছেন। রাহুল এ্যালার্জি দূর করার চেষ্টা করছে।

স্বাভাবিক হচ্ছে কাশ্মীর

কাশ্মীর স্বাভাবিক হতে শুরু করেছে। যার ফলে 'ভারত জোড়া' আন্দোলনের সমাপ্তি করতে পেরেছিলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধি। আজকে কাশ্মীরের সর্বত্র ভারতের পতাকা উড়তে দেখা যায়। যেসব স্থানে আগে পাকিস্তানের পতাকা উড়তো আজকে সেখানে ভারতের জাতীয় পতাকা। কাশ্মীরের প্রতিটি স্কুলে ১৫ আগস্ট ভারতের স্বাধীনতা দিবস পালন করা হয়েছে। আগে কাশ্মীরে ১৪ আগস্ট বিচ্ছিন্নতাবাদীরা পাকিস্তানের স্বাধীনতা দিবস পালন করতো। তার জন্য সীমান্ত পার হয়ে বহু অর্থ এসে উসস্থিত হতো ভারতের কাশ্মীরে বিচ্ছিন্নতাবাদীদের হাতে। ত এখন বন্ধ হয়ে গিয়েছে। এখন কেন্দ্র শাসিত অঞ্চলে পরিণত করে দেওয়ার ফলে সেখানে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন একেবারে থমকে গিয়েছে। জঙ্গিদের কোমর ভেঙে দিয়েছে ভারতের নিরাপত্তা বিভাগের সেনারা। লালবাগে এখন ভারতের পতাকা সব সময়ে উড়তে দেখা যায়। কাশ্মীরের আইন এখন সব রাজ্যের মতো সমান। কেন্দ্র শাসিত অঞ্চলের মতো। কাশ্মীরকে রাজ্যের স্বীকৃতি দিয়ে সময় নিচ্ছে কেন্দ্রীয় সরকার। তারা বলেছে কাশ্মীরের পরিস্থিতি স্বাভাবিক হলে সেখানে বিধানসভার নির্বাচন করা হবে। তবে খুব সম্ভবত ২০২৪ সালের আগে নয়। প্রধানমন্ত্রী মোদি তৃতীয়বারের জন্য ক্ষমতায় বসে তারপরে তিনি কাশ্মীর সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করবেন। পাকিস্তান সরকারকে বারবার বলা হয়েছিল তাদের অধিকৃত কাশ্মীর যেন ভারতকে ফেরত দিয়ে দেয়। তাতে পাকিস্তান কর্ণপাত করেনি। ভারতের প্রথম কাজ হচ্ছে এখন পাক অধিকৃত কাশ্মীরকে ভারতে ফিরিয়ে নিয়ে আসা। ভারত স্বাধীনতা হওয়ার সময়ে এমন সব চুক্তি গ্রহণ করা হয়েছিল যা ভারতকে এখন ভুগতে হচ্ছে। সেই সব চুক্তিগুলিকে একের পর এক বাতিল করে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে মোদি সরকার। যার ফলে বেশ কিছুটা ক্ষিপ্ত বলা যেতে পারে বহু বিদেশি রাষ্ট্র। তারা চায় না ভারত শান্তিতে বসবাস করুক। ভারত যাতে সব সময়ে অশান্ত হয়ে থাকে তার ব্যবস্থা পাকা করে দিয়েছিল। তার ফল ভোগ করতে হচ্ছে ভারতকে। অতীতে কাশ্মীর নিয়ে কেন্দ্রীয় সরকার কোটি কোটি টাকা খরচ করতো। একন সেই সব টাকা খরচ করা একেবারে বন্ধ করে দিয়েছেন প্রধানমন্ত্রী মোদি। তিনি কাশ্মীরকে একটি বৃহত্তম বাজারে পরিণত করার পদক্ষেপ গ্রহণ করেছেন। তার ফলে আজকে কাশ্মীরের শ্রীনগর মেগা সিটিতে পরিণত হতে শুরু করেছে। বড় হেটেল রেস্তোরাঁ থেকে শুরু করে বৃহৎ বাজার সৃষ্টি হয়েছে। লাদাখের বেশ কিছু অংশে পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার ইচ্ছা প্রকাশ করেছে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক। ফলে কাশ্মীরকে একন নতুন রূপে দেখতে পাওয়া সম্ভব হবে। কাশ্মীর সফর করতে আগ্রহ প্রকাশ করেছেন রাহুল গান্ধি। তিনি বলেছেন তাঁর সঙ্গীসাথীদের নিয়ে কাশ্মীর সফর করবেন। কাশ্মীরের রাজ্যপাল এই প্রস্তাবকে স্বাগত জানিয়েছেন। তিনি বলেন, কাশ্মীর সরকার সব সময়ে প্রস্তুত। কাশ্মীরের কার্ফু তুলে নেওয়া হয়েছে বলে প্রশাসন থেকে জানতে পারা গিয়েছে। স্কুল কলেজ খুলেছে। ধীরে ধীরে কাশ্মীর স্বাভাবিক হচ্ছে বলে জানা গিয়েছে। কাশ্মীরে বিনিয়োগ করার স্থানগুলো এখন থেকে বাছাই করা হচ্ছে বলে জানতে পারা যায়। সরকার থেকে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কাশ্মীর নিয়ে বিরোধী দলের নেতারা কোনও কথা বলার সুযোগ পায়নি। তারা লোকসভায় বেশ কয়েকবার চিৎকার করেছিল। তারপর এখন তারা নিরব দর্শক হয়ে গিয়েছে। কাশ্মীর নিয়ে যেমন দেশের ভিতরে কেউ কথা বলতে সাহস পাচ্ছে না। ঠিক সেই রকম বিশ্বের কোনও দেশ কাশ্মীর নিয়ে কথা বলছে না। এমনকী ইসলামি দেশগুলো একেবারে নিরব হয়ে গিয়েছে। তাদের মুখ দিয়ে কোনও কথা বের হচ্ছে না। তারা পাকিস্তান সরকারের হয়ে কোনও কথা বলতে পারছে না। এমনকী কাশ্মীর নিয়ে পাকিস্তানকে সমর্থন করতে অপারগ। এদিকে কাশ্মীর নিয়ে উৎসাহ প্রকাশ করছে না ইসরায়েল। ইসরায়েল পুরো বিষয়টির ওপরে নজর রাখতে শুরু করেছে মাত্র। কিন্তু প্রকাশ্যে কোনও কথা বলছে না। ফলে মধ্যপ্রাচ্যের কোনও দেশ আগ বাড়িয়ে কাশ্মীরের ব্যাপারে নাক গলাচ্ছে না। তারা শুধু মুখ বন্ধ করে রয়েছে। এদিকে পাকিস্তানের প্রধানমন্ত্রী পরমাণু অস্ত্রে ভয় দেখিয়েছেন। কিন্তু পরমাণু অস্ত্র পাকিস্তান যদি ব্যবহার করে তাহলে কিন্তু ভারত ছেড়ে কথা বলবে না বলে জানিয়েছেন স্বরাষ্ট্র মন্ত্রী রাজনাথ সিং। তিনি বলেন, পরমাণু ভয় দেখিয়ে ভারতকে জব্দ করা যাবে না। ভারত বলেছিল, পরমাণু অস্ত্র ব্যবহার করবে শুধু মাত্র শান্তির জন্য। কিন্তু ভারতের ওপরে যদি পরমানু হানা হয় তাহলে কিন্তু ভারত পরমানু ব্যবহার করতে দ্বিধাবোধ করবে না।

কলকাতার ইতিহাস ঃ বাগবাজারের রসগোল্লা

রবীন্দ্র কুমার শীল

পশ্চিমবঙ্গে বেশ কয়েকটি মিষ্টি বিখ্যাত। এই সব মিষ্টির জগত খ্যাতি রয়েছে। রসগোল্লা বিখ্যাত বাগবাজার। বাগবাজারের রসগোল্লা প্রথম তৈরি করেছিলেন নবীন চন্দ্র দাস। তারপরে সেই রসগোল্লা তৈরি নাম করেন কে সি দাস। কেসি দাস রসগোলাকে বিদেশে পাঠায় টিনের প্যাকিং করে। তবে রসগোল্লা ভারত স্বীকৃতি লাভ করেছে পশ্চিমবঙ্গ। এখানে রসগোল্লা প্রথম তৈরি হয়েছিল বলে কেন্দ্রীয় সরকার স্বীকার করে নেয়। সীতাভোগ-মিহিদানা তৈরি করে বিখ্যাত হয়েছে বর্ধমান। তবে জল আবহাওয়ার ওপরে নির্ভর করে থাকে মিষ্টি। ভালো মিষ্টি তৈরি করার কারিগর থাকা দরকার। ল্যাংচা তৈরি করে বিখাত হয়েছে শক্তিগড়। শক্তিগড়ের মতো ল্যাংচা আর কোথাও পাওয়া যায় না। শক্তিগড়ের এক দোকানদারকে এর কারণ জিজ্ঞাসা করলে জানতে গেলে, একমাত্র ল্যাংচা তৈরি করার আসল কারিগর পাওয়া যায় শক্তিগড়ে। অন্যত্র ভালো ল্যাংচা তৈরি করার মতো দক্ষ কারিগর আর কোথাও পাওয়া যায় না বলেই শক্তিগড়ের ল্যাংচা এতো বিখ্যাত। কথা ঠিক। কদমা পাওয়া যায় মানকরে। কারণ এখানে কদমা হচ্ছে ক্ষুদ্রশিল্প।

প্রায় প্রতিটি ঘরে কদমা তৈরি হয়। সেই সব কদমা ঘর থেকে তৈরি হয়ে দোকানে উপস্থিত হলে তা বিক্রি করা হয়। মোয়া তৈরি করে বিখ্যাত হয় জয়নগর। জয়নগরে তালের রস পাওয়া যেত। এখন আর এই রকম স্বাদের তালের রস অন্যত্র পাওয়া যায় না। একমাত্র জয়নগর এলাকায় ছাড়া ভালো জাতের তালের রস পাওয়া অসম্ভব। এর একটি মাত্র কারণ হল এখানকার জল আবহাওয়া ভালো তাল রস হওয়ার পক্ষে উপযুক্ত। লাল দই পাওয়া যায় নবদ্বীপে। আর রসমকদম্ব পাওয়া যায় মালদহ এলাকায়। মোরব্বার জন্য বিখ্যাত সিউড়ি। মেচা সন্দেশ বেলিয়াতোড় বিখ্যাত। ছানাবড়া বিখ্যাত বহরমপুরে। জনাইয়ের মনোহরা বিখ্যাত। সাদাবোদে বিখ্যাত কামারপুকুরে। কাজু বরফি বিখ্যাত কাঁথিতে। মুগের জিলিপি বিখ্যাত কেশপুরে এবং ডোবরায়। বাবরশা ক্ষীরপাই অঞ্চলে বিখ্যাত। ক্ষীরপাই বিখ্যাত গঙ্গারামপুরে। ভীম নাগের জলভরা তালশাঁস সন্দেশ বিখ্যাত।

সিপিও অফিসে ঝুলল তালা

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ১ সেপ্টেম্বর ঃ মিড ডে মিলের বকেয়া টাকা আদায়ের দাবি সহ একাধিক দাবিদাওয়া নিয়ে চোপড়ার সিপিও অফিসে তালা মেরে অবস্থান বিক্ষোভ আইসিডিএস কর্মীদের। তাদের অভিযোগ প্রায় চার মাস ধরে তারা আইসিডিএস সেন্টারের মিড ডে মিলের খরচ পাচ্ছেন না। সেন্টার চালাতে চরম সমস্যা পড়েছে আইসিডিএস সেন্টারের কর্মীরা। এবিষয়ে একাধিক বার সিপিও-র কাছে অভিযোগ জানিয়েও কোনও লাভ হয়নি বলে অভিযোগ কর্মীদের। ফলে বাধ্য হয়ে আজকে তারা সিপিও অফিসে গেটে তালা মেরে অবস্থান বিক্ষোভ দেখাতে শুর করে। দীর্ঘক্ষণ অবস্থান বিক্ষোভ চলার পর অবশেষে চোপড়া বিডিও সমীর মন্ডলের আশ্বাসে তারা অবস্থান বিক্ষোভ তুলেনেন। এবং আগামীদিনে তাদের দাবি পূরণ না হলে আরও বৃহত্তর আন্দোলনে নামার হুঁশিয়ার দিয়েছেন আইসিডিএস সেন্টার কর্মীরা।

জিআরপির উদ্যোগে বসে আঁকো

সুজিত দত্ত, বর্ধমান, ১ সেপ্টেম্বর ঃ পুলিশ ডে উপলক্ষে কাটোয়া জিআরপির উদ্যোগে শিশুদের একটি বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হল শুক্রবার। এদিন কাটোয়া প্লাটফর্মে আয়োজিত ওই বসে আঁকো প্রতিযোগিতায় প্রায় ২৫ জন প্রতিযোগী অংশগ্রহন করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাটোয়া জিআরপির ওসি সন্দীপ মুখার্জী, আইআরপি আব্দুল সালাম সেখ সহ অন্যান্য রেল পুলিশের আধিকারিকবৃন্দ। সন্দীপ মুখার্জী জানান, সারা বছর জনগনের সেবা ও নিরাপত্তার জন্য সজাগ থাকেন সর্বস্তরের পুলিশ কর্মীরা। রেল যাত্রীদের সুরক্ষার জন্য তারা সর্বদা তৎপর থাকেন। তাই পুলিশ দিবসকে স্মরণীয় রাখতে কাটোয়া জিআরপির পক্ষ থেকে শিশুদের জন্য বসে আঁকো প্রতিযোগিতাটির আয়োজন করা হয়। প্রতিটি প্রতিযোগিকে কালার পেনসিল বক্স, আঁকার খাতা ও টিফিন প্রদান করা হয়। এছাড়া প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীকে পুরস্কৃত করা হয়। পুলিশ দিবসে কাটোয়া জিআরপির এই উদ্যোগ কে সাধুবাদ জানিয়েছেন সাধারণ মানুষ ও রেলযাত্রীরা।

বিদ্যুৎ বিভ্রাটের জেরে পথ অবরোধ

দুরন্ত বার্তা, রানাঘাট, ১ সেপ্টেম্বর ঃ রানাঘাটের আইসতলা এলাকায় দফায় দফায় বিদ্যুৎ বিভ্রাট। সাধারণ মানুষ ও পাওয়ার লুমের শ্রমিকরা নদীয়া রানাঘাটে অবিচ্ছন্ন পরিষেবার দাবিতে রানাঘাট-কৃষ্ণনগর রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ। তীব্র যানজট। দিনের অধিকাংশ সময় থাকছে না বিদ্যুৎ পরিষেবা, নাভিশ্বাস উঠছে রানাঘাট রামনগর ১নম্বর গ্রাম পঞ্চায়েতের বাসিন্দাদের। আবার বিদ্যুৎ না থাকার কারণে ব্যাহত হচ্ছে পাওয়ার লুমের কাজকর্ম। সংশ্লিষ্ট বিদ্যুৎ দফতরকে বারংবার জানিয়েও সমস্যা মেটেনি। তাই বাধ্য হয়ে শুক্রবার সকাল সাড়ে আটটা থেকে রানাঘাট-কৃষ্ণনগর রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ সামিল বাসিন্দারা। তাঁদের দাবি, রানাঘাট রামনগর এলাকার একটি ফিডার এতদিন যুক্ত ছিল রানাঘাটের সঙ্গে পরিবর্তে ওই এলাকার এলাকায় ফিডারটি আড়ংঘাটার সাথে যুক্ত হওয়ায় বিদ্যুৎ পরিষেবা প্রায়শই ব্যাহত হচ্ছে। বর্তমানে এই অংশে বেশ কয়েকটি পাওয়ারলুম রয়েছে। যাতে প্রায় পাঁচ থেকে সাত হাজার মানুষ রুটি-রুজির ব্যবস্থা সেখানে। বর্তমানে এই ফিডারটি চেঞ্জ হওয়ার কারণে প্রায়শই বিদ্যুৎ থাকছে না, ওই এলাকাতে যার ফলে সমস্যায় পড়েছেন রামনগর গ্রাম পঞ্চায়েতের অধীন সুভাষপল্লী, আইশতলা-সহ কয়েক হাজার মানুষ। একদিকে প্রচন্ড গরম অন্যদিকে কারখানা চালাতে না পেরে ক্ষোভে ফুঁসছেন বাসিন্দারা। নিরবিচ্ছিন্ন ভাবে বিদ্যুৎ পরিষেবা চালু রাখতে হবে। দফায় দফায় বিদ্যুৎ বিভ্রাটের কারণে দিনের অধিকাংশ সময় পাওয়ারলুম বন্ধ থাকছে। পুজোর আগে কাজের চাপ থাকলেও, বিদ্যুতের কারণে তারা পাওয়ার লুমে কাজ করতে পারছেন না। সাথে ডেঙ্গির মধ্যে প্রচন্ড গরমে রোগী থেকে বাচ্চা সকলেই নাজেহাল হয়ে যাচ্ছে। সকাল সাড়ে আটটা থেকে রাস্তা অবরোধের কারণে সড়কের তীব্র যানজট সৃষ্টি হয়। পুলিশ অবরোধকারীদের সঙ্গে কথা বললেও বিদ্যুৎ দফতরের আধিকারিকদের ঘটনাস্থলে এসে অবরোধকারীদের সঙ্গে কথা বলে আশ্বস্ত করতে হবে, এমনই দাবিতে অবরোধকারীরা অনড়। পরে প্রশাসনিক আশ্বাসে অবরোধ উঠে যায়।

বিজ্ঞাপনের জন্য মডেলের টোপ দিয়ে ধর্ষণে গ্রেফতার ২

দুরন্ত বার্তা, বর্ধমান, ১ সেপ্টেম্বর ঃ সোশ্যাল মিডিয়ায় বিজ্ঞাপনের জন্য মডেলের টোপ। আর সেই ফাঁদে পা দিয়ে লাগাতার ধর্ষণের শিকার এক গৃহবধূ। এমনই চাঞ্চল্যকর অভিযোগ বর্ধমানের আউশগ্রামে। উত্তর ২৪ পরগণার ব্যারাকপুর এলাকার বাসিন্দা ১৯ বছরের ঐ বধূর অভিযোগে গ্রেফতার ২ অভিযুক্ত। শুক্রবার বর্ধমান জেলা আদালতে পেশ করে দুই অভিযুক্তকে। ঐ মহিলার অভিযোগ, সোশ্যাল মিডিয়ায় বিজ্ঞাপন দেখে ৭ আগস্ট আউশগ্রামের ভালকি মাচান রির্সটে গিয়েছিলেন বিজ্ঞাপনের ফটোশুটের জন্য। তার কাজ হয়ে যাওয়ার ওই মহিলার কাছ থেকেই ৫,১২০ টাকা নেওয়া হয়। অভিযোগ, আবার ১৭ তারিখ তাকে ডেকে পাঠানো হয় ভাল্কিতে। স্বামীকে সঙ্গে নিয়ে সেদিনও তিনি এসেছিলেন। কিন্তু কাজ দেওয়ার নাম করে ডেকে পাঠিয়ে জোর করে তাকে ধর্ষণ করে গোপাল মিশ্র ওরফে অরবিন্দ মিশ্র নামে এক যুবক এমনটাই ঐ বধূর অভিযোগ। বিষয়টা জানাজানি করলে তার স্বামীকে খুন করার হুমকি দেওয়া হয়। ভয়ে তারা মুখ খোলেননি। এরপর ৩১ অরবিন্দ মিশ্র এবং বঙ্কিম ঘোষ তাকে জোরপূর্বক ধর্ষণ করে।

OFFICE OF THE JHALDA-II PANCHAYAT SAMITY

At-Kotshila, PO-Jiudaru, PS-Kotshila, Dist.-Purulia, 723213
Memo. No. 781/EO/JLD-II, Dated: 01/09/2023

Notice

Executive Officer, Jhalda-II Panchayat Samity invites E-tender as follows: **NIeT No.-06(e)/EO/JLD-II/2023-24 (dt. 25.07.2023)** as a 3rd Call for the same scheme **(Tender ID 2023_ZPHD_551002_3)** within the jurisdiction of Jhalda-II Panchayat Samity. Last Date of tender submission has been extended to **08.09.2023 up to 6-00 pm** respectively. Details may be obtained from website: **https://wbtenders.gov.in**

Sd/- Executive Officer
Jhalda-II Panchayat Samity

Office of the INDPUR GRAM PANCHAYAT

Indpur :: Bankura
Notice Inviting e-Tender
E-NIT NO. 07/SBM/2023-24, Dated-31/08/2023

Pradhan, Indpur Gram Panchayat invites percentage rate e-Tenders for the work of: Construction of Community Level leach pit with Silt Chamber and Platform at 12 Nos. different places. Last date of submission of Bid **07/09/2023 up to 6.00 PM.** Technical Bid opening date: **11/09/2023 at 12:00 P.M.** All information is available **www.wbtenders.gov.in**

Sd/- Pradhan
Indpur Gram Panchayat

দ্য রামেশ্বরা জুট মিলস লিমিটেড

CIN NO : L17119WB1935PLC046111
রেজি অফিস ঃ বিড়লা বিল্ডিং, ৮ম ফ্লোর,
৯/ ১, আর.এন. মুখার্জি রোড, কলকাতা-৭০০০০১
ফোন নং. + ৯১ ৩৩-৩০৫৭৩৭০০/ ৩০৪১০৯০০ (বর্ধিত নং. ৮৬০)
ফ্যাক্স ঃ + ৯১ ৩৩ ২২১০৯৪৫৫ ওয়েবসাইট ঃ http://www.rameshwarajute.com
ই-মেল ঃ sharedepartment@rjm.co.in

বার্ষিক সাধারন সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যায় যে বার্ষিক সাধারন সভা (এজিএম) রামেশ্বরা জুট মিলস লিমিটেড-এর অনুষ্ঠিত হবে বুধবার, ২৭ সেপ্টেম্বর, ২০২৩ বেলা ৩.০০ ঘটিকায় (আইএসটি) ভিডিও কনফারেন্সিং **(ভিসি)** অথবা অন্যান্য অডিও ভিজুয়াল মাধ্যমে **(ওএভিএম)** বানিজ্যিক আলোচ্যসূচী স্থির রয়েছে এজিএম নোটিসে।

অনুসারী ধারা ১০১ এবং সেকশান ১৩৬ কোম্পানি আইন, ২০১৩ (আইন) সঙ্গে পঠিত ধারা তৎপরবর্তী এবং সার্কুলার বানিজ্য বিষয়ক মন্ত্রক (এমসিএ) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি), কোম্পানি সম্পূর্ন করেছে এজিএম নোটিস প্রেরণ সঙ্গে বার্ষিক প্রতিবেদন আ.ব. ২০২২-২৩ ইলেকট্রনিক মোডে সেই সকল সদস্যদের যাদে যাদের ইমেল ঠিকানা রেজিস্টার রয়েছে ...

helpdesk.evoting@cdslindia.com বা কল করুন ০২২-২৩০৫৮৫৪২ / ৪৩।

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ১ সেপ্টেম্বর, ২০২৩

দ্য রামেশ্বরা জুট মিলস লিমিটেড
স্বা /- প্রিয়াঙ্কা অরোরা
(কোম্পানি সচিব)

জে আর ডি ফাইনান্স লিমিটেড

রেজি অফিস ঃ ১/ ১এ, বিপ্লবী অনুকূল চন্দ্র স্ট্রীট, ৫ম ফ্লোর, রুম নং. ৫জি, কলকাতা-৭০০০৭২
ই-মেল ঃ fin.jrd@gmail.com ওয়েবসাইট ঃ www.jrdfinance.com
CIN - L65999WB1993PLC058107

বার্ষিক সাধারণ সভা, ই-ভোটিং তথ্যাবলী এবং বুক ক্লোজার বিষয়ক বিজ্ঞপ্তি

এতদ্বারা জ্ঞাত করানো যায় যে কোম্পানি প্রদান করছে ইলেকট্রনিক ভোটিং (ই-ভোটিং) সদস্যদের সমস্ত আলোচ্য প্রস্তাবে ৩০তম বার্ষিক সাধারন সভায় (এজিএম) কোম্পানির যা অনুষ্ঠিত হবে রেজিস্টার অফিসে বুধবার, ২৭ সেপ্টেম্বর, ২০২৩ বেলা ১.০০ ঘটিকায় আলোচিত বানিজ্য সূচী যার উল্লেখ রয়েছে এজিএম নোটিসে।

কোম্পানি ইতিমধ্যে সম্পূর্ন করেছে এজিএম নোটিস, উপস্থিতির স্লিপ, প্রক্সি ফর্ম এবং বার্ষিক প্রতিবেদন বছর সমাপ্তে ৩১ মার্চ, ২০২৩ প্রেরণের কাজ কোম্পানির সমস্ত সদস্যদের, যারা নথিবদ্ধ রয়েছেন ২৫ আগস্ট, ২০২৩ তারিখে। বার্ষিক প্রতিবেদন সঙ্গে এজিএম নোটিস, উপস্থিতির স্লিপ ও প্রক্সি ফর্ম পাওয়া যাবে আমাদের কোম্পানির ওয়েবসাইটে-www.jrdfinance.com।

কোম্পানি আনন্দিত সমস্ত সদস্যদের সুবিধা দিতে পেরে নিজেদের ভোটাধিকার প্রয়োগে এজিএমে ইলেকট্রনিক ...

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ০১.০৯.২০২৩

জে আর ডি ফাইনান্স লিমিটেড-র পক্ষে
স্বা /-
(পুষ্প সিনহা গাড়ে)
কোম্পানি সচিব ও সহযোগী আধিকারিক

পূর্ব রেলওয়ে

ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, আসানসোল ডিভিসন, স্টেশন রোড, আসানসোল, পিন-৭১৩৩০১ কর্তৃক পূর্বে প্রকাশিত **টেন্ডার বিজ্ঞপ্তি নং ঃ ও-এসি-টি-৮৪ টু ৯০-২৩-২৪ (ওপেন), তারিখ ঃ** ২২.০৮.২০২৩ ...

(ASN-108/2023-24)

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in-এও পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway
easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নম্বর ঃ ও-এসি-টি-৯৫-২৩-২৪ ...

সম্পূর্ণ বিবরণ রেলওয়ের ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ দেখা যাবে।

(ASN-107/2023-24)

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in-এও পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway
easternrailwayheadquarter

দক্ষিণ পূর্ব রেলওয়ে টেন্ডার

... (PR-563)

ইঞ্জিনিয়ারিং কাজ

...

২,৪০,৪০০.০০ টাকা।

টেন্ডার নং.ঃ ডিসিইএসটিএমএলজি-০৬-২০২৩। **কাজের নাম ও স্থানঃ** এইচকিউ মালিগাঁওয়েঃ এসএসই/ডব্লিউ এইচকিউ/ মালিগাঁও অধিক্ষেত্রের অধীনে ১২০ ইউনিট রেসিডেন্সিয়াল কোয়ার্টারের বিশেষ মেরামতি করা। টেন্ডার মূল্যঃ ১,৯১,৬৫,১৩১.৫৭ টাকা; বায়নার ধনঃ ২,৪৫,৮০০.০০ টাকা।

ই-টেন্ডার বন্ধ হবে ২১-০৯-২০২৩ তারিখের ১৩.০০ ঘন্টায় এবং **খুলবে** ২১-০৯-২০২৩ তারিখের ১৩.০০ ঘন্টায়। বিশদ বিবরণের জন্য অনুগ্রহ করে **www.ireps.gov.in** দেখুন।

ডেপুটি চিফ ইঞ্জিনিয়ার/এস্টেট, মালিগাঁও

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

মেশিনে ভাঙা ট্র্যাক ব্যালাস্ট-এর উৎপাদন, সরবরাহ ও স্তূপাকার করা

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং. ৯৪/ডব্লিউ-২/ এপিডিজে; তারিখঃ ২৯-০৮-২০২৩। নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছেঃ **টেন্ডার নং.ঃ** ৩১-এপি-III-২০২৩। **কাজের নামঃ** আলিপুরদুয়ার ডিভিশনের অন্তর্গত নিউ মাল জং. ডিপোতে সর্বশেষ সংশোধনী স্লিপ সহ আরডিএসও স্পেসিফিকেশন (আইআরএস-জিই-১) সম্মত মেশিনে ভাঙা ট্র্যাক ব্যালাস্ট-এর উৎপাদন ...

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

লামডিং ডিভিশনে ইঞ্জিনিয়ারিং কাজ

...

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

আরডিবি রিয়েলটি অ্যান্ড ইনফ্রাস্টকার লিমিটেড

RDB GROUP — GOING TOGETHER GROWING TOGETHER

CIN- L16003WB2006PLC110039
রেজিস্টার অফিস ঃ বিকানের বিল্ডিং, ৮/ ১, লালবাজার স্ট্রিট,
১ম ফ্লোর, রুম নং. ১০, কলকাতা-৭০০০০১
ফোন ঃ ০৩৩-৪৪৫০০৫০০, ফ্যাক্স ঃ ০৩৩-২২৪২০৫৮৮
E-mail: secretarial@rdbindia.com, Website : www.rdbindia.com

শেয়ারহোল্ডারদের প্রতি বিজ্ঞপ্তি

...

করেনি। যাইহোক, সদস্যদের যেকোন ক্ষেত্রে তাদের ব্যাঙ্কের বিশদ আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে, যাতে ঘোষিত হিসাবে ভবিষ্যতে লভ্যাংশ প্রদানের জন্য তথ্য ব্যবহার করা যেতে পারে।

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ০১.০৯.২০২৩

বোর্ডের আদেশানুসারে
স্বা /-
প্রদীপ কুমার পুগালিয়া
সর্বক্ষণের পরিচালক
DIN: 00501351

ফাউন্ড্রি ফুয়েল প্রোডাক্টস লিমিটেড

CIN :- L50500WB1964PLC026053
রেজিস্টার অফিস ঃ ৭সি, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড, থানা-শেকসপীয়র সরণী, কলকাতা-৭০০০১৭
টেলিফোন নং. ০৩৩-৪০৬৬৮০৭২, ই-মেল ঃ infofoundryfuel@gmail.com,
ওয়েবসাইট ঃ www.foundryfuel.co.in

৫৯ তম বার্ষিক সাধারণ সভা, রিমোট ই-ভোটিং তথ্যাবলী ও বুক ক্লোজার বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে ৫৯তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) কোম্পানির সদস্যদের আর্থিক বছর ২০২২-২৩ সমাপ্তে অনুষ্ঠিত হবে বুধবার, ২৭ সেপ্টেম্বর, ২০২৩ বিকাল ০৩.৩০ ঘটিকায় ভিডিও কনফারেন্সিং (ভিসি)/ অন্যান্য অডিও ভিজুয়াল মাধ্যমে (ওএভিএম) বানিজ্যিক আলোচ্যসূচী যা স্থির করা রয়েছে এজিএম নোটিসে তারিখ ১১ আগস্ট, ২০২৩ অনুসারী হিসাবে প্রযোজ্য বন্দোবস্ত কোম্পানি আইন, ২০১৩ সঙ্গে পড়তে হবে সাধারণ সার্কুলার নং. ১৪/২০২০ তারিখ ০৮ এপ্রিল, ২০২০, সার্কুলার নং. ১৭/ ২০২০ তারিখ ১৩ এপ্রিল, ২০২০, সার্কুলার নং. ২০/২০২০ তারিখ ০৫ মে, ২০২০, সার্কুলার নং. ০২/ ২০২১ তারিখ তারিখ ১৩ জানুয়ারি, ২০২১, সার্কুলার নং. ২১/২০২১ তারিখ ১৪ ডিসেম্বর, ২০২১, ...

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ০১.০৯.২০২৩

ফাউন্ড্রি ফুয়েল প্রোডাক্টস লিমিটেডের পক্ষে
স্বা /- সুনীল বিশ্বকর্মা
পরিচালক
DIN:02831247

NOTICE INVITING e-TENDER

The Executive Officer, Kolaghat Panchayat Samity invites separate % rate e-tenders **http://wbtenders.gov.in** may be visited for further details: 1) For Supply of 39 nos E- Cart from SBM (G) fund vide this office No. 674 dt. 31/08/2023 for tender nos. **2023-ZPHD-562294-1** 2) For execution of 03 nos scheme from SSM fund vide this office **Memo No. 678 Dtd. 31/08/2023** for tender nos. **2023-ZPHD-562257-1, 2023-ZPHD-562257-2 & 2023-ZPHD-562257 -3.** 3) For execution 01 nos scheme from SSM fund vide this office **Memo No. 676 Dtd. 31/08/2023** tender nos. **2023-ZPHD-562244-1**. Last Date of bid submission : **08.09.2023 (17:30 Hrs.)**. Opening date of technical bid: 11/09/2023 (11:30 Hrs)

Sd/- Executive Officer,
Kolaghat Panchayat Samity,
Kolaghat, Purba Medinipur.

BIDHANNAGAR MUNICIPAL CORPORATION
POURA BHABAN, BIDHANNAGAR

NIT No. 447/PWD/ROAD/BMC,
Dated: 01.09.2023

e-Tender has been invited for Repairing of bituminous and concrete road at different locations within ward no. 29 to 41 under BMC.

For details, please follow **Tender Id 2023_MAD_562550_1 to 13 in www.wbtenders.gov.in,** Office Notice Board. **Last date of Bid submission - 23/09/2023 up to 3.00 p.m.**

Sd/-
Executive Engineer
Bidhannagar Municipal Corporation

Government of West Bengal
ABRIDGED NOTICE INVITING TENDER
NOTICE INVITING TENDER NO. WBIWEE/MED/SNIT-03/2023-24

Tenders are hereby invited by the EE/MED from the eligible & resourceful Contractors having requisite similar nature credential for execution of 1(One) no. work. Last date & time of for application for Tender Form on **05.09.2023 up to 15.00 Hours.** Details may be seen at website **https://wbtenders.gov.in**

Sd/-Executive Engineer
Mahananda Embankment
Division, I.&W.Dte.,
Green Park, Malda.

বিজ্ঞপ্তি

এতদ্বারা আমার মক্কেল **শ্রী আনন্দ মহেন্দ্র দেশাই,** পিতা মহেন্দ্র সি দেশাই, নিবাস ৪০/ এ, পুলিন খাটিক রোড (ট্যাংরা রোড), কলকাতা-৭০০০১৫, হারিয়ে ফেলেছেন আসল নথিবদ্ধ দলিল যার নং. ...

NOTICE INVITING e-TENDER

The Notice Inviting e-Tender, vide NIeT No.-WBPUR/EO/PARA/ NIT(e)-11/2023-24 (3rd Call) of the Office of the Para Panchayet Samity, P.O-Para, District-Purulia, 01(One) no. works/Scheme under SBM(G) Fund in the portal: **www.wbtenders.gov.in Reference Tender ID: 2023_DM_562463_1.** Document download/sell starting from **01.09.2023 up to 07.09.2023 4.00 PM.** Bid submission starting **from 01.09.2023 up to 07.09.2023 at 04:00 pm.** And Opening on **09.09.2023 at 04:05 P.M.** For details please visit website.

Sd/- Executive Officer
Para Panchayat Samity

কোলামা কর্মাশিয়াল কো. লি.

সিএ-২২৬, সিএ ব্লক, সেক্টর ১, কলকাতা ৭০০০৬৪
ফোন ঃ ৯১ ৮৩৩৫০ ৭১৬৭৫, Email : colamacommercial@gmail.com
CIN : L51109WB1983PLC035719

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় ৩৯ তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) কোম্পানির অনুষ্ঠিত হবে বুধবার, ২৭ সেপ্টেম্বর, ২০২৩ সকাল ১১ ঘটিকায় কোম্পানির রেজিস্টার অফিসে-সিএ-২২৬, সিএ ব্লক, সেক্টর ১, কলকাতা ৭০০০৬৪ ব্যবসায়িক আলোচ্যসূচী এজিএম নোটিসে দেওয়া রয়েছে সঙ্গে অডিট আর্থিক ফলাফল বিবরনী কোম্পানির বছর সমাপ্তে ৩১ মার্চ, ২০২৩ এবং বোর্ডের রিপোর্ট এবং অডিটরদের রিপোর্টও।

বার্ষিক প্রতিবেদন, ২০২৩ সঙ্গে এজিএম নোটিস, উপস্থিতির স্লিপ এবং প্রক্সি ফর্ম, প্রেরণ শেষ হয়েছে ৫ ...

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ০১.০৯.২০২৩

কোলামা কর্মাশিয়াল কো.লি.-এর পক্ষে
স্বা /- রাজেশ প্রজাপতি
সর্বক্ষণের পরিচালক
DIN : 08251452

গৃহকোণ

তেলের শিশি পরিষ্কারের রইল সহজ টিপস

রান্নাঘরের সমস্ত জিনিসের মধ্যে সবচেয়ে বেশি নোংরা হয় তেলের বোতল। এমন চিটচিট করে তেলের শিশি যে হাত দেওয়া যায় না। কড়াইয়ে তেল ঢালতে গিয়ে হাত থেকে পিছলে নীচে পড়ে যাওয়ার ভয় থাকে। তাই নিয়মিত পরিষ্কার করা দরকার তেলের বোতল। কিন্তু বাসনপত্র হোক বা শিশি- বোতল, তেলেতেলে ভাব দূর করা অতটাও সহজ নয়। শুধু জল দিয়ে ধুলে চিটচিটে ভাব কাটে না। আবার ঠিকমতো পরিষ্কার না করলে তেলচিটে একটা গন্ধও বেরোয়। কী ভাবে পরিষ্কার করলে বোতলের গন্ধ এবং তেলচিটে ভাব দূর হবে? দেখে নিন কয়েকটি সহজ টিপস। গরম জল দিয়ে পরিষ্কার করুন তেলচিটে বোতল গরম জলে পরিষ্কার করতে পারেন। গরম জল তেলের বোতলে ভরে রেখে দিন ১০-১২ ঘণ্টা। এর পর জল-সহ বোতল ভাল করে ঝাঁকিয়ে নিন। গরম জল বোতলের তেলাভাব দূর করবে। বোতলের নীচে আটকে থাকা অতিরিক্ত তেল অপসারণ করতেও সাহায্য করবে। আপনি চাইলে জলের মধ্যে কয়েক ফোঁটা লেবুর রস মেশাতে পারেন। এতে আরও ভাল ফল পাবেন। **টিস্যু পেপার ঃ** টিস্যু পেপার দিয়ে সহজেই তেলের দাগ তোলা যায়। একটি পরিষ্কার টিস্যু পেপার বা কিচেন টাওয়েল দিয়ে বোতলের ঢাকনার ভেতর ও বাহির ভাল করে মুছে নিন। বোতলের ঢাকনা লাগানোর জায়গাটা এবং বোতলের ওপরটাও মুছে নেবেন ভাল করে। বাসন মাজার তরল সাবান গরম জলে বাসন মাজার তরল সাবান মিশিয়ে তেলের বোতলে ভরে নিন। কিছুক্ষণ এই ভাবে রেখে দিন। তারপর বোতলটি ভাল করে ঝাঁকিয়ে ধুয়ে ফেলুন। বাড়িতে বোতল পরিষ্কার করার ব্রাশ থাকলে আরও ভাল। তা হলে সেই ব্রাশ দিয়ে বোতল ঘষে ঘষে পরিষ্কার করে নিতে পারবেন। লেবু জল বা ভিনেগার জল লেবুর রস বা সাদা ভিনেগার জলের সঙ্গে মিশিয়ে বোতলে ভরে ফেলুন। মিনিট ২০ পরে ভাল করে ঘষে বোতল পরিষ্কার করে নিন। এতে বোতলের ময়লা এবং দুর্গন্ধ উভয়ই সম্পূর্ণ দূর হবে। ওয়াশিং পাউডার এবং বেকিং সোডা অর্ধ বালতি ইষদুষ্ণ জলে দুই চামচ ওয়াশিং পাউডার দিন। এতে সাদা ভিনেগার, পাতিলেবুর রস এবং এক চামচ বেকিং সোডা মিশিয়ে নিন। তেলের বোতলের বাইরেটা টিস্যু পেপার দিয়ে ভাল করে মুছে ১৫ মিনিট ওই জলে ডুবিয়ে রাখুন। তারপর সাধারণ জলে ভাল করে ধুয়ে শুকনো করে নিন।

বাড়ির কোথায় টাকা রাখবেন! কী বলছেন বাস্তুবিদরা

সংসারে সুখসমৃদ্ধি কে-ই বা না চান। কিন্তু টাকা থাকলেই তো আর হল না। কষ্টার্জিত টাকা কোথায় রাখলে আপনার সংসার ভরে উঠবে ধনসম্পত্তিতে? জেনে নিন কী বলছেন বাস্তুবিদরা। বাস্তুবিদদের মতে, ধনদেবী অর্থাৎ লক্ষ্মী অধিষ্ঠান করেন বাড়ির দক্ষিণ দিকে। তাই বাড়িতে থাকা টাকাপয়সা উত্তর দিকে রাখাই উচিত। আর তাতেই আপনার ধনসম্পদের পরিমাণ বাড়বে। যে আলমারিতে টাকাপয়সা রাখেন তা ভুলেও দক্ষিণমুখী করে রাখবেন না। কারণ বাস্তুবিদরা মনে করেন, দক্ষিণ দিক দিয়ে এসে উত্তরে অধিষ্ঠান করেন ধনদেবী। তাই দক্ষিণ দিকে আলমারি রাখবেন না। টাকা রাখার সময় দক্ষিণ-পশ্চিমমুখী হয়ে বসবেন কিংবা দাঁড়াবেন। ভুলেও বাম হাতে টাকা রাখবেন না। অবশ্যই ডান হাত দিয়ে রাখুন। নইলে কষ্টার্জিত টাকার বেহিসাবি খরচের সম্ভাবনা থাকতে পারে। উত্তর-পূর্ব, দক্ষিণ-পূর্ব, দক্ষিণ-পশ্চিম কোণে ভুলেও আলমারি রাখবেন না। ঠাকুর ঘরে ভুলেও মাসিক খরচের টাকা রাখবেন না। তবে লক্ষ্মীদেবীর আসনে সামান্য অর্থ রাখতে ভুলবেন না। বাস্তুবিদদের মতে, লক্ষ্মীদেবী সাধারণত পরিষ্কার ঘরে থাকতে পছন্দ করেন। তাই সবসময় বাড়ি পরিষ্কার রাখুন। সংসারে ধনসম্পদ সমৃদ্ধ করতে চাইলে আপনার বাড়ির দক্ষিণ দিকের দেওয়ালে রুপোর কয়েন রাখুন। ওই রুপোর কয়েনটিতে কিন্তু অবশ্যই দেবী লক্ষ্মীর ছবি থাকা আবশ্যক। টাকা এবং গুরুত্বপূর্ণ নথিপত্র এক জায়গায় রাখবেন না। টাকা রাখার জায়গা কখনও ফাঁকা রাখবেন না। কমপক্ষে ১ টাকা রাখবেন ওই জায়গায়। অনেকগুলি ঘর নিয়ে একটি বাড়ি তৈরি হয়। বাড়ির প্রথম এবং শেষ ঘরে টাকা রাখবেন না। জানলার পাশে টাকা রাখবেন না। এক, তো তাতে চুরি যাওয়ার সম্ভাবনা থাকতে পারে। আর দ্বিতীয়ত বাস্তুবিদরা এই জায়গাটিকে মোটেও শুভ বলে মনে করেন না।

পুজোর আগে ঘর সাফাই করতে এই ৮ টিপস

পুজো প্রায় এসেই গেল। জোরকদমে চলছে পুজোর শপিং। কিন্তু শুধু শপিং করলেই কি আর হবে! বাড়ির দিকেও তো নজর দিতে হবে। প্রায় প্রত্যেক বাঙালি বাড়িতেই পুজোর আগে হইচই। ঘর-বাড়ি ঝেড়ে মুছে পরিষ্কার করতে হবে। কিন্তু এসব মাথায় আসলে, ক্লান্তির চিন্তা। ঘর ঝাড়ার পরে হাত, পা ব্যথা। তবে খুব সহজেই হবে মুশকিল আসান। রইল তারই টিপস- ১) একেবারে ছক কষে নিয়ে কাজে নেমে পড়ুন। প্রথমেই প্ল্যান করে ফেলুন। এ ব্যাপারে একেবারেই একদিনে গোটা বাড়ি পরিষ্কার করবেন না। বরং প্রত্যেকদিন বা একদিন বাদে বাদে একেকটা রুম পরিষ্কার করুন। ২) যাঁরা ভ্যাকুয়াম ক্লিনার ব্যবহার করেন, তাঁদের একটু ঝক্কিটা কম। তবে যাঁদের ভ্যাকুয়াম নেই, তাঁরা বরং ঘরের সিলিং দিয়ে শুরু করুন। লম্বা ঝুল ঝাড়ু বা লম্বা লাঠির মাথায় কাপড় বেঁধে নিয়ে সিলিং পরিষ্কার করুন। ৩) ঘর পরিষ্কার করার সময় অবশ্যই ব্যবহার করুন মুখে মাস্ক পরুন। মাথায় অবশ্যই শাওয়ার ক্যাপ পরে নিন। এতে আপনার চুল ময়লা হবে না। যাঁদের ডাস্ট অ্যালার্জির সমস্যা রয়েছে তাঁরা একটু সতর্ক হয়ে ঘর ঝাড়ুন। ৪) ঘরের আসবাবপত্র মোছার সময় একটি পাতলা কাপড় ভিজিয়ে নিয়ে তা মুছে নিন। এতে চটজলদি ময়লা দূর হবে। ৫) ঘরের মেঝেতে কার্পেট থাকলে, তার মধ্যে বেকিং সোডা ছিটিয়ে নিন। কিছুক্ষণ রেখে ঝেড়ে নিলে দেখবেন কার্পেট ঝকঝকে হয়ে উঠবে এবং গন্ধ দূর হবে। ৬) ঘর ঝাড়ার জন্য টুল বা চেয়ারের উপর দাঁড়িয়ে ঝাড়বেন না। বরং ছোট একটা মই বা সিঁড়ি কিনে নিন। দেখবেন কাজ সহজ হবে। ৭) ঘর ঝাড়ার সময় অবশ্য ঘর সাজানোর ভঙ্গুর জিনিসপত্রগুলো দূরে সরিয়ে রাখুন। বইয়ের তাক পাতলা কাপড় দিয়ে ঢেকে নিন। ৮) ঘর মোছার জলে অল্প তেল মিশিয়ে নিন। দেখবেন এতে ঘরের মেঝে ঝকঝক করবে।

রান্নাঘরের ভিতরে ভুলেও এই কাজগুলি করবেন না

রসনাতৃপ্তিতে মনের আনন্দ। আর তাতেই সংসারের সুখ। এই সুখের ঠিকানা রান্নাঘর। সেখানেই শুভ, সেখানেই লাভ। যে স্থানের এত মাহাত্ম্য, সে স্থান যত্নে রাখা প্রয়োজন। এমন কিছু করবেন না যাতে সংসারের শান্তি বিঘ্নিত হয়। এমনটাই বলছেন বাস্তু বিশেষজ্ঞরা। বাঙালি বাড়িতে অন্ন দেবতার সমান। ভাঁড়ার যাতে পূর্ণ থাকে, সেই চেষ্টাই সবসময় করা হয়। বিশেষ করে চাল। ধান বা চালকে লক্ষ্মীর সমান মনে করা হয়। তাই ভুলেও চালের পাত্র খালি রাখবেন না। তা কিছুটা হলেও ভর্তি থাকে। এক বিষ আটার ক্ষেত্রে প্রযোজ্য। এখন বাঙালির রুটি খাওয়ার চল বেড়েছে। তাই আটা মজুত রাখাও গুরুত্বপূর্ণ। দুধ বা দইকে অত্যন্ত পবিত্র মনে করা হয়। তা পুজোর কাজেও ব্যবহার করা হয়। এমনকী, নতুন বউ বাড়িতে এলে তাঁকে উথলানো দুধের পাত্র দেখানো হয়। মনে করা হয়, এসে সংসারের শ্রীবৃদ্ধি হয়। বাস্তু বিশেষজ্ঞরা বলছেন, সূর্য ডোবার পর দুধ বা দুগ্ধজাত কোনও দ্রব্য কাউকে দেবেন না। এতে সংসারের অমঙ্গল হতে পারে। খাবার কখনও বিজোড় সংখ্যায় রাখবেন না। বিশেষ করে রুটি তৈরি করার ক্ষেত্রে। তিনটি না করে চারটি করবেন। পাতেও জোড় সংখ্যায় রুটি পরিবেশন করবেন। আর শেষ যে রুটি তৈরি করবেন তা যেন কোনওভাবেই ছোট না হয়। আর রুটি তৈরি করার পর বেলন আর চাকি সঙ্গে সঙ্গে পরিষ্কার করে রাখবেন। পরে ধোয়ার জন্য রেখে দেবেন না। এমনটাই বলছেন বাস্তুশাস্ত্র। যুক্তি-তর্কের এই যুগে মানা বা না মানা আপনার সিদ্ধান্ত।

মেট্রোর ভাড়া-বহির্ভূত রাজস্ব আয়ে ৪৬.৫৭ শতাংশ বৃদ্ধি

কলকাতা, ১ সেপ্টেম্বর ঃ ভারতীয় রেলওয়ের আয়ের ঐতিহ্যবাহী উৎস ছাড়াও উপার্জন বাড়ানোর জন্য নন-ফেয়ার রাজস্ব বাড়ানোর জন্য বিভিন্ন উদ্যোগকে উৎসাহিত করছে। মেট্রো রেলওয়ে, ভারতীয় রেলওয়ের অংশ হিসাবে এই উদ্যোগে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং এর রাজস্ব বাড়ানোর জন্য বিভিন্ন উদ্ভাবনী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যা সাধারণত যাত্রীদের উপার্জনের উপর সম্পূর্ণ নির্ভরশীল। সেই প্রচেষ্টার অংশ হিসাবে, মেট্রো রেলওয়ে পিক আপ এবং ড্রপ অফ সুবিধা প্রদান, স্টেশনগুলিতে লিটার বিনের ব্র্যান্ডিং, মেট্রো রেকের ভিতরে এবং বাইরে বিজ্ঞাপন প্রদর্শন, খোলা জায়গায় হোর্ডিংগুলি প্রদর্শন এবং স্বাস্থ্য পরীক্ষা স্থাপনের মাধ্যমে রাজস্ব আয়ের দিকে মনোনিবেশ করছে- বিভিন্ন স্টেশনে আপ কিয়স্ক, হ্যান্ডেল চেইন ব্র্যান্ডিং ইত্যাদি। দেশের কোনো মেট্রো স্টেশনে প্রথমবারের মতো শিয়ালদহ মেট্রো স্টেশনে পিইউডিও সুবিধা দেওয়া হয়েছে। আরেকটি অনন্য উদ্যোগে, উত্তর-দক্ষিণ এবং পূর্ব-পশ্চিম করিডোরের ৩৫টি স্টেশনে ২০৪ টি লিটার বিনকে এ পর্যন্ত ব্র্যান্ড করা হয়েছে। বিভিন্ন মেধা রেকের হ্যান্ডেল চেইনও ব্র্যান্ড করা হয়েছে। এছাড়াও মেট্রো রেলওয়ে ট্র্যাক সাইডওয়ালস ব্র্যান্ডিং, কার্ড ব্যালেন্স চেকিং টার্মিনাল (সিবিসিটি) ব্র্যান্ডিং, স্বয়ংক্রিয় স্মার্ট কার্ড রিচার্জ মেশিন (এএসসিআরএম) ব্র্যান্ডিং, এএফসি-পিসি গেটস এবং ফ্ল্যাপ ব্র্যান্ডিং, ফুড কিয়স্ক স্থাপন, স্মার্ট কার্ডের মতো উদ্ভাবনী ধারণাগুলিও বাস্তবায়ন করেছে। এবং টোকেন ব্র্যান্ডিং, যাত্রীদের ইনফোটেইনমেন্ট দেওয়ার জন্য রেকের ভিতরে ডিজিটাল ডিসপ্লে স্ক্রিন স্থাপন করা ইত্যাদি। এই ধরনের উদ্যোগগুলি মেট্রো রেলওয়ের ভাড়া-বহির্ভূত রাজস্ব অনেকাংশে বৃদ্ধি করতে সাহায্য করেছে।

তাজ হোটেল উড়িয়ে দেবার হুমকি ফোন

মুম্বই, ১ সেপ্টেম্বর ঃ ফের ভয়াবহ জঙ্গি হামলার আশঙ্কা উসকে গেল মুম্বইতে। বৃহস্পতিবার এক ব্যক্তি মুম্বই পুলিশের কন্ট্রোল রুমে ফোন করে জানায়, দুই পাকিস্তানি এসে তাজ হোটেল উড়িয়ে দেবে। ফোন পাওয়ার সঙ্গে সঙ্গেই তদন্ত শুরু করে পুলিশ। যদিও আশঙ্কাজনক কোনও ঘটনার খোঁজ মেলেনি এখনও পর্যন্ত। প্রসঙ্গত, দিন দশেক আগেও একইভাবে জঙ্গিদের লুকিয়ে থাকার খবর দিয়ে একটি উড়ো ফোন এসেছিল পুলিশের কাছে। মুম্বই পুলিশ সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার মুম্বই পুলিশের প্রধান কন্ট্রোল রুমে ফোন করেন এক অজ্ঞাতপরিচয় ব্যক্তি। তাঁর দাবি, সমুদ্র পেরিয়ে ভারতে ঢোকার পরিকল্পনা করছে দুই পাক জঙ্গি। সমুদ্রপথেই মুম্বই পৌঁছাবে তারা। শহরের বিখ্যাত তাজ হোটেল উড়িয়ে দেওয়ার লক্ষ্যেই মুম্বই আসছে দুই পাক জঙ্গি। পুলিশ কর্তাদের প্রশ্নের মুখে ওই ব্যক্তি জানান, তাঁর নাম মুকেশ সিং। এই ফোন পেয়েই তদন্তে নামে পুলিশ। তাতেই জানা যায়, ভুয়ো পরিচয় দিয়ে ফোন করেছেন ওই ব্যক্তি। আসলে তাঁর নাম জগদম্বা প্রসাদ সিং। ৩৫ বছর বয়সি জগদম্বা আদতে উত্তরপ্রদেশের গোন্ডা এলাকার বাসিন্দা। তবে বর্তমানে মুম্বইয়ের স্যান্টাক্রুজ এলাকায় থাকেন তিনি। জগদম্বার ফোনকে অবশ্য যথেষ্ট গুরুত্ব দিয়েই তদন্ত শুরু করেছে মুম্বই পুলিশ। প্রসঙ্গত, দিন দশেক আগেও একইভাবে জঙ্গি হামলার দাবি করে ফোন এসেছিল পুণে পুলিশের কন্ট্রোল রুমে। এক ব্যক্তি জানান, মুম্বইয়ের ওরলি এলাকায় ঘাঁটি গেড়েছে এক সন্ত্রাসবাদী। কে লুকিয়ে রয়েছে, কী তার উদ্দেশ্য এই নিয়ে আধিকারিকরা প্রশ্ন করার আগেই ওই ব্যক্তি ফোন কেটে দেন। রাতের বেলা এই ফোন পাওয়ার পরেই তৎপর হয়ে পড়ে পুণে পুলিশ। সঙ্গে সঙ্গেই খবর দেওয়া হয় মুম্বই পুলিশের কাছেও। পরে জানা যায়, আমেরিকা থেকে ফোন করা হয়েছিল।

বাণিজ্যিক সিলিন্ডারের দাম কমল, স্বস্তিতে হোটেল-রেস্তোরাঁর ব্যবসায়ীরা

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর ঃ বিগত কয়েকমাস ধরে লাগাতার কমছে বাণিজ্যিক গ্যাস সিলিন্ডারের দাম, সেই ধারা অব্যাহত থাকল সেপ্টেম্বর মাসেও। চলতি মাসের শুরুতে ফের অনেকটাই কমল বাণিজ্যিক সিলিন্ডারের দাম। শুক্রবার থেকে ১৫৮ টাকা কমিয়ে দেওয়া হয়েছে বাণিজ্যিক এলপিজি গ্যাস সিলিন্ডারের দাম। ফলে স্বস্তি পেলেন হোটেল ও রেস্তোরাঁর ব্যবসায়ীরা। দিল্লিতে ১৫৮ টাকা কমে বাণিজ্যিক সিলিন্ডারের দাম ১,৫২২ টাকা।

উৎক্ষেপণের প্রতীক্ষায় আদিত্য এল-১ মিশন, ইসরোর যাবতীয় প্রস্তুতিও সম্পন্ন

বেঙ্গালুরু, ১ সেপ্টেম্বর ঃ অপেক্ষার আর মাত্র কয়েক ঘন্টার, তার পরেই আসবে সেই মাহেন্দ্রক্ষণ। এই প্রথম সূর্যের উদ্দেশ্যে পাড়ি দিতে চলেছে ভারতের মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো)। চন্দ্রযান-৩-এর চেয়ে এই অভিযানও কিছু কম গুরুত্বপূর্ণ নয়। অন্ধ্রপ্রদেশের সতীশ ধবন স্পেস রিসার্চ সেন্টারের লঞ্চিং প্যাড থেকে ২ সেপ্টেম্বর, শনিবার সূর্যযান আদিত্য এল-১-এর উৎক্ষেপণ হবে। সূর্যযান উড়বে ঠিক বেলা ১১ টা ৫০ মিনিটে। ইতিমধ্যে লঞ্চিং প্যাডে আদিত্য-এল ১ স্থাপন করা হয়ে গিয়েছে। ইসরোর যাবতীয় প্রস্তুতিও সম্পন্ন। এটি ভারতের প্রথম সূর্য অভিযান। সূর্যের অভিমুখে গিয়ে একটি নির্দিষ্ট দূরত্বে দাঁড়িয়ে নক্ষত্রটিকে পর্যবেক্ষণ করবে আদিত্য- এল ১। সূর্য সম্পর্কে অজানা অনেক তথ্য এর মাধ্যমে ইসরোর হাতে আসবে বলে মনে করা হচ্ছে। পৃথিবী থেকে সাড়ে ১০ লক্ষ কিলোমিটার দূরে পাঠানো হবে আদিত্য এল ১-কে। এই অংশকে বলা হয় ল্যাগরেঞ্জ পয়েন্ট। এখানে সূর্য এবং পৃথিবীর আকর্ষণ এবং বিকর্ষণ বল একসঙ্গে ক্রিয়াশীল। ফলে এই অঞ্চলে পৌঁছে কৃত্রিম উপগ্রহ স্থির থাকতে পারে। মহাকাশের পরিবেশ, আবহাওয়া, তার উপর সূর্যের কী প্রভাব পড়ে, সে সব জানার চেষ্টা করবে আদিত্য-এল ১।



সাম্যের আদর্শ অনুসরণেই উন্নত সমাজ গড়তে পারবে যুবসমাজ ঃ রাষ্ট্রপতি

ছত্তিশগড়, ১ সেপ্টেম্বর ঃ ছত্তিশগড়ের বিলাসপুরের গুরু ঘাসীদাস সেন্টাল ইউনিভার্সিটির দশমতম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। শুক্রবার এই অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় রাষ্ট্রপতি বলেন, সাম্যের আদর্শ অনুসরণ করলেই যুবসমাজ সুখের পথে হাঁটতে পারে এবং উন্নত সমাজ গঠন করতে পারে। তিনি বলেন, আমাদের দেশ 'অমৃত কাল'-এ রয়েছে, যুবসমাজ সংবিধানে বর্ণিত মৌলিক দায়িত্ব পালন করলে সার্বিক উন্নয়ন অবশ্যই গতি পাবে। এই অনুষ্ঠানে ২৮ জন গবেষণা স্কলারকে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয় এবং ৭৬ জন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়। এছাড়া অনুষ্ঠানে প্রায় তিন হাজার শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি প্রদান করা হয়। এর আগে রাষ্ট্রপতি এদিন ঐতিহাসিক নগরী রতনপুরে অবস্থিত বিখ্যাত মহামায়া মন্দিরে প্রার্থনা করেন এবং দেশবাসীর সুখ, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করেন।

প্রেমিকের নির্যাতন সহ্য না করতে পেরেই আত্মহত্যা প্রত্যুষার

মুম্বই, ১ সেপ্টেম্বর ঃ ২০১৬-এর এপ্রিল মাসে মুম্বইতে নিজের ফ্ল্যাটে ঝুলন্ত দেহ উদ্ধার হয় 'বালিকা বধূ' খ্যাত বছর ২৪-র অল্প অভিনেত্রী প্রত্যুষা বন্দ্যোপাধ্যায়ের। অল্প ক'দিনের মধ্যেই আনন্দীর চরিত্রে অভিনয় করে ঘরে ঘরে জনপ্রিয় হয়ে ওঠেন তিনি। তবে নিজের প্রথম সিরিয়ালের পর 'বিগ বস্'-এ অংশ নেন প্রত্যুষা। এ ছাড়াও বেশ কিছু রিয়্যালিটি শোয়ে অংশ নেনে তিনি। সবে মুম্বইতে পায়ের মাটি শক্ত করছিলেন। তার মধ্যে এমন এক চরম সিদ্ধান্ত নেন প্রত্যুষা। অভিনেত্রী মৃত্যুতে মূল অভিযুক্ত ছিলেন তাঁর একত্রবাসের সঙ্গী প্রেমিক রাহুল সিংহ। উল্লেখ্য, মেয়ের মৃত্যুর পর প্রেমিক রাহুল সিংহের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৩০৬ ধারা (আত্মহত্যায় প্ররোচনা), ৫০৪ (ইচ্ছাকৃত অপমান), ৫০৬ (অপরাধমূলক ভয় দেখানো), ৩২৩ (স্বেচ্ছায় আঘাত করা) -সহ একাধিক মামলা করেন অভিনেত্রীর মা। দীর্ঘ দিন ধরে চলতে থাকা এই মামলায় মুক্তি আবেদন করেন রাহুল। তবে সেই আবেদন খারিজ করে দেয় আদালত। পাল্টা বলেন, প্রেমিকের দ্বারা শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হয়েছিলেন অভিনেত্রী। সেই কারণেই আত্মহত্যার পথ বেছে নেন প্রত্যুষা। বিচারক সমীর আনসারি গত ১৪ আগস্ট রাহুল সিংয়ের মুক্তির আবেদন প্রত্যাখ্যান করেন। এবং তা প্রত্যাখ্যানের কারণ হিসাবে এই পর্যবেক্ষণ জানিয়েছে আদালত। প্রত্যুষার প্রেমিকের বিরুদ্ধে অভিযোগের আঙুল তোলেন তাঁর দুই বন্ধু কাম্যা পঞ্জাবি ও বিকাশ গুপ্তা। মৃত্যুর আগে শেষ বার নাকি রাহুলকেই ফোন করেন প্রত্যুষা।

'এক দেশ এক ভোট' কার্যকর করতে কমিটি গড়ল কেন্দ্র, নেতৃত্বে প্রাক্তন রাষ্ট্রপতি কোবিন্দ

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর ঃ আবারও 'এক দেশ এক ভোট' (ওয়ান নেশন ওয়ান ইলেকশন) নীতি কার্যকরের পক্ষে তৎপরতা শুরু করল কেন্দ্রীয় সরকার। ওই নীতি কার্যকরের দিকগুলি খতিয়ে দেখার জন্য আইন কমিশনের সঙ্গে ইতিমধ্যেই কেন্দ্রের কয়েক দফা আলোচনা হয়েছে। সেই আলোচনার ভিত্তিতে 'এক দেশ এক ভোট' নীতি কার্যকরের দিশা খুঁজতে একটি কমিটি গঠন করেছে কেন্দ্র। সেই কমিটির নেতৃত্বে রয়েছেন দেশের প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। কেন্দ্রের এই সিদ্ধান্তের তীব্র নিন্দা করেছে বিরোধীরা। সিপিআই-এর সাধারণ সম্পাদক ডি রাজা বলেছেন, রাজনৈতিক দল ও সংসদের সঙ্গে আলোচনা ছাড়া সরকার কীভাবে একতরফা সিদ্ধান্ত নিতে পারে? ঝাড়খণ্ড কংগ্রেসের প্রধান রাজেশ ঠাকুর বলেছেন, পাঁচ রাজ্যে নির্বাচন ঘনিয়ে এসেছে এবং প্রধানমন্ত্রীর চেয়ার বিপদে পড়েছে। তাঁরা 'এক দেশ এক নির্বাচনের' কথা বলে, কিন্তু এই দেশ শুধুমাত্র একজনের নয়। উদ্ধব ঠাকরে শিবিরের নেতা সঞ্জয় রাউত বলেছেন, দেশ এমনিতেই এক, কেউ কি এই নিয়ে প্রশ্ন করছেন? আমরা 'এক দেশ এক নির্বাচন' নয়, সুষ্ঠু নির্বাচন চাই। আমাদের সুষ্ঠু নির্বাচনের দাবি থেকে মনোযোগ সরাতে 'এক দেশ এক নির্বাচন' এই ফান্ডা আনা হচ্ছে। উল্লেখ্য, গত বাদল অধিবেশনে রাজ্যসভায় কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুনরাম মেঘওয়াল জানিয়েছিলেন, 'এক দেশ এক ভোট' চালু করার জন্য আইন কমিশনের দ্বারস্থ হচ্ছে কেন্দ্র। তিনি বলেন, ''এর ফলে যে বিপুল অর্থের সাশ্রয় হবে, তা রাজনৈতিক দলের প্রার্থীদের প্রচারে ব্যয় হতে পারে। এই নীতি কার্যকর হলে উন্নয়নমূলক প্রকল্পের গতিও বাড়বে।'' প্রসঙ্গত, বৃহস্পতিবার কেন্দ্রীয় সংসদীয় মন্ত্রী প্রহ্লাদ জোশী আগামী ১৮ সেপ্টেম্বর থেকে পাঁচ দিনের জন্য সংসদের বিশেষ অধিবেশন ডাকার কথা ঘোষণা করেছেন। সেখানে অভিন্ন দেওয়ানি বিধির পাশাপাশি 'এক দেশ এক ভোট' সংক্রান্ত বিল পাশ করানো হতে পারে বলে জল্পনা রয়েছে। বিশেষ অধিবেশনেই রাষ্ট্রপতি কোবিন্দের নেতৃত্বাধীন কমিটি রিপোর্ট পেশ করতে পারে।

লখনউতে কেন্দ্রীয় মন্ত্রীর বাড়িতেই যুবককে গুলি করে খুন, এফআইআর রুজু পুলিশের

লখনউ, ১ সেপ্টেম্বর ঃ উত্তর প্রদেশের লখনউতে কেন্দ্রীয় আবাসন এবং নগরোন্নয়ন মন্ত্রী কৌশল কিশোরের বাড়িতে যুবককে খুনের অভিযোগ উঠল। গুলি চালিয়ে যুবককে খুনের অভিযোগ উঠেছে মন্ত্রী-পুত্রের বিরুদ্ধে। শুক্রবার ভোরে লখনউয়ের বেগারিয়া গ্রামে মন্ত্রীর বাড়ি থেকে যুবকের দেহ উদ্ধার করা হয়েছে। নিহত যুবকের নাম বিনয় শ্রীবাস্তব। নিহত যুবক মন্ত্রী-পুত্রের বন্ধু বলে দাবি। পশ্চিম লখনউয়ের ডিসিপি রাহুল রাজ বলেছেন, বিনয় শ্রীবাস্তব (৩০) নামে এক যুবককে গুলি করে হত্যা করা হয়েছে। একটি লাইসেন্স থাকা পিস্তল উদ্ধার করা হয়েছে, যা বিকাশ কিশোরের। তদন্ত জারি রয়েছে। ফরেনসিক দলও এসেছে এবং আমরা সিসিটিভি ভিজ্যুয়ালগুলিও অনুসন্ধান করছি। মৃতের ভাইয়ের অভিযোগের ভিত্তিতে এই ঘটনায় একটি এফআইআরও নথিভুক্ত করা হয়েছে। শুক্রবার ভোর চারটে নাগাদ ঘটনাটি ঘটেছে। এই ঘটনায় বিজেপি সাংসদ ও কেন্দ্রীয় মন্ত্রী কৌশল কিশোর বলেছেন, এটি একটি তদন্তের বিষয়। ফরেনসিক দল এবং পুলিশ তদন্ত শুরু করেছে। জড়িত ব্যক্তিকে রেহাই দেওয়া হবে না। আমরা নিহতের পরিবারের সদস্যদের পাশে আছি। আমি জানি না যে সময় ঘটনাটি ঘটেছে, তখন বাড়িতে কে কে ছিল। পশ্চিম লখনউয়ের ডিসিপি রাহুল রাজ বলেছেন, বৃহস্পতিবার রাতে মোট ৬ জন বিকাশের বাড়িতে এসেছিল, রাতের খাবার খেয়েছিল এবং তারপর ঘটনাটি ঘটেছে। আমরা একটি পিস্তল উদ্ধার করেছি যা বিকাশ কিশোরের বলে জানা গিয়েছে। আমরা বিষয়টি তদন্ত করছি। 'ঘটনার সময় ছেলে বাড়িতে ছিল না', নিজ বাসভবনে যুবক খুনে দাবি কৌশল কিশোরের কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি সাংসদ কৌশল কিশোর বলেছেন, আমার ছেলে ঘটনার সময় সেখানে ছিল না, সে তাঁর অসুস্থ মায়ের সঙ্গে দেখা করার জন্য দিল্লির উদ্দেশ্যে বিকেল ৪.৫০ মিনিটের বিমানে রওনা হয়েছিল। ঘটনাটি রাতে ঘটেছিল। পুলিশ কমিশনারকে জানিয়েছি। তিনি ডিসিপি এবং ফরেনসিক দলকে পাঠিয়েছেন, যারা তদন্ত করে আমার (ছেলের) বন্ধুদের সঙ্গে নিয়ে গিয়েছে। পিস্তল উদ্ধার হওয়া প্রসঙ্গে কৌশল বলেছেন, পুলিশ যে পিস্তলটি উদ্ধার করেছে, তা আমার ছেলে বিকাশ কিশোরের। পুলিশ পুঙ্খানুপুঙ্খ তদন্ত করছে। অপরাধীদের রেহাই দেওয়া হবে না। ঘটনাটি হওয়ার সময় বিকাশ কিশোর বাড়িতে ছিল না। পুলিশ তাঁর বন্ধু ও উপস্থিত সবাইকে আটক করেছে। মৃতদেহ ময়নাতদন্তের জন্য নিয়ে যাওয়া হয়েছে। বিষয়টি জানতে পেরে বিকাশ অত্যন্ত দুঃখ প্রকাশ করেছে, মৃত বিনয় আমার ছেলের খুব ভালো বন্ধু ছিল। মৃত বিনয়ের ভাইয়ের বক্তব্য- মৃত যুবক বিনয়ের ভাই বিকাশ শ্রীবাস্তব বলেছেন, আমার ভাই বিনয় শ্রীবাস্তবকে কেন্দ্রীয় মন্ত্রী কৌশল কিশোরের বাড়িতে খুন করা হয়েছে। আমার ভাই তাঁর ছেলে বিকাশ কিশোরের বন্ধু ছিল। ঘটনাটি ঘটার সময় সেখানে তিনজন উপস্থিত ছিল, কিন্তু ঘটনাটি ঘটার সময় বিকাশ কিশোর কোথায় ছিল তা আমার জানা নেই। ঘটনাস্থল থেকে তাঁর লাইসেন্স করা রিভলবার উদ্ধার করেছে পুলিশ।

অ্যামাজনের ম্যানেজার খুনে ধৃত আরও দুই অভিযুক্ত

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর ঃ উত্তর-পূর্ব দিল্লিতে অ্যামাজনের সিনিয়র ম্যানেজার খুনের ঘটনায় আরও দুই অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। এই নিয়ে মোট ধৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৪। আরও এক অভিযুক্তকে শীঘ্রই গ্রেফতার করার হবে বলে আশ্বাস দিয়েছে দিল্লি পুলিশ। বৃহস্পতিবার রাত ১১.৩০ মিনিট নাগাদ গ্রেফতার করা হয়েছে সোহেল ওরফে চৌধুরী ও জুবেইর ওরফে কাসাওরাকে। দিল্লি থেকে এই দু'জন পাঞ্জাবে পালিয়ে যাওয়ার চেষ্টা করছিল। গত মঙ্গলবার রাতে উত্তর-পূর্ব দিল্লির ভজনপুরার সুভাষ বিহার এলাকায় দুষ্কৃতীদের গুলিতে খুন হন হরপ্রীত গিল (৩৬) নামে এক যুবক। তিনি ই-কমার্স সংস্থা অ্যামাজনের সিনিয়র ম্যানেজার ছিলেন। এই খুনের ঘটনার তদন্তে নেমে ৪ অভিযুক্তকে গ্রেফতার করল পুলিশ। ডিসিপি (উত্তর-পূর্ব) জয় এন তিরকে বলেছেন, আমরা এখনও পর্যন্ত ৪ অভিযুক্তকে গ্রেফতার করেছি। পঞ্চম অভিযুক্তকেও গ্রেফতারের চেষ্টা চলছে। তদন্ত জারি রয়েছে।

প্রভুনাথ সিংকে যাবজ্জীবন কারাদণ্ড দিল সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর ঃ জোড়া খুনের মামলায় বিহারের রাজনীতিবিদ তথা প্রাক্তন আরজেডি নেতা প্রভুনাথ সিংকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করল সুপ্রিম কোর্ট। ১৯৯৫ সালের এই জোড়া খুন মামলায় শুক্রবার সাজা ঘোষণা করেছে সুপ্রিম কোর্ট। সুপ্রিম কোর্ট প্রভুনাথ সিং এবং বিহার সরকারকে ক্ষতিগ্রস্তদের ১০ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ারও নির্দেশ দিয়েছে। ১৯৯৫ সালের জোড়া খুনের মামলায় চারবারের বিহারের সাংসদ প্রভুনাথ সিংকে গত ১৮ আগস্ট সুপ্রিম কোর্ট দোষী সাব্যস্ত করেছিল। ১ সেপ্টেম্বর সুপ্রিম কোর্ট প্রভুনাথ সিংকে হাজিরার নির্দেশ দিয়েছিল। যদিও, প্রভুনাথ সিং এদিন ভার্চুয়ালি হাজিরা দেন। প্রভুনাথ সিং ইতিমধ্যেই অন্য একটি খুনের মামলায় যাবজ্জীবন কারাদণ্ডে হাজারীবাগ কারাগারে বন্দি রয়েছে। উল্লেখ্য, প্রভুনাথের বিরুদ্ধে ১৯৯৫ সালের ২৩ আগস্ট বিধানসভা ভোট চলাকালীন ৪৭ বছরের দারোগা রায় এবং ১৮ বছরের রাজেন্দ্র রায়কে খুনের অভিযোগ ছিল। অভিযোগ, প্রভুনাথের ঠিক করে দেওয়া প্রার্থীকে ভোট না দেওয়ায় তাঁদের খুন হতে হয়। নিম্ন আদালত হয়ে সেই মামলা পৌঁছায় পটনা হাইকোর্টে। ২০০৮ সালে প্রমাণের অভাবে হাইকোর্ট প্রভুনাথকে বেকসুর খালাস করে দেয়। সেই মামলাতেই ১৮ আগস্ট দোষী সাব্যস্ত হন প্রাক্তন আরজেডি নেতা। শুক্রবার সুপ্রিম কোর্ট প্রভুনাথকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিয়েছে।

Name Change

I, MD ANARUL HOQUE S/o- HUMAYUN MOLLA, Residing at Vill - Jagadishpur, Post- Jadupur, Ps- Kaliachak, Dist- Malda, Pin- 732212, West Bengal. That my name ANARUL HAQUE is wrongly recorded in my Son's School Certificate. Shall henceforth be known as MD ANARUL HOQUE. That my name MD ANARUL HOQUE and ANARUL HAQUE is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, MOULANA ABDUL MOMIN is wrongly recorded in my Son's School Certificate, S/o- ALI MAHAMMAD SEIKH. Residing at Vill - Chansarak Para, Post- Krishnanagar, Ps- Krishnanagar, Dist- Nadia, Pin- 741101, West Bengal. Shall henceforth be known as ABDUL MAMIN SEKH. That my name ABDUL MAMIN SEKH and MOULANA ABDUL MOMIN is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, JHARNA HALDER (old name) W/O AMIT DAS Presently residing at 5F/1, Bankim Mukherjee Sarani, D.P.C, New Alipore, Kolkata-700053 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) SUSHMITA DAS, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 01/09/2023. JHARNA HALDER and SUSHMITA DAS both are same and one identical person.

Name Change

I, BANDANA KUMARI GUPTA alias BANDANA GUPTA (old name) W/O Late Sanjay Kumar Gupta Presently residing at Flat No. 4B, Block-10, The Universe Checkpost, Sevoke Road, Bhaktinagar, Siliguri-734001 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) VANDANA GUPTA, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 01/09/2023. BANDANA KUMARI GUPTA, BANDANA GUPTA and VANDANA GUPTA all are same and one identical person.

TYROON TEA COMPANY LIMITED

(AN ISO 9001:2008, ISO 22000:2005 AND HACCP CERTIFIED COMPANY)

CIN : L15421WB1890PLC000612

Registered Office: 3, NETAJI SUBHAS ROAD, KOLKATA - 700 001

Phone No. (033)22483236

Email: info@tyroontea.com, Website : www.tyroontea.com

NOTICE

Notice is hereby given that the 28th (Post IPO) Annual General Meeting (AGM / Meeting) of the Members of Tyroon Tea Company Limited (the Company) will be held on **Monday, September 25, 2023 at 3.00 p.m.** through Video Conferencing (VC)/Other Audio Visual Means (OAVM) to transact the business as set out in the Notice convening the Meeting (Notice). The venue of the AGM shall be deemed to be the registered office of the Company.

The Notice of the AGM and the Annual Report of the Company for the financial year ended March 31, 2023 have been sent in electronic mode only to those Members who have registered their e-mail addresses in compliance with the applicable provisions of the Companies Act, 2013, the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 ("Listing Regulations") read with the MCA Circulars and the SEBI Circulars. The dispatch of the Notice of the AGM and Annual Report has been completed on **September 1, 2023** in conformity with the regulatory requirements.

In terms of Section 108 of the Companies Act, 2013 read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014 and Regulation 44 of the SEBI Listing Regulations, the Company is pleased to provide facilities for Members to exercise their right to vote on resolutions proposed in respect of the business to be transacted at the Meeting by electronic means only, through remote e-Voting system prior to the AGM and through e-Voting system during the AGM, for which purpose, the Company has engaged the services of National Securities Depository Limited (NSDL),as the authorized agency for providing the said facilities.

Please refer to the Notice of the AGM for details for joining the AGM and the manner of casting vote etc. The details relating to e-Voting in terms of said Act and Rules, are as under.

1. The date and time of commencement of remote e-Voting **September 22, 2023 at 09. a.m.**
2. The date and time of end of remote e-Voting **September 24, 2023 at 5.00 p.m.** Remote e-Voting shall not be allowed beyond the end date and time mentioned above. The remote e-Voting modules shall be blocked by NSDL for voting thereafter.
3. The cut-off date - **September 18, 2023.** Members whose names are recorded in the Register of Members or in the Register of Beneficial owners maintained by the Depositories as on the cut-off date shall only be entitled to avail the facility of remote e-Voting or the facility of e-Voting during the Meeting and are requested to join the AGM through VC/OAVM mode, by following the procedure mentioned in the Notice. Persons who are not Members as on the cut-off date should treat this notice for information purposes only.
4. A person, who acquires shares and becomes a Members of the Company after the dispatch of the Notice and holding shares as on the cut-off date may obtain their login ID and password by sending a request at evoting@nsdl.co.in or rdinfo.investors@gmail.com. However, if a Member is already registered for e-Voting, then existing User ID and password can be used for login and casting vote.
5. Members who have cast their vote through remote e-Voting may attend the AGM through VC/OAVM, but shall not be entitled to cast their vote again.
6. Members who will be present in the AGM through VC/OAVM facility and have not cast their vote on the Resolutions through remote e-Voting shall be eligible to vote through the e-Voting system at the AGM.
7. Website address of the Company where the Notice of the AGM is displayed: Company: www.tyroontea.com. The same can also be accessed from the websites of the respective Stock Exchanges viz. BSE Limited at www.bseindia.com and on the website of NSDL at www.evoting.nsdl.com.
8. Contact details of the person/s responsible to address the grievances connected with e-Voting :

Particulars	National Securities Depository Ltd.	R & D Infotech Pvt. Ltd.
Name & Designation	Mr. Vikram Jha, Manager	Mr.Ratan Mishra
Address	Trade World "A" Wing, 4th Floor, Kamala Mills Compound, Lower Parel, Mumbai - 400013	15C Naresh Mitra Sarani, Kolkata - 700026.
E-mail id	evoting@nsdl.co.in	rdinfo.investors@gmail.com
Phone No.	1800 1020 990/1800 224 430	033-24192641

9. Mr. Dhruba Charan Sahoo, Practicing Company Secretary (ACS14006, CP:5508) has been appointed as the Scrutinizer to scrutinize the remote e-Voting process and casting of votes through e-Voting process during the AGM in a fair and transparent manner.
10. The declared results of voting along with a Scrutinizer's Report shall be placed on the Company's website www.tyroontea.com immediately after the declaration of results and also be forwarded to the Stock Exchange where the shares of the Company are listed.

By Order of the Board
Tyroon Tea Company Limited
Sd/-
(K. C. Mishra)
Company Secretary & CFO
ACS13288

Place : Kolkata
Date : 2nd September , 2023

একই মঞ্চে অধীর রঞ্জন চৌধুরী এবং মহম্মদ সেলিম, ধূপগুড়িতে বাম-কংগ্রেসের বিশাল জনসভার আয়োজন

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১ সেপ্টেম্বর ঃ যেমন সাগর দিঘি দেখিয়েছে তেমন ধূপগুড়িও দেখাবে। ধূপগুড়ি উপ নির্বাচনে সিপিএম মনোনীত বাম

কংগ্রেস জোট প্রার্থী ঈশ্বর চন্দ্র রায়ের সমর্থনে নির্বাচনী প্রচারে এসে এই মন্তব্য করলেন। শুক্রবার ধূপগুড়ি ডাকবাংলো ময়দানে ছিলো জোটের সভা। সেই সভায় এসে এই মন্তব্য করলেন সিপিএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। পাশাপাশি মুম্বাই এ আয়োজিত ইন্ডিয়া জোটের বৈঠক প্রসঙ্গে তাকে প্রশ্ন করলে প্রসঙ্গ এড়িয়ে যান তিনি। এই বৈঠকে যৌথভাবে বামফ্রন্ট ও কংগ্রেসের সিনিয়র নেতারা অংশ নেন। একদিকে, সিপিএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, ডিওয়াইএফআই নেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায় উপস্থিত ছিলেন, অন্যদিকে কংগ্রেস রাজ্য সভাপতি অধীর রঞ্জন চৌধুরী সহ অনেক সিনিয়র নেতা বৈঠকে উপস্থিত ছিলেন। জনসভায় ভিড়ও ছিল দেখার মতো। উভয় দলের নেতারা যৌথভাবে এলাকায় বিশাল সমাবেশ করেন।

আরামবাগে জল সঙ্কট, বন্ধ হয়ে যেতে পারে একটি প্রাথমিক বিদ্যালয়

বনস্পতি দে, হুগলি, ১ সেপ্টেম্বর ঃ পানীয় জলের চরম সমস্যা দেখা দিয়েছে প্রাথমিক বিদ্যালয়ে। ঘটনাটি আরামবাগের বরুনবেড়া প্রাথমিক বিদ্যালয়ের। জল সঙ্কট এমন পর্যায়ে গিয়ে পৌঁছেছে যে বন্ধ হয়ে যেতে পারে এই প্রাথমিক বিদ্যালয়টি। স্কুলের প্রধান শিক্ষক এই কথা জানিয়েছেন। জানা গিয়েছে, ওই প্রাথমিক স্কুলে একটি টিউওয়েল থাকলেও তা থেকে জল পড়ে না। কারণ জলস্তর অনেক নিচে নেমে গেছে। এর ফলে বিদ্যালয়ের নিত্যদিনের কাজের ব্যাঘাত ঘটছে। মূল সমস্যা হচ্ছে প্রতিদিনের মিড ডে মিল তৈরি করতে গিয়ে। ভাত, ডাল, তরকারি রান্নার জন্য যথেষ্ট জল প্রয়োজন। কিন্তু

স্কুলের টিউবওয়েল থেকে জল না পড়ায় বাইরের টিউবওয়েল থেকে জল নিয়ে আসতে হচ্ছে মিড ডে মিলের রাঁধুনিদের। ছোট ছোট খুদে পড়ুয়াদের খাওয়া- দাওয়ার পর স্কুলের বাইরে গিয়ে থালা-বাসন ধুতে হয়। বর্তমানে পরিস্থিতি এমন পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে যে খাবারের জল পর্যন্ত বাড়ি থেকে বোতলে করে আনতে হচ্ছে বাচ্চা ছেলেমেয়েদের। এই বিষয়ে স্কুলের ছাত্র- ছাত্রীরা জানায়, বেশ কিছুদিন ধরে স্কুলের টিউবওয়েলে জল পাওয়া যাচ্ছে না, যার ফলে সমস্যায় পড়তে হচ্ছে। এমনকি বাড়ি থেকে জল বেশি করে নিয়ে আসতে হচ্ছে। শুধু তাই নয় বাথরুমে পর্যন্ত জল পাওয়া যাচ্ছে না বলে অভিযোগ করছে আরামবাগের এই স্কুলের পড়ুয়ারা। অন্যদিকে স্কুলের প্রধান শিক্ষক জানান, এমনিতেই জল সঙ্কট দেখা দিয়েছে গোটা এলাকায়। টিউওয়েল থাকলেও জলস্তর নেমে যাওয়ার কারণে জল পাওয়া যাচ্ছে না। ফলত বিদ্যালয়ের সমস্ত কাজ থেকে শুরু করে পড়ুয়াদের অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। তাঁর দাবি, এই সমস্যার সমাধানে প্রশাসন দ্রুত উদ্যোগী হোক।

পুলিশ দিবসে একাধিক থানার পুলিশ আধিকারিকদের সম্মান

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর, ১ সেপ্টেম্বর ঃ শুক্রবার পুলিশ দিবসে পুলিশ সুপারের কাছ থেকে বিশেষ ভাবে সম্মানিত হলেন জয়নগর থানার দুই পুলিশ আধিকারিক। সম্মানিত দুই পুলিশ আধিকারিক হলেন জয়নগর থানার এস আই দিগন্ত মন্ডল ও এ এস আই প্রবীর বিশ্বাস। শুক্রবার সম্মানিত দুই পুলিশ আধিকারিককে সংবর্ধনা জানালেন জয়নগর থানার আই সি রাকেশ চ্যাটার্জী। আর এদিন এই সম্মান পেয়ে

আপ্লুত ও গর্বিত ঐ দুই পুলিশ আধিকারিক। আর ওনাদের কাজকে সম্মান জানিয়ে পুলিশ দিবসে জয়নগর থানাকে আলাদা জায়গা করে দেওয়ায় খুশি জয়নগর থানার সকল পুলিশ কর্মীরা।একই ভাবে এদিন পুলিশ সুপার সম্মান জানান বকুলতলা থানার এস আই জয়দেব দাস ও কুলতলি থানার এস আই দীপংকর দাস সহ একাধিক পুলিশ আধিকারিককে।

শ্রীমতী লকেট চ্যাটার্জি, মাননীয় সংসদ সদস্য, পান্ডুয়া স্টেশনে ইউটিএস-কাম-পিআরএস কাউন্টার উদ্বোধন করেন।

অরণ্যক ঘোষকে অভিনন্দন জানিয়েছেন জেনারেল ম্যানেজার পূর্ব রেল

কলকাতা, ১ সেপ্টেম্বর ঃ অরণ্যক ঘোষ (আন্তর্জাতিক মাস্টার), পূর্ব রেলওয়ের ইঞ্জিনিয়ারিং বিভাগের জুনিয়র ক্লার্ক-কাম-টাইপিস্ট, ১৬ থেকে ২৬ আগস্ট ২০২৩ এর মধ্যে

পুনেতে অনুষ্ঠিত দশ দিনের টুর্নামেন্টে সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে তৃতীয় স্থান অর্জন করে অসাধারণ কৃতিত্ব অর্জন করেছেন। অরণ্যকের সাফল্যের খবর ব্যাপক প্রশংসা ও প্রশংসার সাথে দেখা হয়েছে শ্রী অমর প্রকাশ দ্বিবেদী, জেনারেল ম্যানেজার পূর্ব রেলওয়ে, ফেয়ারলি প্লেসের জিএম চেম্বারে অরণ্যককে ব্যক্তিগতভাবে অভিবাদন ও অভিনন্দন জানিয়েছেন। তিনি অরণ্যককে কৃতিত্বের জন্য তার গর্ব প্রকাশ করেছেন এবং আশা করছেন যে তিনি ভবিষ্যতের টুর্নামেন্টগুলিতে শ্রেষ্ঠত্ব বজায় রাখবেন, সমগ্র পূর্ব রেলওয়ে সম্প্রদায়কে গর্বিত করবে। অরণ্যকের সাফল্য খেলার প্রতি তার কঠোর পরিশ্রম এবং উৎসর্গের প্রমাণ। তার প্রতিভা এবং অধ্যবসায় প্রতিফলিত হয়েছে। তার কৃতিত্ব সারাদেশের তরুণ দাবাড়ুদের জন্য অনুপ্রেরণার উৎস, এটা প্রমাণ করে যে দৃঢ় সংকল্প এবং প্রচেষ্টার মাধ্যমে যে কোনো কিছুই সম্ভব। তার দাবা দক্ষতা ছাড়াও, অরণ্যকের কৃতিত্ব কর্মক্ষেত্রের কর্মচারীদের মধ্যে পাঠক্রম বহির্ভূত কার্যকলাপের প্রচারের গুরুত্ব তুলে ধরে। তার সহকর্মী এবং পূর্ব রেলওয়ের সমর্থন এবং উৎসাহ নিঃসন্দেহে তার সাফল্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল।

গাজোল পঞ্চায়েত সমিতির উপ-সমিতি গঠনকে ঘিরে দুই গোষ্ঠীর তুমুল সংঘর্ষে রণক্ষেত্র

দুরন্ত বার্তা, মালদা, ১ সেপ্টেম্বর ঃ গাজোল পঞ্চায়েত সমিতির উপ-সমিতি গঠনকে ঘিরে দুই গোষ্ঠীর মধ্যে তুমুল সংঘর্ষে রণক্ষেত্রের চেহারা নিল। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গাজোল থানার পুলিশকে ব্যাপক লাঠিচার্জ করতে হয় বলে অভিযোগ। শুক্রবার দুপুর ১'টা নাগাদ গাজোল ব্লক অফিস সংলগ্ন পঞ্চায়েত সমিতির অফিস চত্বরে তুমুল উত্তেজনা ছড়িয়ে পড়ে। উপ-সমিতির গঠন প্রক্রিয়াকে ঘিরে কর্তব্যরত পুলিশ অফিসার ও কর্মীদের সামনেই দুটি গোষ্ঠীর মধ্যে তুমুল সংঘর্ষ বেঁধে যায়। একে অপরকে ইঁট , লাঠি দিয়ে মারতে উঠে বলে অভিযোগ। সেই সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশকে ব্যাপক লাঠিচার্জ করতে হয়। পাল্টা পুলিশকে লক্ষ্য করে কিছু গোলমালকারীরা ইঁট ছুঁড়ে বলে অভিযোগ। যদিও এই ঘটনায় পুলিশ এখনো পর্যন্ত কাউকে আটক বা গ্রেফতার করে নি। তবে দুই গোষ্ঠীর বিবাদের মধ্যেই পুলিশ প্রশাসনের হস্তক্ষেপে গাজোল পঞ্চায়েত সমিতির উপ- সমিতি গঠন প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে। উল্লেখ্য, এবারে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে গাজোল পঞ্চায়েত সমিতির একক সংখ্যাগরিষ্ঠতায় দখল করেছে তৃণমূল। গাজোল পঞ্চায়েত সমিতির সভাপতি হয়েছেন মোজাম্মেল হোসেন। এই পঞ্চায়েত সমিতির মোট ৪৫ টি আসনের মধ্যে এবারের নির্বাচনে তৃণমূল পেয়েছিল ২৪ টি আসন। বিজেপি পেয়েছে ১৮ টি আসন, বাম-কংগ্রেসের জোট পেয়েছে দুটি আসন এবং নির্দল পেয়েছে একটি আসন। পঞ্চায়েতের নিয়ম অনুযায়ী প্রতিটি গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতিতে উপ-সমিতি গঠন প্রক্রিয়ার মাধ্যমে সঞ্চালকের দায়িত্ব দেওয়া হয় একজন করে। আর এদিন তৃণমূলেরই দুই গোষ্ঠীর মধ্যেই এই উপ-সমিতির দায়িত্ব দেওয়ার ক্ষেত্রে পৃথক ভাবে নাম উঠে আসে। আর এই উপ- সমিতিতে কোন গোষ্ঠীর লোক দায়িত্ব পাবে তা নিয়েই প্রথম থেকে শুরু হয় নিজেদের মধ্যে বচসা বলে স্থানীয় সূত্রে জানা গিয়েছে। পঞ্চায়েত সমিতির অফিস ঘরের সামনেই উপ-সমিতি গঠন প্রক্রিয়া চলাকালীন হঠাৎ করে দুই গোষ্ঠীর বাদানুবাদ শুরু হয়। এরপরই দুই পক্ষ ধাক্কাধাক্কি করতে করতে অফিস থেকে বেরিয়ে পড়ে। আর তখনই পুলিশের সামনে দুই গোষ্ঠীর মধ্যে শুরু হয় তুমুল সংঘর্ষ। একে অপরকে মারতে উদ্ধত হয়। মাটিতে ফেলে কয়েকজন যুবককেও মারধর করে অপর গোষ্ঠীর লোকজন বলে অভিযোগ। সেই পরিস্থিতিতে পুলিশকে লাঠিচার্জ করতে হয়েছে বলে জানা গিয়েছে। যদিও এই প্রসঙ্গে গাজোল থানার পুলিশ কোন মন্তব্য করে নি। মালদার পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব জানিয়েছেন , লাঠিচার্জের কোনো খবর জানা নেই। তবে গাজোল পঞ্চায়েত সমিতির উপ সমিতির গঠন ছিল। তা এদিন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। তৃণমূলের জেলা সভাপতি তথা বিধায়ক আব্দুর রহিম বক্সী জানিয়েছেন, আমাদের দলের মধ্যে কোনো গোলমাল হয় নি । বিরোধীরা একটা ষড়যন্ত্র করেছিল উপ-সমিতি গঠনের সময় গোলমাল পাকানোর। সেটাই আমাদের দলীয় নেতৃত্ব প্রতিবাদ করেছে। তৃণমূলের মধ্যে কোনো গোষ্ঠীকোন্দল বা গোলমাল হয়নি। গাজোলের বিজেপি দলের বিধায়ক চিন্ময় দেব বর্মন জানিয়েছেন, তৃণমূলের গোষ্ঠীকোন্দলের জেরে যেভাবে শাসক দলের নেতাকর্মীরা একে অপরকে মারধর করছে, তা সকলেই দেখেছে। পুলিশের সামনেই এরকম গোলমাল দেখে আমরা হতবাক। এখন নিজেদের দায় এড়াতে তৃণমূল নেতৃত্ব ভিত্তিহীন অভিযোগ করছে।

ছাত্রীদের আত্মসুরক্ষিত করতে হাওড়া সিটি পুলিশের বিশেষ কর্মসূচি 'তেজস্বিনী'

দুরন্ত বার্তা, হাওড়া, ১ সেপ্টেম্বর ঃ ১ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গ পুলিশ দিবস ও হাওড়া পুলিশ কমিশনারেটের 'রাইজিং ডে' উপলক্ষ্যে হাওড়ার বেলিলিয়াস পার্ক প্রেক্ষাগৃহে 'তেজস্বিনী' কর্মসূচির দ্বিতীয় পর্যায়ের সূচনা করা হলো। হাওড়া পুলিশ কমিশনারেটের নগরপাল প্রবীণ কুমার ত্রিপাঠি জানান, 'তেজস্বিনী' কর্মসূচিতে ছাত্রীরা নিজ আত্মরক্ষা করতে বিশেষ প্রশিক্ষণ পান। এই প্রশিক্ষণকে কেন্দ্র করে বাচ্ছাদের মধ্যে যথেষ্ট উৎসাহ রয়েছে। ১০ দিনের প্রশিক্ষণে বড় পরিবর্তন না হলেও, শিশুদের মানসিক দৃঢ়তা ও শারীরিক সক্ষমতা বাড়লে আমরা ফের তাদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করতে পারব। তিনি আরও জানান, কোথাও অবৈধ অস্ত্রের চোরাচালান বাড়লেও সেখানে পুলিশের তৎপরতা ও নিজস্ব নেটওর্য়াক ঠিক থাকলে তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে সুবিধা হয়। এতে অপরাধের সংখ্যা কমে যায়। অপরাধ হতেই পারে, পুলিশ সতর্ক থাকলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেবে। সম্প্রতি দক্ষিণ হাওড়া এলাকার মধ্যে সংগঠিত অপরাধমূলক কাজের বিরুদ্ধে পুলিশ দ্রুত ব্যবস্থা নিয়েছে। ডোমজুড়ের যে হত্যাকান্ড হয় তার তদন্ত দ্রুততার সঙ্গে সম্পন্ন করা ও অপরাধে ব্যবহৃত আগ্নেয়াস্ত্র উদ্ধার করা সম্ভব হয়েছে। এছাড়াও আরও কয়েকটি অস্ত্র উদ্ধারের কাজও পুলিশ আধিকারিকরা যথেষ্ট দক্ষতার পরিচয় দিয়েছেন বলে তিনি জানান। এদিনের অনুষ্ঠানে হাওড়া সিটি পুলিশের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে উপস্থিত হয়েছিলেন বিশ্বকাপ জয়ী ভারতীয় অনুর্ধ ১৯ মহিলা ক্রিকেট দলের সদস্যা ঋষিতা বাসু ও এভারেস্ট পর্বত জয়ী পর্বত আরোহী মলয় মুখার্জি। এদিন হাওড়া সিটি পুলিশের কমিশনার প্রবীণ কুমার ত্রিপাঠী সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, একটা পরিধির মধ্যে দেখলে অনেকগুলো অস্ত্র উদ্ধার হয়েছে। একটা খুন হয়েছে। সেই কেস ডোমজুড় থানা অত্যন্ত দ্রুত সমাধান করেছে। ১ জন গ্রেফতার হয়েছে। এই মামলায় একটা পুকুর থেকে আগ্নেয়াস্ত্র উদ্ধার হয়েছে। এটা একটা ভাল সফলতা। অপরাধ, অস্ত্র এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যাওয়ার মতো ঘটনা ঘটতে পারে। আমাদের পুলিশ যদি সতর্ক থাকে তাহলে ব্যবস্থা নেওয়া সম্ভব হবে। শেষ ১৫ দিনে যেসব অস্ত্র উদ্ধার হয়েছে সেগুলি আমাদের দলের সামর্থের ফল। কোনও শহর গেটওয়ে হতে পারেনা। শহরে ঢোকার অনেক রাস্তা থাকে। তার মানে এটা নয় যে সেখান দিয়ে অস্ত্র ঢুকবে। তবে কখনও কখনও কোনও দল সক্রিয় হয় এবং তারা কোনও অপরাধ করার পরিকল্পনা করে। তখন অস্ত্র পাচার এবং অপরাধীদের আনাগোনা বেড়ে যায়। আমাদের সবসময় সতর্ক থাকতে হয়। এদিন হাওড়া সিটি

পুলিশের প্রতিষ্ঠা দিবস এবং পুলিশ দিবস। এই উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। এখানে প্রশিক্ষকরা ভাল করে প্রশিক্ষণ দিচ্ছেন। ১০ দিনের মধ্যে উল্লেখযোগ্য কোনও পরিবর্তন হবে না। এই সময়ের মধ্যে যদি শিশুদের শারীরিক সক্ষমতা এবং মানসিক শক্তি বাড়াতে পারা যায় তাহলে তাদের আবার প্রশিক্ষণ দেওয়া যাবে। এতে নিজেদের রক্ষা করতে ওরা সক্ষম হবে। এদিন হাওড়া সিটি পুলিশের রাইজিং ডে উপলক্ষ্যে লিলুয়া থানার উদ্যোগে হারিয়ে যাওয়া মোবাইল ফোন তাদের মালিকদের হাতে তুলে দেওয়া হয়। এদিন মোট ৫২টি মোবাইল ফোন তাদের মালিকদের ফিরিয়ে দেওয়া হয়। ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাওড়া সিটি পুলিশের ডিসি নর্থ অনুপম সিং, এসিপি আব্দুল গফফার, লিলুয়া থানার ভারপ্রাপ্ত অধিকারিক সঞ্জয় শ্রীবাস্তব ও অন্যান্য আধিকারিকরা।

পূর্ব রেলওয়ে

সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ ডিভিসন, কাইজার স্ট্রিট, কলকাতা-৭০০০১৪ মাত্র ৫ (পাঁচ) বছর সময়কালের জন্য শিয়ালদহ ডিভিসনের বিভিন্ন রেলওয়ে স্টেশনে স্পেশাল মাইনর ইউনিটের (এসএমইউ) জন্য মডিউলার ক্যাটারিং স্টলের মাধ্যমে ক্যাটারিং পরিষেবা প্রদান করার লাইসেন্সের বন্দোবস্তের জন্য ই-অকশন আহ্বান করছেন। অবস্থানের বিবরণ ওয়েবসাইটে পাওয়া যাবে। শুধুমাত্র ওয়েবসাইট **www.ireps.gov.in**-এর মাধ্যমে টেন্ডারদাতারা ই-অকশনে অংশগ্রহণ করতে পারবেন। লটের বিবরণ নিম্নরূপ ঃ **ক্রমিক নং; এসইকিউ নং; লট নং; স্টেশন ও যে ক্ষেত্রের জন্য সংরক্ষিত** নিম্নরূপ ঃ **১; এএ/১; সিএটিজি-এসডিএএইচ-এসএমএক্স-এসএমইউ-৩০-২২-১**; শিমুরালি ও সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত মহিলাদের জন্য সংরক্ষিত (মুসলিম/ক্রিশ্চান/শিখ/বৌদ্ধ/জরথুস্ত্রীয় (পার্সি)/জৈন)। **২; এএ/২; সিএটিজি- এসডিএএইচ-এসএমএক্স-এসএমইউ-৩১-২২-১**; শিমুরালি ও দারিদ্রসীমার নীচে বসবাসকারী (বিপিএল) মহিলাদের জন্য সংরক্ষিত। **৩; এএ/৩; সিএটিজি-এসডিএএইচ-এসএমএক্স-এসএমইউ-৩২-২২-১**; শিমুরালি ও অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত (ওবিসি) মহিলাদের জন্য সংরক্ষিত। **৪; এএ/৪; সিএটিজি-এসডিএএইচ-পিডিএক্স-এসএমইউ-৩৩-২৩-২**; পায়রাডাঙা ও তপসিল জাতিভুক্ত (এসসি) মহিলাদের জন্য সংরক্ষিত। **৫; এএ/৫; সিএটিজি-এসডিএএইচ-পিডিএক্স-এসএমইউ-৩৪-২২-১**; পায়রাডাঙা ও তপসিল উপজাতিভুক্ত (এসটি) যে কোন ব্যক্তির জন্য সংরক্ষিত। **৬; এএ/৬; সিএটিজি-এসডিএএইচ-কেএলএনপি-এসএমইউ-৩৬-২২-১**; কালীনারায়ণপুর ও শারীরিক/মানসিক প্রতিবন্ধী/দিব্যাঙ্গ শ্রেণীভুক্ত মহিলাদের জন্য সংরক্ষিত। **৭; এএ/৭; সিএটিজি-এসডিএএইচ-বিআইজে-এসএমইউ-৩৭-২২-১**; বীরনগর ও স্বাধীনতা সংগ্রামী, যুদ্ধে নিহতের বিধবা পত্নী, রেলকর্মীর বিধবা পত্নীদের যে কেউ, যে ব্যক্তিরা রেলওয়ে নিজের প্রয়োজনে জমি অধিগ্রহণ করার কারণে স্থানচ্যুত/বাস্তুচ্যুত তাঁদের জন্য সংরক্ষিত। **৮; এএ/৮; সিএটিজি-এসডিএএইচ-টিএইচপি-এসএমইউ-৩৮-২২-১**; তাহেরপুর ও মহিলা স্বাধীনতা সংগ্রামী, যুদ্ধে নিহতের বিধবা পত্নী, রেলকর্মীর বিধবা পত্নীদের যে কেউ, যে মহিলারা রেলওয়ে নিজের প্রয়োজনে জমি অধিগ্রহণ করার কারণে স্থানচ্যুত/বাস্তুচ্যুত তাঁদের জন্য সংরক্ষিত। **৯; এএ/৯; সিএটিজি-এসডিএএইচ-বিডিজেড-এসএমইউ-৩৯-২২-১**; বাদকুল্লা ও সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত যে কোন ব্যক্তির জন্য সংরক্ষিত (মুসলিম/ক্রিশ্চান/শিখ/বৌদ্ধ/জরথুস্ত্রীয় (পার্সি)/জৈন)। **১০; এএ/১০; সিএটিজি-এসডিএএইচ-বিডিজেড-এসএমইউ-৪০-২২-১**; বাদকুল্লা ও মহিলা স্বাধীনতা সংগ্রামী, যুদ্ধে নিহতের বিধবা পত্নী, রেলকর্মীর বিধবা পত্নীদের যে কেউ, যে মহিলারা রেলওয়ে নিজের প্রয়োজনে জমি অধিগ্রহণ করার কারণে স্থানচ্যুত/বাস্তুচ্যুত তাঁদের জন্য সংরক্ষিত। **১১; এএ/১১; সিএটিজি-এসডিএএইচ-বিজিএল-এসএমইউ-৪১-২২-১**; বগুলা ও সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত যে কোন ব্যক্তির জন্য সংরক্ষিত (মুসলিম/ক্রিশ্চান/শিখ/বৌদ্ধ/জরথুস্ত্রীয় (পার্সি)/জৈন)। **১২; এএ/১২; সিএটিজি-এসডিএএইচ-জিইডিই-এসএমইউ-৪২-২২-১**; গেদে ও তপসিল উপজাতিভুক্ত (এসটি) যে কোন ব্যক্তির জন্য সংরক্ষিত। **১৩; এএ/১৩; সিএটিজি-এসডিএএইচ-এইচএইচআর-এসএমইউ-৪৩-২২-১**; হৃদয়পুর ও তপসিল জাতিভুক্ত (এসসি) মহিলাদের জন্য সংরক্ষিত। **১৪; এএ/১৪; সিএটিজি-এসডিএএইচ-বিআইআরএ-এসএমইউ-৪৪-২২-১**; বিড়া ও তপসিল জাতিভুক্ত (এসসি) যে কোন ব্যক্তির জন্য সংরক্ষিত। **১৫; এএ/১৫; সিএটিজি-এসডিএএইচ-বিএনজে-এসএমইউ-৪৫-২২-১**; বনগাঁও জংশন ও তপসিল উপজাতিভুক্ত (এসটি) মহিলাদের জন্য সংরক্ষিত। **১৬; এএ/১৬; সিএটিজি-এসডিএএইচ-এমএজে-এসএমইউ-৪৬-২২-১**; মাঝেরগ্রাম ও তপসিল উপজাতিভুক্ত (এসটি) যে কোন ব্যক্তির জন্য সংরক্ষিত। **১৭; এএ/১৭; সিএটিজি-এসডিএএইচ-জিএন- এসএমইউ-৪৭-২২-১**; গোপালনগর ও স্বাধীনতা সংগ্রামী, যুদ্ধে নিহতের বিধবা পত্নী, রেলকর্মীর বিধবা পত্নীদের যে কেউ, যে ব্যক্তিরা রেলওয়ে নিজের প্রয়োজনে জমি অধিগ্রহণ করার কারণে স্থানচ্যুত/বাস্তুচ্যুত তাঁদের জন্য সংরক্ষিত। **১৮; এএ/১৮; সিএটিজি-এসডিএএইচ-টিকেএফ-এসএমইউ-৪৮-২২-১**; টাকি রোড ও শারীরিক/মানসিক প্রতিবন্ধী/দিব্যাঙ্গ শ্রেণীভুক্ত যে কোন ব্যক্তির জন্য সংরক্ষিত। **১৯; এএ/১৯; সিএটিজি-এসডিএএইচ-টিএএলএ-এসএমইউ-৪৯-২২-১**; টালা ও তপসিল উপজাতিভুক্ত (এসটি) যে কোন ব্যক্তির জন্য সংরক্ষিত। **২০; এএ/২০; সিএটিজি-এসডিএএইচ-বিবিআর-এসএমইউ-৫০-২২-১**; বাগবাজার ও তপসিল জাতিভুক্ত (এসসি) যে কোন ব্যক্তির জন্য সংরক্ষিত। **২১; এএ/২১; সিএটিজি-এসডিএএইচ-বিবিডিবি-এসএমইউ-৫১-২৩-১**; বিনয় বাদল দিনেশ বাগ ও শারীরিক/মানসিক প্রতিবন্ধী/দিব্যাঙ্গ শ্রেণীভুক্ত যে কোন ব্যক্তির জন্য সংরক্ষিত। **২২; এএ/২২; সিএটিজি-এসডিএএইচ-কেওয়াইপি-এসএমইউ-৫২-২৩-১**; কল্যাণপুর ও সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত মহিলাদের জন্য সংরক্ষিত (মুসলিম/ক্রিশ্চান/শিখ/বৌদ্ধ/জরথুস্ত্রীয় (পার্সি)/জৈন)। **২৩; এএ/২৩; সিএটিজি-এসডিএএইচ-এইচটি-এসএমইউ-৫৩-২৩-১**;হোটর ও তপসিল জাতিভুক্ত (এসসি) যে কোন ব্যক্তির জন্য সংরক্ষিত। **২৪; এএ/২৪; সিএটিজি-এসডিএএইচ-ডিএমইউ-এসএমইউ-৫৪-২৩-১**; ধামুয়া ও দারিদ্রসীমার নীচে (বিপিএল) বসবাসকারী যে কোন ব্যক্তির জন্য সংরক্ষিত। **২৫; এএ/২৫; সিএটিজি-এসডিএএইচ-এমজিটি-এসএমইউ-৫৫-২৩-১**; মগরাহাট ও মহিলা স্বাধীনতা সংগ্রামী, যুদ্ধে নিহতের বিধবা পত্নী, রেলকর্মীর বিধবা পত্নীদের যে কেউ, যে মহিলারা রেলওয়ে নিজের প্রয়োজনে জমি অধিগ্রহণ করার কারণে স্থানচ্যুত/বাস্তুচ্যুত তাঁদের জন্য সংরক্ষিত। **অবস্থান** ঃ সাইট প্লান অনুযায়ী (ক্রমিক নং ১ থেকে ২৫ প্রতিটির জন্য)। **বায়না মূল্য জমা** ঃ ৫% (ক্রমিক নং ১ থেকে ২৫ প্রতিটির জন্য)। **ই-অকশন-এর তারিখ ও সময়** ঃ ২০.০৯.২০২৩ দুপুর ১২.০০ টা (ক্রমিক নং ১ থেকে ২৫ প্রতিটির জন্য)।

(SDAH-165/2023-24)

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট **www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in**-এও পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway easternrailwayheadquarter

উত্তর পূর্ব সীমান্ত রেলের বৈদ্যুতীকরণের কাজ চলছে

মালিগাঁও, ১ সেপ্টেম্বর ঃ ফসিল ফুয়েলের উপর নির্ভরশীলতা হ্রাস করার উদ্দেশ্যে ভারতীয় রেলওয়ে বিশ্বের মধ্যে সর্ববৃহৎ গ্রিন রেলওয়ে হিসেবে গড়ে ওঠার লক্ষ্যে মিশন মোডে কাজ করছে। সম্পূর্ণ বৈদ্যুতিকীকরণের এক প্রচেষ্টায়, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ১৭৮৮.৫৮৪ আরকেএম (রুট কিলোমিটার)-এর বৈদ্যুতিকীকরণ অর্জন করতে সক্ষম হয়েছে, যা শূন্য কার্বন নির্গমন অর্জন করার লক্ষ্যের একটি অংশ হিসেবে সমগ্র নেটওয়ার্কের মোট ৪৩৪৮ আরকেএম-এর ৪১.১৩ শতাংশ। এই জোনটি ২০২৩-এর ডিসেম্বর মাসের মধ্যে নিজেদের সমগ্র রুট কিলোমিটার বৈদ্যুতিকীকরণ করার পরিকল্পনা করেছে। উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে মোট ২৯৭৫.২৩ কিমি রুটের বৈদ্যুতিকীকরণ করা হবে। উত্তর পূর্বাঞ্চলের মোট বৈদ্যুতিকীকরণ রুটের মধ্যে অসমের ৭৪৮.৪০৯ কিমি এবং মেঘালয়ের ৯.৫৮ কিমি ইতিমধ্যেই সম্পূর্ণ হয়েছে। ২০২৩-এর মার্চ মাসে মেঘালয় প্রথমবারের জন্য ইলেকট্রিক ট্রেন লাভ করে। এছাড়াও, উত্তর পূর্ব সীমান্ত রেলের অধিক্ষেত্রের অন্তর্গত বিহারে ২৮৫.৮৬৯ কিমি ও পশ্চিমবঙ্গে ৭৪৪.৭২৬ কিমি বৈদ্যুতিকীকরণ ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে। বৈদ্যুতিকীকরণের কাজ আরও দ্রুতগতিতে সম্পন্ন করার জন্য ইন্ডিয়ান রেলওয়ে কনস্ট্রাকশন ইন্টারন্যাশনাল লিমিটেড (ইরকন), রেল ইন্ডিয়া টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক সার্ভিস (রাইট্স), উত্তর পূর্ব সীমান্ত রেলওয়েকনস্ট্রাকশন এবং সেন্ট্রাল অর্গানাইজেশন ফর রেলওয়ে ইলেকট্রিফিকেশন (ক'র) উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের বৈদ্যুতিকীকরণের কাজ পর্যায় ক্রমিকভাবে সম্পাদন করছে। কয়েকটি মেজর সেকশনের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে আলিপুরদুয়ার ডিভিশনের নিউ কোচবিহার-গোলোকগঞ্জ-ধুবড়ি , তিনসুকিয়া ডিভিশনের সিমলুগুড়ি-ডিব্রুগড় , লামডিং ডিভিশনের কাটাখাল-ভৈরবী , কাটিহার ডিভিশনের রানিনগর- জলপাইগুড়ি-হলদিবাড়ি ও রঙিয়া ডিভিশনের হেলেম-হারমতি-নাহরলগুন।

NIQ, Govt. of West Bengal.
Tender is hereby invited by the Executive Engineer, PWD, Kolkata IT Division, Main Block, Ground Floor, Writers' Buildings, Kolkata-700001 from the eligible contractors for the following works. 1. Name of Work: "Provision for Temporary High Speed Internet Service during the programmes to be attended by VVIP at Dhanadhanya Auditorium, Alipore, Kolkata on 04th and 05th September, 2023 (Primary Internet Feed)" **[Job No. KIT/RW/094 of 23-24]. SHORT NOTICE INVITING QUOTATION (No-054/KIT/Q of 23-24).** Bid Submission Closing : **02.09.2023 up to 05.00 PM.** 2. Name of Work: "Provision for Temporary High Speed Internet Service during the programmes to be attended by VVIP at Dhanadhanya Auditorium, Alipore, Kolkata on 04th and 05th September, 2023 (Primary Internet Feed)" **[Job No. KIT/RW/095 of 23-24]. SHORT NOTICE INVITING QUOTATION (No-055/KIT/Q of 23-24).** Bid Submission Closing : **02.09.2023 up to 05.00 PM.** Corrigendum or Addendum if issued will be published only on website.
Sd/-Executive Engineer, PWD, Kolkata IT Division

বিজ্ঞাপনের অধিকারের জন্য ই-নিলাম

০৫ বছর সময়ের জন্য আলিপুরদুয়ার ডিভিশনে প্রাথমিক রক্ষণাবেক্ষণ থাকা বিভিন্ন ট্রেনের অভ্যন্তরীণ অংশে বিজ্ঞাপনের অধিকারের জন্য ই-নিলাম। **নিলাম ক্যাটালগ নং:** সি-এপি-ভিআর-০৮-২৩, **নিলাম শুরুর তারিখ ও সময় (প্রতিটি লট):** ১৩-০৯-২০২৩ তারিখের ১০.০০ ঘণ্টা, **নিলাম বন্ধের তারিখ ও সময়** ঃ ১৩-০৯-২০২৩ তারিখের ১১.২০ ঘণ্টা, **রেট ইউনিট** ঃ বার্ষিক লাইসেন্স মাসুল, **ট্রিপ/দিন** ঃ ১৮২৭।

এসইকিউ নং.	লট নং./ ক্যাটাগরি	বিবরণ
এএ/১	এডিভিটি-আইএনটি-১৩০৫১১-৫১৩-২২-১ (বিজ্ঞাপন-ট্রেনের ভেতরের অংশে)	ট্রেন নং. ০৫৪২১ (১৫৪২১), ০৫৪২২ (১৫৪২২), ০৫৪৬৫ (৫৫৪৬৫), ০৫৪৬৬ (৫৫৪৬৬), ১৫৪৬৩, ১৫৪৬৪, ১৫৪৬৭, ১৫৪৬৮ -এর ভেতরে ভিনাইল র‍্যাপিং
এএ/২	এডিভিটি-আইএনটি-১৩০০৩০-৫১১-২২-১ (বিজ্ঞাপন-ট্রেনের ভেতরের অংশে)	ট্রেন নং. ১৫৪৮৩/৮৪ -এর ভেতরে ভিনাইল র‍্যাপিং
এএ/৩	এডিভিটি-আইএনটি-১২৮৫৮৪-৫১২-২২-১ (বিজ্ঞাপন-ট্রেনের ভেতরের অংশে)	ট্রেন নং. ১৫৪১৭/১৮ -এর ভেতরে ভিনাইল র‍্যাপিং
এবি/১	এডিভিটি-ইবিডব্লিউ-১৩০০৩০-২২-২ (বিজ্ঞাপন-ট্রেনের বাইরের অংশ (জানালার নীচে))	ট্রেন নং. ১৫৪৮৩/১৫৪৮৪ -এর জানালার নীচে বাইরে ভিনাইল র‍্যাপিং
এবি/২	এডিভিটি-ইবিডব্লিউ-১৩০৫১১-২২-১ (বিজ্ঞাপন-ট্রেনের বাইরের অংশ (জানালার নীচে))	ট্রেন নং. ০৫৪২১ (১৫৪২১), ০৫৪২২ (১৫৪২২), ০৫৪৬৫ (৫৫৪৬৫), ০৫৪৬৬ (৫৫৪৬৬), ১৫৪৬৩, ১৫৪৬৪, ১৫৪৬৭, ১৫৪৬৮ -এর বাইরে ভিনাইল র‍্যাপিং
এবি/৩	এডিভিটি-ইবিডব্লিউ-১২৮৫৮৪-২২-২ (বিজ্ঞাপন-ট্রেনের বাইরের অংশ (জানালার নীচে))	ট্রেন নং. ১৫৪১৭/১৫৪১৮-এর জানালার নীচে বাইরে ভিনাইল র‍্যাপিং

বিভিন্ন ট্রেনের ভেতরের অংশে বিজ্ঞাপনের অধিকারের জন্য ই-নিলামের ক্যাটালগগুলি ইতিমধ্যে ২৮-০৮-২০২৩ তারিখে ই-নিলাম পোর্টাল **www.ireps.gov.in** -এ প্রকাশিত হয়েছে।

ডিআরএম (সি), আলিপুরদুয়ার জং.

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The **Executive Engineer(Civil), Br-IX, KMC** invites tender online percentage rate two bid system for the following works:
1. NIT No. : KMC/IX/078/032/2023-2024 (1st call) Name of work : **Maintenance of I.P.S Passage at 16, 17, 19, Momin Pore Road 13, 15, Mayurbhanj Road and its surrounding areas in ward no.-78.** Estimate Amount (incl. GST & CESS): **Rs. 4,99,762.35**. Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **60 Days.**
2. NIT No. : KMC/IX/078/041/2023-2024 (1st call) Name of work : **Repairing of existing drainage system at 4/1, 4/2, 4/3, B. K. Road (Disturbed by K.M.C. Water Supply Department) in ward no.-78.** Estimate Amount (incl. GST & CESS): **Rs. 2,86,348.39**. Earnest Money: **Rs. 5,750.00.** Period of Completion: **30 Days.** Last date and time of submission of bid: **14.09.2023** at **12 noon** (for sl. no. 1 & 2). Tender will be opened on: **16.09.2023** at **12 noon** (for sl. no. 1 & 2). The bid forms and other details are available on and from **02.09.2023** at **5 p.m.** (for sl. no. 1 & 2) from the website : **https://etender.wb.nic.in** (for sl. no. 1 & 2).

The **Executive Engineer(Civil)/Br.-VIII, KMC** invites E-tender online percentage rate two bid system for following works:
1. NIT No. : KMC/EE(C)/BR-VIII/090/013/2023-2024/D Name of work : **Restoration of footpath at Rash Behari Avenue from Lake View Road Xing to Sarat Bose Road Xing in ward no.-90.** Estimated Cost (Including GST & CESS): **Rs. 2,15,038.06**. Earnest Money: **Rs. 4,400.00.** Period of Completion: **45 Days.**
2. NIT No. : KMC/EE(C)/BR-VIII/068/14/2023-2024/R Name of work : **Restoration of paver block and IPS at Rash Behari Avenue, Ballygunge Station Road and other different places in ward no.-68, disturbed by CESC and Natural Wear and Tear.** Estimated Cost (Including GST & CESS): **Rs. 2,38,235.81**. Earnest Money: **Rs. 4,800.00.** Period of Completion: **60 Days.**
3. NIT No. : KMC/EE(C)/BR-VIII/083/015/2023-2024/R Name of work : **Development of drainage system and ancillary work at Charur Math from 19/1/1E I.G. St to 3/2B M.P. Lane in wd no. 083**. Estimated Cost (Including GST & CESS): **Rs. 1,49,605.49**. Earnest Money: **Rs. 3,000.00.** Period of Completion: **30 Days.**
4. NIT No. : KMC/EE(C)/BR-VIII/083/020/2023-2024/R Name of work : **Repairing, mending and colouring of Median Verge at R.B. Ave in between T.G. Rd., to S.P.M. Rd., in ward no.-83.** Estimated Cost (Including GST & CESS): **Rs. 1,34,165.62**. Earnest Money: **Rs. 2,700.00.** Period of Completion: **150 Days.**
5. NIT No. : KMC/EE(C)/BR-VIII/083/019/2023-2024/R Name of work : **Repairing of bustee privies at 124, 144, 146, 150 Kalighat Road etc in ward no.-83.** Estimated Cost (Including GST & CESS): **Rs. 2,49,763.10**. Earnest Money: **Rs. 5,000.00.** Period of Completion: **180 Days.**
6. NIT No. : KMC/EE(C)/BR-VIII/083/018/2023-2024/R Name of work : **Maintenance of sewer line at 34, 34/1 Mahim Halder Street, 114, 165 Kalighat Road etc in ward no.-83**. Estimated Cost (Including GST & CESS): **Rs. 1,99,669.04**. Earnest Money: **Rs. 4,000.00.** Period of Completion: **210 Days.** Last date and time of submission of bid: **15.09.2023** at **12 noon** (for sl. no. 1 to 6). Date of opening of tender: **19.09.2023** at **12 noon** (for sl. no. 1 to 6).
7. NIT No. : KMC/EE(C)/BR-VIII/088/020/2023-2024/D Name of work : **Restoration of disturbed paver block and I.P. foot-path at 184A S.P.M. Road, 32, 51A, 59/2A, 59/2B, P.D. Road, B/32B/H/1 S.M. Lane, 70A, C.M. Lane etc in wd no.-88, disturbed by CESC and Natural Wear and Tear**. Estimated Cost (Including GST & CESS): **Rs. 3,10,672.92**. Earnest Money: **Rs. 6,300.00.** Period of Completion: **60 Days.** Last date and time of submission of bid: **14.09.2023** at **12 noon**. Date of opening of tender: **16.09.2023** at **12 noon**. The bid forms and other details are available on and from **05.09.2023** at **5 p.m.** (for sl. no. 1 to 7) from the website : **https://etender.wb.nic.in** (for sl. no. 1 to 7).

The **Executive Engineer(C), Br-V, KMC** invites tender online percentage rate two bid system for following works:
1. NIT No. : KMC/EE(C)/Br-V/049/07/2023-2024 Name of work : **Repairing of bathing platform at different places in ward no.-49 under Borough-V.** Estimated cost (including GST, CESS): **Rs. 2,43,699.27**. Earnest Money: **Rs. 5,000.00.** Period of Completion: **45 Days.**
2. NIT No. : KMC/EE(C)/Br-V/049/11/2023-2024 Name of work : **Painting of roadside kerb stone at Raj.C. Ln, Akhil Mistry Ln etc in ward no.-49, Br-V.** Estimated cost (including GST, CESS): **Rs. 1,99,171.70**. Earnest Money: **Rs. 4,000.00.** Period of Completion: **30 Days.**
3. NIT No. : KMC/EE(C)/Br-V/048/21/2023-2024 Name of work : **Restoration of paver block footpath cutting by Lighting Department at R. R. Sarani in ward no.-48**. Estimated cost (including GST, CESS): **Rs. 1,44,687.08**. Earnest Money: **Rs. 3,000.00.** Period of Completion: **30 Days.**
4. NIT No. : KMC/EE(C)/Br-V/049/014/2023-2024 Name of work : **Restoration of IPS footpath and passages at J.M.M Row, Rajkumar Chakroborty Sarani etc in ward no.-49, Br-V**. Estimated cost (including GST, CESS): **Rs. 2,76,987.77**. Earnest Money: **Rs. 6,000.00.** Period of Completion: **45 Days.** Last date and time of submission of bid: **12.09.2023** at **11 a.m.** (for sl. no. 1 to 4). Date and time of opening of tender: **14.09.2023** at **11 a.m.** (for sl. no. 1 to 4). The bid forms and other details are available on and from **02.09.2023** at **5 p.m.** (for sl. no. 1 to 4) from the website : **https://etender.wb.nic.in** (for sl. no. 1 to 4).

The **Executive Engineer (Civil)/Borough-IV, KMC** invites E-tender online percentage rate two bid system for following works:
1. NIT No. : KMC/EE(C)/Br-IV/025/014/2023-2024 Name of work : **Repairs of latrines at 6, Tarak Pramanick Road and other places in ward-25.** Estimated Cost (including GST and CESS): **Rs. 1,99,187.13**. Earnest Money: **Rs. 4,000.00.** Period of Completion: **30 Days.**
2. NIT No. : KMC/EE(C)/Br-IV/022/008/2023-2024/D Name of work : **Repairs to footpath at both side of Kali Krishna Tagore Street in ward no.-022.** Estimated Cost (including GST and CESS): **Rs. 1,54,829.33**. Earnest Money: **Rs. 3,100.00.** Period of Completion: **21 Days.**
3. NIT No. : KMC/EE(C)/Br-IV/028/007/2023-2024/R Name of work : **Restoration of Southern side footpath of Yogipara Main Road disturbed by Water Supply Dept. in ward no.-28**. Estimated Cost (including GST and CESS): **Rs. 1,17,380.55**. Earnest Money: **Rs. 2,350.00.** Period of Completion: **30 Days.**
4. NIT No. : KMC/EE(C)/Br-IV/028/010/2023-2024/R Name of work : **Repairs of footpath and passage of H.N. De Rd., W.I. St., R.L. St., P.B. St., Federation St., Yogipara Main Rod., in ward no.-28.** Estimated Cost (including GST and CESS): **Rs. 2,76,735.33**. Earnest Money: **Rs. 5,550.00.** Period of Completion: **60 Days.**
5. NIT No. : KMC/EE(C)/Br-IV/028/011/2023-2024/R Name of work : **Repairs of footpath of A.P.C. Rd., Vivekananda Rd., C.W. Rd., Bipradas St., R.D. St. in ward no.-28.** Estimated Cost (including GST and CESS): **Rs. 3,47,041.30**. Earnest Money: **Rs. 6,950.00.** Period of Completion: **60 Days.**
6. NIT No. : KMC/EE(C)/Br-IV/028/015/2023-2024/R Name of work : **Renovation of paver blocked footpath at 259, 266, 267, 285, 286, 288/4, A.P.C. Rd. and others in ward no.-28.** Estimated Cost (including GST and CESS): **Rs. 1,33,779.00**. Earnest Money: **Rs. 2,700.00.** Period of Completion: **45 Days.**
7. NIT No. : KMC/EE(C)/Br-IV/021/S111/23-24/R Name of work : **Repairing of health centre at 26, Jorabagan Street in ward no.-21 under Borough-IV**. Estimated Cost (including GST and CESS): **Rs. 3,38,021.86**. Earnest Money: **Rs. 6,800.00.** Period of Completion: **30 Days.**
8. NIT No. : KMC/EE(C)/Br-IV/026/E100/23-24/R Name of work : **Renovation of sewer line from 133, Ramdulal Sarkar St towards Bethune Row including Jhama Metal in ward no.-26 under Borough-IV.** Estimated Cost (including GST and CESS): **Rs. 4,77,876.04**. Earnest Money: **Rs. 9,600.00.** Period of Completion: **35 Days.**
9. NIT No. : KMC/EE(C)/Br-IV/039/002/23-24/R Name of work : **Maintenance of drainage line at different places such as 4, Sambhu Chatterjee St. 18A, Balak Dutta, 63/H/1, M.M. Burman St. 4, Marcus Lane, 148/H/5, C.R. Avenue etc in ward no.-039, Br-IV.** Estimated Cost (including GST and CESS): **Rs. 1,98,704.00**. Earnest Money: **Rs. 4,000.00.** Period of Completion: **120 Days.** Last date and time of submission of bid: **12.09.2023** at **11 a.m.** (for sl. no. 1 to 9). The tender will be opened on: **14.09.2023** at **11 a.m.** (for sl. no. 1 to 9). The bid forms and other details are available on and from **01.09.2023** at **5 p.m.** (for sl. no. 1 to 9) from the website : **https://etender.wb.nic.in** (for sl. no. 1 to 9).

CORRIGENDUM
NIT No. : **KMC/LTG/CRM/SBG/08/2023-24 of LTG/CRM, Z-III, Deptt.** published in this Newspaper **(632/23-24)** on **25.08.2023**. NIT No. of Sl. No. 4 should be read as **NIT No. KMC/LTG/CRM/POL/2023-2024** instead of NIT No. KMC/LTG/CRM/SBG/08/2023-24

671/23-24

আজ টিম ইন্ডিয়ার প্রথম একাদশে থাকতে পারে চমক

ক্যান্ডি, ১ সেপ্টেম্বরঃ শনিবার এশিয়া কাপে মহারণ। ২২ গজের যুদ্ধে আরও একবার মুখোমুখি দুই চিরপ্রতিদ্বন্দ্বি প্রতিবেশী দেশ ভারত-পাকিস্তান। পাল্লেকেলে ম্যাচের দিন বৃষ্টির সম্ভাবনা থাকলেও উন্মাদনায় কিন্তু কোনও ঘাটতি নেই ক্রিকেট প্রেমিদের মধ্যে। ইতিমধ্যেই হাউজফুল পাল্লেকেলে স্টেডিয়াম। টিকিটের জন্য চলছে হাহাকার। কিন্তু মহাম্যাচে ভারতের প্রথম একাদশ কী হবে তা সেটাই কোটি টাকার প্রশ্ন ভারতীয় ক্রিকেট ফ্যানেদের মধ্যে। এখনও পর্যন্ত যা খবর যাতে ওপেনিংয়ে রোহিত শর্মা ও শুভমান গিলের জায়গা পাকা। বেঙ্গালুরু জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে অনুশীলনের সময়ও পাওয়া গিয়েছে সেই আভাস। ফলে ওপেনিং নিয়ে কোনও পরীক্ষার সম্ভাবনা নেই বলা যেতে পারে। এরপর যদি মিডল অর্ডারের কথায় আসি তাহলে তিন নম্বরে বিরাট কোহলির জায়গাও পাকা বলেই ধরা হচ্ছে। এই পজিশনে খেলতেই বেশি স্বাচ্ছ্যন্দ ভারতের প্রাক্তন অধিনায়ক। চারে ভাবা হচ্ছে শ্রেয়স আইয়ারকে। যদি মাঝে কোও বাঁ হাতি ব্যাটারকে আনার পরিকল্পনা হয় তাহলে শ্রেয়স আরও একধাপ পিছিয়ে যাবেন। এরপর কেএল রাহুল না থাকায় দলে উইকেটকিপার ব্যাটার হিসেবে খেলবেন ইশান কিশান। ইশান নামবেন পাঁচে। আর ছয়ে খেলবেন অলরাউন্ডার হার্দিক পান্ডিয়া। এরপর থেকেই তৈরি হচ্ছে সমস্যা। নীচের দিকে ভারতীয় দল দুই প্রধান পেসারের সঙ্গে হার্দিক পান্ডিয়াকে তৃতীয় পেসার হিসেবে রাখা হবে নাকি তিন প্রধান পেসার খেলবে তা নিয়ে প্রশ্ন থাকছে। তিন প্রধান পেসার খেললে জাদেজার সঙ্গে একজন স্পিনার খেলতে পারবে, আর দুই প্রধান পেসার খেললে জাদেজার সঙ্গে অক্ষর প্যাটেলও কুলদীপ যাদব দুজনেই খেলতে পারবেন।

এশিয়া কাপে বিরাট-রোহিতের চোখ বড় মাইলফলকে

দুরন্ত বার্তা প্রতিবেদন

এশিয়া কাপের সবচেয়ে সফল দল ভারত। আট বার এই ট্রফি জয়ের নজির রয়েছে মেন ইন ব্লু। ২ সেপ্টেম্বর থেকে নবম এশিয়া কাপ ট্রফি জয়ের লক্ষ্যে নেমে পড়বে ভারত। রোহিত শর্মা অ্যান্ড কোম্পানির নজরে শুধুই কি ট্রফি? এশিয়া কাপের খেতাব জয়ের পাশাপাশি একগুচ্ছ রেকর্ড বিরাট কোহলি, রোহিত শর্মাদের জন্য অপেক্ষা করছে। দলের সবচেয়ে সিনিয়র ও দুই তারকা ব্যাটার তাঁরা। রবীন্দ্র জাডেজাও অপেক্ষা করছেন একাধিক রেকর্ড পূরণ করার। এশিয়া কাপের রেকর্ড বুকে চোখ থাকবে শ্রেয়স আইয়ার, শুভমন গিলদেরও। শনিবার পাকিস্তানের বিরুদ্ধে এশিয়া কাপের মহারণ। বিরাট, রোহিত, জাডেজারা কোন কোন মাইলস্টোন গড়তে পারবেন তার বিস্তারিত রইল এই প্রতিবেদনে।

• **রোহিত শর্মা।** আগামী দুই থেকে তিনটে মাস রোহিত শর্মার জন্য খুব গুরুত্বপূর্ণ। পরপর বড় ইভেন্টে ভারতীয় দলকে নেতৃত্ব দেওয়ার গুরুদায়িত্ব তাঁর উপরে। ওডিআই ফরম্যাটের অন্যতম সেরা ব্যাটারের ১০ হাজার রানের মাইলস্টোন ছুঁতে লাগবে ১৬৩ রান। বর্তমানে ওডিআইতে রোহিতের রান সংখ্যা ২৪৪টি ম্যাচে ৪৮.৬৯ গড়ে ৯,৮৩৭। ৩০টি সেঞ্চুরি, ৪৮টি হাফ সেঞ্চুরি এবং সেরা স্কোর ২৬৪। ষষ্ঠ ভারতীয় ব্যাটার হিসেবে ১০ হাজার রানের মাইলস্টোন অপেক্ষা করছে রোহিতের জন্য।

• **বিরাট কোহলি।** রেকর্ড ভাঙাগড়া বিরাট কোহলির কাছে জলভাত। যে ফর্মে তিনি রয়েছেন তাতে এশিয়া কাপে বড়সড় রেকর্ড ভেঙে যেতে পারে। ওডিআইতে ১৩ হাজার রান পূর্ণ হওয়ার সামনে বিরাট। আর মাত্র ১০২ রান করলেই ১৩ হাজার ওডিআই রানের মালিক হয়ে যাবেন তিনি। দ্বিতীয় ভারতীয় হিসেবে এই নজির গড়বেন কোহলি। ২৭৫টি ম্যাচে ৫৭.৩২ গড়ে বিরাটের রান সংখ্যা এখন ১২,৮৯৮। ৪৬টি সেঞ্চুরি এবং ৬৫টি হাফ সেঞ্চুরি। সর্বাধিক স্কোর ১৮৩। একইসঙ্গে ২৬ হাজার আন্তর্জাতিক রানের মাইলস্টোন ছোঁয়ার অপেক্ষা করছেন বিরাট। তার জন্য প্রয়োজন ৪১৮ রান।

• **রবীন্দ্র জাডেজা।** দেশের শীর্ষ অলরাউন্ডার আন্তর্জাতিক ক্রিকেটে ৬ হাজার রানের মাইলস্টোন ছোঁয়ার অপেক্ষায়। ৩০৮টি ম্যাচের ২৫৩টি ইনিংসে ৩৩.৪৫ গড়ে ৫,৮২১ রান রয়েছে তাঁর। তিনটি সেঞ্চুরি এবং ৩২টি হাফ সেঞ্চুরি রয়েছে জাড্ডুর। ছয় হাজার রানে পৌঁছতে তার প্রয়োজন ১৭৯ রান।

• **শ্রেয়স আইয়ার।** ২০০০ ওডিআই রানের থেকে ৩৬৯ রান পিছিয়ে শ্রেয়স আইয়ার। ৪২টি ম্যাচে ৪৬.৬০ গড়ে ওডিআইতে তাঁর রানসংখ্যা ১৬৩১। দুটি সেঞ্চুরি এবং ১৪টি হাফ সেঞ্চুরি রয়েছে।

• **শুভমন গিল।** ২০২২ থেকে ২০২৩ সালের এখনও পর্যন্ত আন্তর্জাতিক ক্রিকেটে শুভমন গিলের পারফরম্যান্স তাক লাগিয়ে দেয়। বিশেষ করে ওডিআই ফরম্যাটে। ২০০০ রান ছুঁতে গিলের প্রয়োজন ৫৬৩ রান। এশিয়া কাপে কি এই মাইলস্টোন ছুঁয়ে ফেলবেন তিনি?

• **কুলদীপ যাদব।** দারুণ ছন্দে রয়েছেন ভারতের একমাত্র চায়নাম্যান বোলার। ১৫০টি ওডিআই উইকেটের জন্য কুলদীপের আর নয়টি উইকেট প্রয়োজন। ১২৪টি আন্তর্জাতিক ম্যাচে কুলদীপের ২২৭টি উইকেট রয়েছেন। এশিয়া কাপে আড়াইশো আন্তর্জাতিক উইকেটের লক্ষ্য পূরণ করতে পারবেন?

দাবা বিশ্বকাপের রুপো নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ প্রজ্ঞানন্দর

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বরঃ প্রজ্ঞানন্দ দেশে ফিরেছেন গত বুধবার। চেন্নাই বিমানবন্দরে তাঁকে দারুণভাবে স্বাগত জানানো হয়। শেষ বার দাবাড়ুদের মধ্যে বিশ্বনাথন আনন্দের জন্য এমন ভিড় দেখেছিল চেন্নাই। ১৮ বছরের রমেশবাবু প্রজ্ঞানন্দের সাফল্য সাধারণ মানুষকে টেনে এনেছিল বিমানবন্দরে। দেশে ফেরার পর ক্রীড়ামন্ত্রকের তরফে প্রজ্ঞানন্দকে সংবর্ধনা দেওয়া হয়। ক্রীড়ামন্ত্রী অনুরাগ ঠাকুর দেশের দাবার সেরা সম্ভাবনাকে উত্তরীয় পরিয়ে, মেমেন্টো দিয়ে সংবর্ধনা জানান। ক্রীড়ামন্ত্রকের পাশাপাশি প্রজ্ঞানন্দ আমন্ত্রণ পেয়েছিলেন প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদির সঙ্গে সাক্ষাতের। বৃহস্পতিবার বাবা ও মাকে সঙ্গে নিয়ে গ্র্যান্ডমাস্টার পৌঁছে যান প্রধানমন্ত্রীর বাসভবনে। ক্রীড়াপ্রেমী প্রধানমন্ত্রীকে দাবা বিশ্বকাপের রুপো পদক দেখান প্রজ্ঞানন্দ। ছবিগুলি প্রজ্ঞানন্দের পেজ থেকে শেয়ার করা হয়েছে। দেশের দাবা সেনসেশনের সঙ্গে আলোচনা করতে দেখা গিয়েছে প্রধানমন্ত্রীকে। প্রজ্ঞা সেইসব ছবি

শেয়ার করে লিখেছেন, 'প্রধানমন্ত্রীর বাসভবনে তাঁর সঙ্গে সাক্ষাৎ করে খুব সম্মানিতবোধ করছি। আমাকে এবং আমার বাবা-মাকে বলা কথাগুলোর জন্য ধন্যবাদ।' প্রজ্ঞানন্দের পোস্ট প্রধানমন্ত্রীর এক্স পেজ থেকে শেয়ার করে লেখা হয়েছে, 'সন্ধ্যা সাতটার সময় একজন বিশেষ অতিথি এসেছিলেন। তুমি ও তোমার পরিবারের সঙ্গে দেখা করে ভালো লেগেছে। তোমার অধ্যবসায়, ব্যক্তিত্ব উদাহরণ দেওয়ার মতো। তুমি দেখিয়েছ, কীভাবে দেশের তরুণরা যে কোনও মঞ্চে সাফল্য পেতে পারে। তোমার জন্য গর্বিত!' দাবা বিশ্বকাপে প্রজ্ঞানন্দের সর্বক্ষণের সঙ্গী ছিলেন তাঁর মা নাগালক্ষ্মী। বোন বৈশালীর সঙ্গে চেন্নাইয়ের বাড়ি থেকে প্রজ্ঞার সাফল্য কামনা করেছেন তাঁর বাবা রমেশবাবু। প্রধানমন্ত্রীর তরফে তাঁরাও আমন্ত্রণ পেয়েছিলেন। ছেলেকে বিশ্বসেরা দাবাড়ু তৈরি করতে কতটা পরিশ্রম করেছে তা বিভিন্ন সাক্ষাৎকারে জানিয়েছেন নাগালক্ষ্মী। শিল্পপতি আনন্দ মাহিন্দ্রা ঘোষণা করেছেন, প্রজ্ঞানন্দ নয়, নাগালক্ষ্মী ও রমেশবাবুর হাতে তুলে দেবেন XUV400 EV গাড়ির চাবি। এতে অভিভাবকরা খেলাধুলোয় ছেলেমেয়েদের অংশ নিতে উৎসাহবোধ করবেন।

নীরজ জুরিখ ডায়মন্ড লিগে দ্বিতীয়, পঞ্চম স্থানে শেষ করলেন শ্রীশঙ্কর

জুরিখ, ১ সেপ্টেম্বরঃ একের পর এক ইভেন্ট। এতদিনের প্রতীক্ষা ছিল অ্যাথলেটিক বিশ্ব চ্যাম্পিয়নশিপ। ভারতের জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়ার ফোকাস ছিল এই ইভেন্টেই। পাখির চোখেই নিশানা লাগিয়েছিলেন। দেশের প্রথম অ্যাথলিট হিসেবে বিশ্ব চ্যাম্পিয়নশিপের ট্র্যাক অ্যান্ড ফিল্ডে সোনা জিতেছেন। গত কয়েক বছরে একের পর এক সাফল্যের সিঁড়ি পার করেছেন দেশের গর্ব নীরজ চোপড়া। টোকিও অলিম্পিকে সোনার পদকে ইতিহাস গড়েছিলেন। দেশের অপ্রাপ্তি ছিল অ্যাথলেটিক্স বিশ্ব চ্যাম্পিয়নশিপে সোনা। সেই স্বপ্ন সত্যি করেছেন ক'দিন হল। এর আগে ডায়মন্ড লিগের বেশ কিছু ইভেন্টের পাশাপাশি চ্যাম্পিয়নও হয়েছেন। ডায়মন্ডের নতুন লিগে এ দিন জুরিখ পর্বে নেমেছিলেন নীরজ চোপড়া। বিশ্ব চ্যাম্পিয়ন নীরজের পাশাপাশি নজর ছিল লং জাম্পে ভারতের মুরলি শ্রীশঙ্করের দিকে। ডায়মন্ড লিগের জুরিখ পর্বে দ্বিতীয় হলেন নীরজ। শ্রীশঙ্কর

পঞ্চম। ক্লান্ত নীরজ চোপড়া শুরু করলেন ৮০.৭৯ মিটার ছুড়ে। সদ্য বিশ্ব চ্যাম্পিয়নশিপের মতো বড় ইভেন্টে চ্যাম্পিয়ন হয়েছেন, দেশের হয়ে ইতিহাস গড়েছেন। ডায়মন্ড লিগে এ বারের সংস্করণে অপরাজিত নীরজ। জুরিখে আরও একটা বড় ইভেন্টে দ্বিতীয় ও তৃতীয় থ্রো অবশ্য ফাউল হল। চতুর্থ রাউন্ডে প্রত্যাবর্তন। ৮৫.২২ মিটার থ্রো করেন নীরজ। পঞ্চম থ্রোয়ে ফের ফাউল। ষষ্ঠ অর্থাৎ ফাইনাল থ্রো-তে ৮৫.৭১ মিটার ছুড়ে দ্বিতীয় স্থানে শেষ করলেন বিশ্ব চ্যাম্পিয়ন নীরজ চোপড়া। শীর্ষস্থান দখল করেন সদ্য বিশ্ব চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ পাওয়া চেক প্রজাতন্ত্রের জ্যাকুব ভাদলেচ। তিনি ছুড়েছেন ৮৫.৮৬ মিটার। নীরজ সামান্য ব্যবধানে দ্বিতীয়। জার্মানির জুলিয়েন ওয়েবার ৮৫.০৪ মিটারে তৃতীয়। ডায়মন্ড লিগে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন নীরজ চোপড়া। এ বারও ফাইনাল নিশ্চিত করেছেন। ১৭ সেপ্টেম্বর মার্কিন যুক্তরাষ্ট্রের ইউজিনে ফাইনাল। এ মরসুমের ডায়মন্ড লিগে দোহা, লসেন পর্বে জিতেছেন নীরজ। বিশ্ব চ্যাম্পিয়নশিপে ৮৮.১৭ মিটার ছুড়ে সোনা জিতেছেন। জুরিখে যে সঙ্গী ছিল ক্লান্তি, এ বিষয়ে সন্দেহ নেই। একশো শতাংশ দিতে পারেননি নীরজ। জুরিখে ইভেন্টের আগে সাংবাদিক সম্মেলনে নীরজ জানিয়েছিলেন, বিশ্ব চ্যাম্পিয়নশিপের পর থেকেই কাঁধ এবং পিঠে ব্যাথা হচ্ছে তাঁর। পুরো ফিট না থাকা সত্ত্বেও দ্বিতীয় স্থান, সহজ নয়।

মেসির প্রতি 'অগাধ শ্রদ্ধা' জকোভিচের

নিউ ইয়র্ক, ১ সেপ্টেম্বরঃ দুজন দুই খেলার, তবে দুজনই জীবন্ত কিংবদন্তি। লিওনেল মেসি ফুটবলার আর নোভাক জকোভিচ টেনিস খেলোয়াড়। খেলার মাঠে বা কোর্টে তাই এই দুই কিংবদন্তির দেখা হওয়ার কোনও সুযোগ নেই। এরপরও মেসি ও জকোভিচের দুবার দেখা হয়েছে। মেসি-জকোভিচের সর্বশেষ দেখা হয়েছে নিউইয়র্কে। যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের দল ইন্টার মায়ামিতে লেখানো মেসি এখন স্ত্রী-সন্তানদের নিয়ে মায়ামিতে থাকেন। আর জকোভিচ ইউএস ওপেনে খেলতে গেছেন যুক্তরাষ্ট্রে। ইউএস ওপেনের ব্যস্ততার এক ফাঁকে জকোভিচ একটা সন্ধ্যা কাটিয়েছেন মেসির সঙ্গে। দুজনে প্রায় ১৫ মিনিট গল্প করেন। মেসির সঙ্গে

কী কথা হয়েছিল জকোভিচের আর আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী অধিনায়কের সঙ্গে গল্প করে কেমন লাগল-এসব নিয়ে জকোভিচ কথা বলেছেন বার্নাবে জাপাতা মিরালেসকে ৬-৪, ৬-১ ও ৬-১ গেমে হারানো ম্যাচের পর সংবাদ সম্মেলনে। মেসির সঙ্গে গল্প করে মুগ্ধ জকোভিচ বলেছেন, ''আমাদের এটা দ্বিতীয় দেখা। সবকিছু নিয়ে আমরা ১৫ মিনিট কথা বলেছি। আমি আবারও তার সঙ্গে দেখা করতে চাই। খেলা নিয়ে আরও অনেক কথা বলতে চাই। মেসি ফেনোমেনন। সে দারুণ এক চ্যাম্পিয়ন, তার প্রতি অগাধ শ্রদ্ধা আমার।'' ইন্টার মায়ামিতে নাম লেখানোর পর মেসি দলটির হয়ে এখন পর্যন্ত ১০টি ম্যাচ খেলেছেন। গোল করেছেন ১১টি। এরই মধ্যে জিতেছেন লিগস কাপের শিরোপা। যেটি ইন্টার মায়ামির ইতিহাসেরই প্রথম শিরোপা। মেসিকে হাতছানি দিচ্ছে আরও একটি শিরোপা, আগামী ২৭ সেপ্টেম্বর ইউএস ওপেন কাপের ফাইনালে হিউসটন ডায়নামো এফসির বিপক্ষে খেলবে তাঁর দল ইন্টার মায়ামি।

আইসিসির কাছে আর্জি আফগান মহিলা ক্রিকেটারদের

কাবুল, ১ সেপ্টেম্বরঃ চোখের সামনে একের পর এক তরতাজা প্রাণ চলে যাচ্ছে। যে দৃশ্য সারা বিশ্বকে নাড়িয়ে দিয়েছিল। ছবিটা আফগানিস্তানের। বছর দু'য়েক আগে আফগানিস্তানের রাজধানী কাবুল দখব করেছিল তালিবান। আফগানিস্তানে তার পর থেকে চলছে তালিবান শাসন। ২০২১ সালের ১৫ আগস্টের পর আফগানিস্তানের পরিস্থিতি আগের মতো নেই। তালিবান ক্ষমতায় আসতেই সেখানকার বহু নাগরিক ঘর-বাড়ি ছেড়ে অন্যত্র পালিয়ে যান। তাঁদের মধ্যে রয়েছেন আফগান মহিলা ক্রিকেটাররাও। রশিদ খান, মহম্মদ নবিরা দেশের হয়ে এবং বিভিন্ন ফ্র্যাঞ্চাইজি লিগে খেলছেন। কিন্তু আফগান মহিলা ক্রিকেটাররা দেশের হয়ে খেলার সুযোগ পাচ্ছেন না। এ বার ক্রিকেটের সর্বোচ্চ নিয়ামক সংস্থা, আইসিসির কাছে ক্রিকেট খেলার আর্জি জানাল আফগান মহিলা ক্রিকেটাররা। সংবাদ সংস্থাকে দেওয়া এক সাক্ষাৎকারে এক আফগান মহিলা ক্রিকেটার ফিরোজা আমিরি বলেন, ''সপ্তাহ দু'য়েক আগে তালিবানের ক্ষমতা দখলের ২ বছর পূর্তি হয়েছে। যা আমাদের জন্য কালো দিবস ছিল।'' তালিবান আফগানিস্তানের ক্ষমতায় আসার পর অনেকের মতো আমিরি এবং তাঁর পরিবার সেখান থেকে পালিয়ে যায়। তাঁর বাড়ি ছিল আফগানিস্তানের তৃতীয় বৃহত্তম শহর হেরাতে।

পদ্মশ্রী শৈলেন মান্নার জন্ম শতবর্ষ অনুষ্ঠান হল ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে। মোহনবাগান অ্যাথলেটিক ক্লাব ও কালীঘাট স্পোর্টস লাভার অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে। উপস্থিত ছিলেন মাননীয়া অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, সাংসদ ডাঃ শান্তনু সেন, টুটু বসু, বাবুন ব্যানার্জি, দেবাশীষ দত্ত অনেক ফুটবলার সুব্রত ভট্টাচার্য, বিদেশ বসু ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। কেক কেটে শৈলেন মান্নার মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করা হয়। -ছবি সুবল সাহা

ফের নায়ক রিঙ্কু সিং, ছক্কার হ্যাটট্রিকে জেতালেন ম্যাচ

কানপুর, ১ সেপ্টেম্বরঃ উত্তরপ্রদেশ টি ২০ লিগ শুরু হয়েছে। টুর্নামেন্টের শুরুতেই ম্যাজিক আলিগড়ের ফিনিশার কিং রিঙ্কু সিং। মিরাট মাভেরিকসের হয়ে প্রথম ম্যাচে রিঙ্কুকে দেখা গেল ২০২৩ আইপিএলের অবতারে। একের পর এক ছক্কায় সুপার ওভারে দলকে জেতালেন এই বিধ্বংসী ব্যাটার। সুপার ওভারে তাঁর ছক্কার হ্যাটট্রিকে কাশী রুদ্রাসকে হারিয়েছে মিরাট মাভেরিক্স। জয়ের জন্য মাভেরিক্সের প্রয়োজন ছিল ১৭ রান। রিঙ্কু ও দিব্যাংশ জোশীর ব্যাটে জিতে যায় তারা। প্রথম বলে রান পাননি রিঙ্কু। কিন্তু পরের তিন বলে এই বাঁ হাতি ব্যাটারকে পরিচিত ছন্দে দেখা গিয়েছে। ২০২৩ আইপিএল তাঁকে ফিনিশার কিং, সিক্সার কিং-এমন অনেক নাম দিয়েছে। নামের প্রতি সুবিচার করলেন রিঙ্কু। আইপিএলের পরপর বিশ্ব জুড়ে একের পর এক টি ২০ লিগ চলছে। ভারতের বিভিন্ন রাজ্যে নতুন নতুন টি ২০ লিগ শুরু হচ্ছে। উত্তরপ্রদেশে শুরু হয়েছে টি ২০ লিগ। টুর্নামেন্ট শুরু হয়েছে ৩০ আগস্ট থেকে। ৬টি টিমের এই টুর্নামেন্টের জন্য ভারতীয় ক্রিকেটের বেশ কয়েকজন জনপ্রিয় ক্রিকেটার অংশ নিয়েছেন। রিঙ্কু সিং তাঁদের মধ্যে একজন। মিরাট মাভেরিক্সের হয়ে খেলছেন রিঙ্কু। শুক্রবার লিগের তৃতীয় ম্যাচে মুখোমুখি হয়েছিল মিটার মাভেরিক্স ও কাশী রুদ্রাস। টি ২০ ম্যাচটি টাই

হয়ে যায়। এরপর সুপার ওভার। কাশী প্রথমে ব্যাট করে ১৬ রান তোলে। সুপার ওভারের তুলনায় বড় স্কোর বলাই যায়। চ্যালেঞ্জ সামলাতে মাভেরিক্স পাঠায় তাদের তুরুপের তাস রিঙ্কু সিংকে। কাশীর স্পিনার শিবা সিংয়ের বিরুদ্ধে প্রথম বলে কোনও রান করতে পারেননি রিঙ্কু। লক্ষ্য দাঁড়ায় পাঁচ বলে ১৭ রান। রিঙ্কু দ্বিতীয় বলে লং অফে ছক্কা হাঁকান। পরের বলে মিড উইকেট দিয়ে বাউন্ডারি লাইনের বাইরে পাঠান বল। এরপর লং অফে আরও একটি ছয় হাঁকিয়ে দলকে সুপার ওভারে জিতিয়ে দেন তিনি। অথচ সুপার ওভারে নায়ক বনে যাওয়া রিঙ্কু ম্যাচে রান তুলতে হিমশিম খাচ্ছিলেন। মিরাট প্রথমে ব্যাটিং করে ৪ উইকেটে ১৮১ রান তোলে। রিঙ্কু সিং ২২ বলে মাত্র ১৫ রান করেন। অথচ সুপার ওভারে ৪ বল খেলে ১৮ রান করলেন রিঙ্কু।

সেরা কোচের পুরস্কার বিশ্বকাপজয়ী স্পেনকে উৎসর্গ করলেন ইংল্যান্ড কোচ

মোনাকো, ১ সেপ্টেম্বরঃ প্রথমবারের মতো ফিফা বিশ্বকাপ জিতলেও স্পেনের মেয়েদের জন্য সময়টা নিখাদ উপভোগ্য যাচ্ছে না। ফাইনালের পর পুরস্কার প্রদানমঞ্চে স্পেন ফুটবল ফেডারেশনের (আরএফইএফ) সভাপতি লুইস রুবিয়ালেসের 'চুমু-কাণ্ডের' জেরে অস্বস্তির হাওয়ার বইছে দেশটির ফুটবলে। বিশ্বকাপ জিতেও স্বস্তিদায়ক পরিবেশ না পাওয়া স্পেনের মেয়েদেরকে এবার নিজের উয়েফা বর্ষসেরা কোচের পুরস্কার উৎসর্গ করেছেন সারিনা ভাইগমান। ভাইগমান ২০২৩ মহিলা বিশ্বকাপে ইংল্যান্ডের কোচ ছিলেন। ২০ আগস্ট সিডনিতে তাঁর দলকে ১-০ ব্যবধানে হারিয়েই শিরোপা জেতে স্পেন। ৫৩ বছর বয়সী ভাইগমানকে এই বছরের উয়েফা বর্ষসেরা কোচের (মহিলা) পুরস্কার তুলে দেওয়া হয় বৃহস্পতিবার চ্যাম্পিয়নস লিগের ড্র অনুষ্ঠানে। মোনাকোতে আয়োজিত এই অনুষ্ঠানে বিচ্ছিন্নভাবে স্প্যানিশ ফুটবলের বর্তমান অস্বস্তিকর পরিবেশের কথা উঠে আসে। বিশ্বকাপ ফাইনালের পুরস্কারমঞ্চে হেনি হেরমোসোকে চুমু দেওয়া নিয়ে স্প্যানিশ ফুটবলে যে ঝড় উঠেছে, তা আপাতত ফিফার

উয়েফা বর্ষসেরার পুরস্কার হাতে বাঁ থেকে) দাঁড়ানো আর্লিং হলান্ড (বর্ষসেরা পুরুষ খেলোয়াড়), অ্যাইতেন বোনমাতি (বর্ষসেরা মহিলা খেলোয়াড়), আলেক্সান্দার সেফারিন (উয়েফা সভাপতি), সারিনা ভাইগমান (বর্ষসেরা মহিলা কোচ) ও মিরোস্লাব ক্লোসা (প্রেসিডেন্টস অ্যাওয়ার্ড)।

নির্দেশনার পর কিছুটা স্তিমিত আছে। ভুক্তভোগী হেরমোসোর 'সম্মতিবিহীন চুমু'র দাবিকে 'মিথ্যা' উল্লেখ করে পাল্টা আইনি ব্যবস্থার হুমকি দিয়েছিল স্পেনের ফুটবল ফেডারেশন। এর কয়েক ঘণ্টা পরই রুবিয়ালেসকে সংস্থাটির প্রধানের পদ থেকে সাময়িকভাবে নিষিদ্ধ করে ফিফা। বর্তমানে ফিফার ডিসিপ্লিনারি কমিটিতে রুবিয়ালেসের বিষয়ে একটি শাস্তিমূলক কার্যক্রমের উদ্যোগ চলমান। পরবর্তী সময়ে চূড়ান্ত সিদ্ধান্ত জানানো হবে বলে জানিয়েছে বিশ্ব-ফুটবলের নিয়ন্ত্রক সংস্থাটি। চলতি বছর ইংল্যান্ডকে ফিনালিসিমা ও ইউরো জেতানোর পর বিশ্বকাপ রানার্সআপ করা ভাইগমান সেরা কোচের পুরস্কার হাতে নিয়ে স্প্যানিশ ফুটবলের বর্তমান পরিস্থিতি নিয়ে বলেন, ''স্প্যানিল দল নিয়ে কী ঘটছে, আমরা সবাই জানি। এটা একজন কোচ হিসেবে, দুই কন্যার মা হিসেবে, একজন স্ত্রী হিসেবে এবং মানুষ হিসেবে আমাকে ব্যথিত করছে।'' বর্ষসেরা কোচের পুরস্কার স্পেনের বিশ্বকাপজয়ী দলকে উৎসর্গ করে ডাচ এই কোচ বলেন, ''ফুটবল অনেক এগিয়েছে। তবে মেয়েদের ফুটবল ও সমাজের সামনে এগোনোর অনেক পথ বাকি আছে। এই পুরস্কার আমি স্পেন দলকে উৎসর্গ করতে চাই, যে দলটা বিশ্বকাপে দারুণ ফুটবল খেলেছে। এই দলটা উদযাপনের উপলক্ষ হওয়ার এবং তাদের কথা শোনানোর অধিকার রাখে। আমি ওদেরকে বড় করে হাততালি দিচ্ছি, আশা করি, আপনারাও যোগ দেবেন।''

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501